# গঠন ও নিয়ম

বাংলাদেশ স্কাউটস

# গঠন ও নিয়ম
## বাংলাদেশ স্কাউটস

স্বত্ব ঃ বাংলাদেশ স্কাউটস

প্রকাশক ঃ আরশাদুল মুকাদ্দিস
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস

মুদ্রণ ঃ সুপার অপসেট প্রিন্টার্স লিঃ
১০২/১, আরামবাগ
মতিঝিল, ঢাকা-১০০০

প্রথম প্রকাশ ঃ আষাঢ় ১৬৯৪/ জুলাই, ১৯৮৭
দ্বিতীয় সংস্করণ ঃ বৈশাখ, ১৪০১/ মে, ১৯৯৪
তৃতীয় সংস্করণ ঃ আষাড়, ১৪০৬/ জুন, ১৯৯৯
চতুর্থ সংস্করণ ঃ আশ্বিন, ১৪১০/ সেপ্টেম্বর, ২০০৩
পঞ্চম সংস্করণ ঃ জ্যৈষ্ঠ, ১৪১৪/ জুলাই, ২০০৭
ষষ্ঠ সংস্করণ ঃ চৈত্র, ১৪১৮/ এপ্রিল, ২০১২
সপ্তম সংস্করণ ঃ ভাদ্র, ১৪২৫/ আগস্ট, ২০১৮
(বাংলাদেশ স্কাউটস এর জাতীয় কাউন্সিলের
সর্বশেষ ৪৬তম বার্ষিক সাধারণ সভায়
গৃহীত সংশোধনীসহ)

**মুল্য ঃ ৬৫ (পয়ষট্টি) টাকা মাত্র**

# প্রস্তাবনা

বাংলাদেশ স্কাউটস দেশের শিশু, কিশোর ও যুবদের সৎ চরিত্রবান আত্মপ্রত্যয়ী ও সুনাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বর্তমানে দেশে স্কাউট সদস্য সংখ্যা প্রায় ১৭ লক্ষ। এ আন্দোলন পরিচালনার জন্য রয়েছে সুবিন্যস্ত 'গঠন ও নিয়ম' যা বাংলাদেশ স্কাউটস এর গঠনতন্ত্র।

সময়ের চাহিদা ও যুগের প্রয়োজনে অনেক সময় এই দলিলের পরিবর্তন ও পরিবর্ধণের একান্ত প্রয়োজন হয়ে পড়ে। বাংলাদেশ স্কাউটস এর বিগত ৪২, ৪৫ ও ৪৬ তম জাতীয় কাউন্সিল সভায় 'গঠন ও নিয়ম' এর কিছু সংশোধনী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উক্ত সংশোধনীসহ বাংলাদেশ স্কাউটস এর এই 'গঠন ও নিয়ম' এর সপ্তম সংস্করণ প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত।

'গঠন ও নিয়ম' এর এই সংশোধিত নতুন সংস্করণ বাংলাদেশ স্কাউটস এর সকল পর্যায়ের সাংগঠনিক কার্যক্রমকে গতিশীল করার পাশাপাশি আগামী দিনের উদ্ভূত সমস্যার কার্যকর ব্যাখ্যা প্রদানে সক্ষম হবে বলে আমি মনে করি। প্রত্যেক স্কাউটারের দায়িত্ব 'গঠন ও নিয়ম' নিয়মিত অনুসরণ করা এবং এর আলোকে সংগঠনকে পরিচালিত করা। এক্ষেত্রে আমি সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

আমি আশা করি দেশে স্কাউটিং কার্যক্রম আরো সম্প্রসারিত ও বেগবান হবে।

**(মোঃ আবুল কালাম আজাদ)**
সভাপতি
বাংলাদেশ স্কাউটস

# মুখবন্ধ

স্কাউটিং দেশ জাতি-ধর্ম নির্বিশেষে শিশু-কিশোরদের শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক উৎকর্ষ সাধনের মাধ্যমে তাদের ব্যক্তি জীবনে প্রতিষ্ঠিত হবার সুযোগ দান করে এবং তাদের এই ব্যক্তি চরিত্র সমাজ ও রাষ্ট্রের উন্নয়নে সহায়ক ভূমিকা রাখে। বাংলাদেশ স্কাউটস দেশের এই শিশু-কিশোর ও যুবদেরকে প্রকৃত মানুষ তৈরীর মহান দায়িত্ব পালন করে যাচ্ছে। বিশ্ব স্কাউট সংস্থার সদস্য হিসেবে বাংলাদেশ স্কাউটস দেশের একটি জাতীয় সংগঠন। আর এই সংগঠনের একটি গঠনতন্ত্র রয়েছে যার নাম 'গঠন ও নিয়ম'। ইউনিট, উপজেলা, জেলা, অঞ্চল ও জাতীয় পর্যায়ের সকল সাংগঠনিক ও স্কাউটিং কার্যক্রম এই 'গঠন ও নিয়ম' এর বিধি বিধান অনুসারে পরিচালিত হয়।

সময়ের চাহিদার আলোকে বিধি বিধানের পরিবর্তন, পরিবর্ধন সংযোজন ও বিয়োজনের প্রয়োজন হয়। তাই বাংলাদেশ স্কাউটসকে আরো শক্তিশালী করার লক্ষ্যে জাতীয় কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে গঠন ও নিয়মের কিছু ধারা ও উপধারার সংশোধন করা হয়। বাংলাদেশ স্কাউটস এর 'গঠন ও নিয়ম' এর সর্বশেষ সংশোধনীসহ ৭ম সংস্করণ প্রকাশ করা হলো। 'গঠন ও নিয়ম' এর এই নতুন সংস্করণ প্রকাশ করায় আমি জাতীয় কমিশনার (বিধি) সহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

**(ড. মোঃ মোজাম্মেল হক খান)**
প্রধান জাতীয় কমিশনার
বাংলাদেশ স্কাউটস

# ভূমিকা

স্কাউটিং বিশ্বব্যাপী স্বীকৃত শিশু, কিশোর ও যুবদের জীবন গঠন ও দেশপ্রেম জাগ্রত করার একটি আন্দোলন। সকল শ্রেণি, পেশা ও বয়সের লোকদের জন্য স্কাউটিং উন্মুক্ত। বাংলাদেশের 'অভীষ্ট লক্ষ্য' এর সাথে সংগতি রেখে প্রশিক্ষিত যুব তৈরিতে স্কাউটিং কার্যক্রম দেশব্যাপী সম্প্রসারিত হচ্ছে এজন্য প্রয়োজন উপযুক্ত সাংগঠনিক কাঠামো।

বাংলাদেশের স্কাউটিং কার্যক্রম 'গঠন ও নিয়ম' নামক সাংগঠনিক কাঠামো দ্বারা পরিচালিত। প্রকৃত অর্থে এটিই বাংলাদেশ স্কাউটস্-এর লিখিত সংবিধান। বাংলাদেশ স্কাউটস্-এর সাংগঠনিক বিষয়াদিসহ অঞ্চল, জেলা, উপজেলা/থানা ও গ্রুপ পর্যায়ের সকল স্তরের লক্ষ্য, আদর্শ, পদ্ধতি ইত্যাদি মৌলিক বিষয়াবলী 'গঠন ও নিয়ম' এ বিশদভাবে বর্ণিত হয়েছে।

সময়ের চাহিদার আলোকে 'গঠন ও নিয়ম'-এর কিছু ধারা ও উপধারায় পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজনের প্রয়োজন হয়। এটি একটি চলমান প্রক্রিয়া। জাতীয় কাউন্সিলে যে সকল পরিবর্তন বা সংযোজন অনুমোদন করা হয় সেটি প্রকাশ করা অপরিহার্য হয়ে পড়ে। ৭ম সংস্করণে এ সকল পরিবর্তন, সংযোজন ও বিয়োজন অন্তর্ভুক্ত করা হয়েছে। যাদের অক্লান্ত পরিশ্রমে নতুন এ সংস্করণটি প্রকাশিত হতে যাচ্ছে তাদেরকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

'গঠন ও নিয়ম'-এর ৭ম সংস্করণ নির্ভুল ও শুদ্ধভাবে প্রকাশ করার জন্য যথাসাধ্য চেষ্টা করা হয়েছে। এরপরও মুদ্রণজণিত কোন ভুলত্রুটি থেকে থাকে তা পরবর্তী সংস্করণে সংশোধন করা হবে।



**(শেখ ইউসুফ হারুন)**
জাতীয় কমিশনার (বিধি)
বাংলাদেশ স্কাউটস।

# সূচিপত্র

| বিষয় | পৃষ্ঠা |
| --- | --- |
| **প্রথম অধ্যায়** | ১৩-২০ |
| **লক্ষ্য, আদর্শ ও সদস্য পদ** | |
| নাম, এখতিয়ার, আদর্শ, লক্ষ্য, পদ্ধতি, শাখা, মটো, কাব স্কাউট প্রতিজ্ঞা ও আইন স্কাউট/ রোভার স্কাউট প্রতিজ্ঞা ও আইন | |
| সদস্য পদ, অর্থ সংস্থান, নির্ধারিত ফি অথবা সদস্য রেজিস্ট্রেশন ফি, আর্থিক পদ্ধতি, সম্পদ ও দায় | |
| **দ্বিতীয় অধ্যায়** | ২১-৩৩ |
| **জাতীয় সংগঠন** | |
| জাতীয় কাউন্সিল, কাউন্সিলের দায়িত্ব, জাতীয় কাউন্সিলের মেয়াদ, শূন্যপদ ও শূন্যতাপূরণ | |
| জাতীয় কাউন্সিল সভা ও নির্বাচন পরিচালনা পরিষদ, সভার কার্য পদ্ধতি তলবী সভা, উপদেষ্টা পরিষদ | |
| জাতীয় নির্বাহী কমিটি, নির্বাহী কমিটির কার্যাবলী | |
| জাতীয় নির্বাহী কমিটির সভা, চীফ স্কাউট, সভাপতি, সহ-সভাপতি, প্রধান জাতীয় কমিশনার ও প্রধান জাতীয় কমিশনারের দায়িত্ব, কোষাধ্যক্ষ, জাতীয় কমিশনার ও প্রধান জাতীয় কমিশনার, জাতীয় উপ-কমিশনার, নির্বাহী পরিচালক তহবিল পরিচালনা ও স্কাউট পরিসংখ্যান | |
| **তৃতীয় অধ্যায়** | ৩৪-৪২ |
| **আঞ্চলিক সংগঠন** | |
| অঞ্চলসমূহ, আঞ্চলিক উপবিধি | |
| প্রশাসনিক বিভাগ/মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডভিত্তিক অঞ্চল, আঞ্চলিক কাউন্সিল, কাউন্সিলের মেয়াদ ও সভা, বার্ষিক সভা, ত্রৈবার্ষিক সভা, নির্বাহী কমিটি, নির্বাহী কমিটির দায়িত্ব, পৃষ্ঠপোষক, সভাপতি, সহ-সভাপতি আঞ্চলিক কমিশনার, কোষাধ্যক্ষ, আঞ্চলিক উপ-কমিশনার, সম্পাদক, যগ্ম সম্পাদক ও তহবিল। | |

**বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল** ৪৩-৪৯
আঞ্চলিক কাউন্সিল, কাউন্সিলের মেয়াদ ও সভা
বার্ষিক সভা ও ত্রৈবার্ষিক সভা
নির্বাহী কমিটি, নির্বাহী কমিটির দায়িত্ব
সভাপতি, সহ-সভাপতি, আঞ্চলিক কমিশনার
কোষাধ্যক্ষ, আঞ্চলিক উপ-কমিশনার, সম্পাদক, যুগ্ম সম্পাদক ও তহবিল

**বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চল** ৫০-৫৬
আঞ্চলিক কাউন্সিল, কাউন্সিলের মেয়াদ ও সভা
বার্ষিক সভা ও ত্রৈবার্ষিক সভা
নির্বাহী কমিটি, নির্বাহী কমিটির দায়িত্ব
সভাপতি, সহ-সভাপতি, আঞ্চলিক কমিশনার
কোষাধ্যক্ষ, আঞ্চলিক উপ-কমিশনার, সম্পাদক, যুগ্ম সম্পাদক ও তহবিল

**বাংলাদেশ স্কাউটস, নৌ অঞ্চল** ৫৭-৬২
আঞ্চলিক কাউন্সিল, কাউন্সিলের মেয়াদ ও সভা
বার্ষিক সভা ও ত্রৈবার্ষিক সভা, নির্বাহী কমিটি, নির্বাহী কমিটির দায়িত্ব
সভাপতি, সহ-সভাপতি, আঞ্চলিক কমিশনার
কোষাধ্যক্ষ, সম্পাদক, যুগ্ম সম্পাদক ও তহবিল

**বাংলাদেশ স্কাউটস, এয়ার অঞ্চল** ৬৩-৬৮
আঞ্চলিক কাউন্সিল, কাউন্সিলের মেয়াদ ও সভা
বার্ষিক সভা ও ত্রৈবার্ষিক সভা
নির্বাহী কমিটি, নির্বাহী কমিটির দায়িত্ব
সভাপতি, সহ-সভাপতি, আঞ্চলিক কমিশনার
কোষাধ্যক্ষ, সম্পাদক, যুগ্ম সম্পাদক ও তহবিল

**চতুর্থ অধ্যায়** **৬৯-৭৬**
**জেলা, উপজেলা/থানা সংগঠন**
জেলা স্কাউটস, উপবিধি
**প্রশাসনিক জেলাভিত্তিক জেলা স্কাউটস**
জেলা কাউন্সিল, কাউন্সিলের মেয়াদ ও সভা
বার্ষিক সভা ও ত্রৈবার্ষিক সভা, নির্বাহী কমিটি, নির্বাহী কমিটির দায়িত্ব
সভাপতি, সহ-সভাপতি, জেলা কমিশনার
কোষাধ্যক্ষক, সহকারী জেলা কমিশনার
সম্পাদক, যুগ্ম-সম্পাদক, জেলা রোভার স্কাউট লিডার ও তহবিল

জেলা রোভার স্কাউটস **৭৭-৮৩**
জেলা কাউন্সিল, কাউন্সিলের মেয়াদ ও সভা
বার্ষিক সভা ও ত্রৈবার্ষিক সভা, নির্বাহী কমিটি, নির্বাহী কমিটির দায়িত্ব
সভাপতি, সহ-সভাপতি, জেলা কমিশনার
কোষাধ্যক্ষ, সহকারী জেলা কমিশনার
সম্পাদক, যুগ্ম-সম্পাদক, জেলা রোভার স্কাউট লিঢার ও তহবিল

**রেলওয়ে জেলা স্কাউটস** **৮৪-৯১**
জেলা কাউন্সিল, কাউন্সিলের মেয়াদ ও সভা
বার্ষিক সভা ও ত্রৈবার্ষিক সভা, নির্বাহী কমিটি, নির্বাহী কমিটির দায়িত্ব
সভাপতি, সহ-সভাপতি, জেলা কমিশনার, কোষাধ্যক্ষ, সহকারী জেলা কমিশনার
সম্পাদক, যুগ্ম সম্পাদক, জেলা রোভার স্কাউট / কাব স্কাউট / স্কাউট লিডার, তহবিল

নৌ জেলা স্কাউটস **৯২-৯৮**
জেলা কাউন্সিল, সভা ও কার্যাবলী
নির্বাহী কমিটি, নির্বাহী কমিটির দায়িত্ব
সভাপতি, সহ-সভাপতি, জেলা কমিশনার
কোষাধ্যক্ষ, সহকারী জেলা কমিশনারগণ
সম্পাদক ও যুগ্ম সম্পাদক জেলা নৌ স্কাউট / জেলা রোভার স্কাউট লিডার ও তহবিল

**এয়ার জেলা স্কাউটস** ৯৮-১০৪

জেলা কাউন্সিল, সভা ও কার্যাবলী
নির্বাহী কমিটি, নির্বাহী কমিটির দায়িত্ব
সভাপতি, সহ-সভাপতি, জেলা কমিশনার
কোষাধ্যক্ষ, সহকারী জেলা কমিশনার, সম্পাদক, যুগ্ম সম্পাদক
জেলা এয়ার স্কাউট লিডার ও জেলা এয়ার রোভার স্কাউট লিডার ও তহবিল

**মেট্রোপলিটন জেলা স্কাউটস** ১০৪-১১২

মেট্রোপলিটন স্কাউটস, মেট্রোপলিটন জেলা কাউন্সিল, কাউন্সিলের মেয়াদ ও সভা
বার্ষিক সভা ও ত্রৈবার্ষিক সভা
নির্বাহী কমিটি ও নির্বাহী কমিটির দায়িত্ব
পৃষ্ঠপোষক, সভাপতি, সহ-সভাপতি
মেট্রোপলিটন জেলা কমিশনার, কোষাধ্যক্ষ,
মেট্রোপলিটন সহকারী জেলা কমিশনার, সম্পাদক
যুগ্ম সম্পাদক, জেলা কাব স্কাউট লিডার ও জেলা স্কাউট লিডার, তহবিল

**উপজেলা / থানা সংগঠন** ১১২-১২১

উপজেলা / থানা স্কাউটস, উপবিধি
উপজেলা / থানা কাউন্সিল, কাউন্সিলের মেয়াদ ও সভা এবং এডহক কমিটি
বার্ষিক সভা ও ত্রৈবার্ষিক সভা
নির্বাহী কমিটি ও নির্বাহী কমিটির দায়িত্ব
পৃষ্ঠপোষক, সভাপতি, সহ-সভাপতি
উপজেলা/থানা কমিশনার, কমিশনার-এর দায়িত্ব
কোষাধ্যক্ষ, সহকারী উপজেলা/থানা কমিশনার, সম্পাদক, যুগ্ম সম্পাদক
উপজেলা/থানা কাব স্কাউট লিডার ও স্কাউট লিডার, তহবিল

**পঞ্চম অধ্যায়** ১২২-১২৫
গ্রুপ সংগঠন
গ্রুপ, গ্রুপের প্রকৃতি, গ্রুপ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের দায়িত্ব
গ্রুপি রেজিষ্ট্রেশন রেজিষ্ট্রেশনের মেয়াদ, ফি আদায়
নাম, প্রকৃতি ও নিয়ন্ত্রণ পরিবর্তন
নতুন ইউনিট, রেজিষ্ট্রেশন বাতিল

**কাব স্কাউট ইউনিট** ১২৬-১২৭
ষষ্ঠক নেতা, সহকারী ষষ্ঠক নেতা, ষষ্ঠক নেতা পরিষদ, সিনিয়র ষষ্ঠক নেতা

**স্কাউট ইউনিট** ১২৭-১২৮
উপদল নেতা, সহকারী উপদল নেতা
উপদল পরিষদ, সিনিয়র উপদল নেতা, উপদল নেতা পরিষদ

**রোভার স্কাউট ইউনিট** ১২৯-১৪০
রোভার মেট, সহকরী রোভার মেট
উপদল পরিষদ, সিনিয়র রোভার মেট
রোভার স্কাউট ইউনিট কাউন্সিল
নৌ স্কাউট
এয়ার স্কাউট
প্রতিবন্ধী স্কাউট
গ্রুপে ভর্তির পদ্ধতি, স্থানান্তর ও বরখাস্ত
গ্রুপ স্কাউট লিডার ও কার্যাবলী
কাব স্কাউট লিডার, যোগ্যতা ও দায়িত্ব
স্কাউট লিডার, যোগ্যতা ও দায়িত্ব
রোভার স্কাউট লিডার, যোগ্যতা ও দায়িত্ব
কাব স্কাউট ইন্সট্রাক্টর, নৌ স্কাউট লিডার, এয়ার স্কাউট লিডার
প্রতিবন্ধী স্কাউট লিডার
গ্রুপ স্কাউটারস কাউন্সিল ও কাউন্সিলের কার্যাবলী
গ্রুপ কাউন্সিল ও গ্রুপ কাউন্সিলের দায়িত্ব
গ্রুপ কমিটি, গ্রুপ অধিবেশন ও গ্রুপ তহবিল

**ষষ্ঠ অধ্যায়**

**বিবিধ বিষয়** **১৪১-১৪৮**

পত্র যোগাযোগ

সনদ পত্র, সনদপত্রের সুপারিশ

কমিশনার পদের যোগ্যতা, সনদ প্রত্যাহার

সনদ প্রত্যাহারের পদ্ধতি, সনদ ফেরত

স্থান পরিবর্তন, সদস্যপদ বাতিল

লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনার

লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনার নিয়োগের যোগ্যতা

বীড, ট্রেনিং পরিচালনা ও সংশোধনী

পরিশিষ্ট– 'ক' – ফরমস ১৪৯

পরিশিষ্ট– 'খ' – সংগঠন নকশা ১৫০-১৫১

পরিশিষ্ট– 'ঘ' – গঠন ও নিয়মের বিভিন্ন ধারা ও উপধারা সংশোধনী প্রসঙ্গে ১৫২

# বাংলাদেশ স্কাউটস
# গঠন ও নিয়ম
## বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম
### প্রথম অধ্যায়
## লক্ষ্য, আদর্শ ও সদস্যপদ

১। নাম

এ প্রতিষ্ঠান 'বাংলাদেশ স্কাউটস' নামে অভিহিত হবে। এর সদর দফতর ঢাকায় অবিস্থত থাকবে এবং তা জাতীয় সদর দফতর নামে পরিচিত হবে।

২। এখতিয়ার

সমগ্র বাংলাদেশ এর এখতিয়ারভুক্ত থাকবে। বাংলাদেশের কোন স্কাউট বা স্কাউটার এই প্রতিষ্ঠানের বাইরে থাকতে পারবে না এবং এর অনুমোদন ছাড়া স্কাউট শব্দ ব্যবহার করে কোন পৃথক সংগঠন গঠন করতে পারবে না।

৩। আদর্শ

(ক) বাংলাদেশ স্কাউটস সরকার বা কোন সংস্থা, গোষ্ঠী ও ব্যক্তির নিয়ন্ত্রণ-নিরপেক্ষ স্বেচ্ছাধর্মী একটি প্রতিষ্ঠান।

(খ) স্কাউট আন্দোলনের বিশ্বসংস্থা (ওয়ার্ল্ড অর্গানাইজেশন অব দি স্কাউট মুভমেন্ট)-র সদস্য হিসেবে বাংলাদেশের স্কাউটিং বিশ্ব স্কাউটিংয়ের আদর্শ ও স্বীকৃত পদ্ধতিতে পরিচালিত হবে।

(গ) এ প্রতিষ্ঠানের নীতি, ট্রেনিং ও প্রোগ্রাম অসাম্প্রদায়িক, শ্রেণী বৈষম্যহীন ও উদার ধর্মীয় চেতনার উপর গুরুত্ব দেবে।

(ঘ) এর সদস্যগণ স্কাউট পোশাক পরে কোন রাজনৈতিক সভা-সমিতি অথবা রাজনৈতিক উদ্দেশ্য সাধনে নিয়োজতি কোন কাজে অংশগ্রহণ করতে পারবে না।

(ঙ) এর সদস্যগণ কোন রাজনৈতিক, সাম্প্রদায়িক, সরকারী, বেসরকারী মতবিরোধে কোন পক্ষ সমর্থন করবে না।

৪। **লক্ষ্য**

এ প্রতিষ্ঠানের লক্ষ্য হবে,

(ক) স্কাউটিং পদ্ধতি ও স্কাউট আন্দোলনের বিশ্বসংস্থা (ওয়ার্ল্ড অর্গানাইজেশন অব দি স্কাউট মুভমেন্ট)- এর অনুসৃত নিয়মে প্রশিক্ষণ দিয়ে শিশু, কিশোর/কিশোরী ও যুবক/যুবতীদের বিশ্বাসী, সৎ, চরিত্রবান ও আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলা।

(খ) দেশের অভ্যন্তরে বাংলাদেশ স্কাউটসের সমভাবাপন্ন, অরাজনৈতিক, অসামরিক ও অসাম্প্রদায়িক যুব প্রতিষ্ঠান, বিশেষত বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশনের সঙ্গে বন্ধুত্বমূলক ও পরিপূরক সম্পর্ক বজায় রাখা।

(গ) বর্হিবিশ্বে স্কাউট আন্দোলনের বিশ্বসংস্থা (ওয়ার্ল্ড অর্গানাইজেশন অব দি স্কাউট মুভমেন্ট, এশিয়া প্রশান্ত-মহাসাগরীয় স্কাউট অঞ্চল ও বিভিন্ন জাতীয় স্কাউট সংস্থার সঙ্গে মতামত, স্কাউট, স্কাউটার ও ট্রেইনার বিনিময় করে আন্তর্জাতিক সহযোগিতা ও সৌহার্দ্য বৃদ্ধির প্রয়াসী হওয়া।

৫। **পদ্ধতি**

(ক) জাতীয় চাহিদা-অনুযায়ী প্রোগ্রামের ওপর ভিত্তি করে উপদল পদ্ধতিতে বাংলাদেশে স্কাউট আন্দোলন পরিচালিত হবে।

(খ) বাংলাদেশ স্কাউটসের সদস্যগণ নির্ধারিত ইউনিফর্ম, স্কার্ফ ও ব্যাজ পরিধান করবে এবং তিন আঙ্গুলে বিশেষ কায়দায় ডান হাতে সালাম দেবে এবং ডান হাতে পরস্পর করমর্দন করবে।

৬। **শাখা**

সুষ্ঠু পরিচালনার সুবিধার্থে বাংলাদেশে স্কাউটিং তিনটি শাখায় বিভক্ত থাকবে ঃ

১) **কাব স্কাউট** ঃ যে সকল বালক/বালিকার বয়স ছয় বছরের বেশি, কিন্তু এগার বছরের কম।[২]

২) **স্কাউট** ঃ যে সব কিশোর/কিশোরীর বয়স এগার বছর বা তার চেয়ে বেশি, কিন্তু সতের বছরের কম।[২]

৩) **রোভার স্কাউট** ঃ যে সব তরুণ/তরুণী কলেজ বা বিশ্ববিদ্যালয়ে পড়ে অথবা যাদের বয়স সতের বা তার চেয়ে বেশি, কিন্তু পঁচিশ বছরের কম। রেলওয়ে, নৌ, বিমান বাহিনী ও অনুরূপ প্রতিষ্ঠানে চাকুরীজীবীদের জন্য বয়স ত্রিশ বছর পর্যন্ত শিথিলযোগ্য।[২]

৭। মটো

"সেবার জন্য সদা প্রস্তুত থাকতে যথাসাধ্য চেষ্টা করা" এই মটো বয়স বিচারে কাবস্কাউট, স্কাউট ও রোভার স্কাউটদের জন্য নিম্নরূপে বিভক্ত থাকবে ঃ

**১) কাব স্কাউট ঃ যথাসাধ্য চেষ্টা করা**

**২) স্কাউট ঃ সদা প্রস্তুত**

**৩) রোভার স্কাউট ঃ সেবা**

**৮। কাব স্কাউট প্রতিজ্ঞা ও আইন**

(ক) প্রতিটি কাব স্কাউটকে স্কাউটিংয়ে যোগদানের সময় নিম্নলিখিত প্রতিজ্ঞা করতে হবে ঃ

**আমি প্রতিজ্ঞা করছি যে,**

*** আল্লাহ্ ও আমার দেশের প্রতি কর্তব্য পালন করতে**

*** প্রতিদিন কারো না কারো উপকার করতে**

*** কাব স্কাউট আইন মেনে চলতে**

**আমি আমার যথাসাধ্য চেষ্টা করব।**

(আল্লাহ শব্দের পরিবর্তে নিজ নিজ ধর্ম বিশ্বাস অনুসারে সৃষ্টিকর্তার নাম উচ্চারণ করা যাবে।)

**(খ) কাব স্কাউট আইন দু'টি**

*** বড়দের কথা মেনে চলা**

*** নিজেদের খেয়ালে কিছু না করা**

**৯। স্কাউট/রোভার স্কাউট প্রতিজ্ঞা ও আইন**

(ক) প্রতিটি স্কাউট/রোভার স্কাউটকে স্কাউটিংয়ে যোগদানের সময় নিম্নলিখিত প্রতিজ্ঞা করতে হবে ঃ

**আমি আমার আত্মর্যাদার উপর নির্ভর করে প্রতিজ্ঞা করছি যে,**

*** আল্লাহ ও আমার দেশের প্রতি কর্তব্য পালন করতে**

*** সর্বদা অপরকে সাহায্য করতে**

*** স্কাউট আইন মেনে চলতে**

**আমি আমার যথাসাধ্য চেষ্টা করব।**

(আল্লাহ শব্দের পরিবর্তে নিজ নিজ ধর্ম বিশ্বাস অনুসারে সৃষ্টিকর্তার নাম উচ্চারণ করা যাবে।)

(খ) **স্কাউট আইন সাতটি**

* **স্কাউট আত্মমর্যাদায় বিশ্বাসী**
* **স্কাউট সকলের বন্ধু**
* **স্কাউট বিনয়ী ও অনুগত**
* **স্কাউট জীবের প্রতি সদয়**
* **স্কাউট সদা প্রফুল্ল**
* **স্কাউট মিতব্যয়ী**
* **স্কাউট চিন্তা, কথা ও কাজে নির্মল**

১০। সদস্য পদ

(ক) নিয়মিত চাঁদা পরিশোধ করে নিম্নলিখিত শ্রেণীর যে কোন ধর্মবিশ্বাসী বাংলাদেশী নাগরিক বাংলাদেশ স্কাউটসের সদস্য থাকতে পারবেনঃ

১) তালিকাভুক্ত দলের সকল কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট, নৌ স্কাউট ও এয়ার স্কাউট;

২) তালিকাভুক্ত দলের সকল কাব স্কাউট লিডার, স্কাউট লিডার, রোভার স্কাউট লিডার, নৌ স্কাউট লিডার ও এয়ার স্কাউট লিডার;

৩) সনদপ্রাপ্ত সকল স্কাউটার।

৪) অবৈতনিক ও নির্বাহী সকল কর্মকর্তা।

৫) গ্রুপ/ইউনিট কমিটি, উপজেলা/থানা স্কাউটস, জেলা স্কাউটস ও আঞ্চলিক স্কাউটসের সকল সদস্য।

৬) বাংলাদেশ স্কাউটসের জাতীয় কাউন্সিল এবং জাতীয় নির্বাহী কমিটির সকল সদস্য।

৭) বাংলাদেশ স্কাউটসের সকল আজীবন সদস্য এবং চাঁদা দানকারী সদস্য।

৮) বাংলাদেশ স্কাউটসের সকল সহযোজিত সদস্য।

(খ) জাতীয় পর্যায়ে শিক্ষা, সাহিত্য, খেলাধুলা, সংস্কৃতি, বিজ্ঞান ও বাংলাদেশ স্কাউটসের জন্য যাদের বিশেষ অবদান রয়েছে, জাতীয় কাউন্সিলের সিদ্ধান্তক্রমে তাঁদের বাংলাদেশ স্কাউটসের অনারারী সদস্য পদ প্রদান করা যাবে।

(গ) নির্ধারিত পরিমাণ অনুদান দিয়ে যে কেউ সাধারণ/আজীবন/পৃষ্ঠপোষক সদস্য হতে পারবেন।

(ঘ) বিদেশী নাগরিকেরা এ প্রতিষ্ঠানের অস্থায়ী সদস্য হতে পারবেন। তবে এরূপ ক্ষেত্রে প্রত্যেক সদস্যকে কোন সনদপত্র বা ব্যাজ প্রদানের ব্যাপারে প্রধান জাতীয় কমিশনারের পূর্ব অনুমতির প্রয়োজন হবে। প্রধান জাতীয় কমিশনারের অনুমতি পাওয়ার পর তাঁদের স্কাউট প্রতিজ্ঞা গ্রহণ বা পুনঃগ্রহণ করতে হবে। শপথ বাক্যে তাঁরা 'আমার দেশের' কথাগুলোর পরিবর্তে 'বাংলাদেশের' উচ্চারণ করবেন। পরে পুরো নাম, ঠিকানা এবং অতীতে কোন স্কাউট দলের সদস্য থাকলে ঐ দলের বিবরণসহ জাতীয় কমিশনার (আন্তর্জাতিক সম্পর্ক)-এর কাছে রেকর্ডের জন্য পাঠাতে হবে।

**১১। অর্থ সংস্থান**

(ক) সংগঠন, প্রশিক্ষণ, প্রোগ্রাম, উন্নয়ন ও সংস্থাপনের ব্যয় নির্বাহের জন্য বাংলাদেশ স্কাউটস সরকার, জনসাধারণ ও সরকার অনুমোদিত সংস্থাসমূহ থেকে অনুদান বা বিশেষ তহবিল সংগ্রহ করতে পারবে।

(খ) অর্থ সংস্থানের জন্য জাতীয় সদর দফতর তহবিলে জাতীয় কাউন্সিল কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন পরিমাণ এককালীন অনুদান প্রদান করলে কাউকে-১) আজীবন পৃষ্ঠপোষক সদস্য ২) আজীবন সদস্য ৩) সাধারণ সদস্য হিসেবে গ্রহণ করা যাবে। তবে

১। যাঁরা জাতীয় সদর দফতর তহবিলে ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা বা তার বেশি অনুদান দেবেন, ২) যাঁরা জাতীয় সদর দফতর তহবিলে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা বা তার চেয়ে বেশি এককালীন অনুদান দেবেন এবং ৩) যাঁরা বছরে অন্তত ২০০০.০০ (দুই হাজার) টাকা অনুদান দেবেন তাঁরা যথাক্রমে ১) আজীবন পৃষ্ঠপোষক সদস্য ২) আজীবন সদস্য এবং ৩) যে বছরের জন্য অনুদান দেবেন সেই বছরের জন্য সাধারণ সদস্য হিসেবে গণ্য হবেন[১০]।

(গ) বিভিন্ন ইউনিট/গ্রুপ অথবা কাউন্সিল কর্তৃক জাতীয় সদর দফতরে প্রদত্ত যে কোন দান সাদরে গৃহীত হবে।

## ১২। নির্ধারিত ফি অথবা সদস্য রেজিষ্ট্রেশন ফি[২]

(ক) ইউনিট/গ্রুপের পদমর্যাদা নির্বিশেষে প্রতি বছর প্রত্যেক পোশাকধারী স্কাউট প্রত্যেক স্কাউটার ও গ্রুপ কমিটির সদস্যকে নির্ধারিত হারে ইউনিট/গ্রুপকে মেম্বারশীপ ফি দিতে হবে। জাতীয় নির্বাহী কমিটি সময়ে সময়ে এ ফি এর পরিমাণ নির্ধারণ করবেন।[৬]

(খ) কমিশনারগণ নিজ নিজ এলাকায় নির্ধারিত হারে ফি প্রদান করবেন। জাতীয় নির্বাহী কমিটি সময়ে সময়ে এ ফি এর পরিমাণ নির্ধারণ করবেন (একই ব্যক্তি একাধিক পদে থাকলে তিনি সর্বোচ্চ পদের চাঁদা দিবেন[৬])।

(গ) প্রত্যেক ইউনিট/গ্রুপ তার নিয়ন্ত্রণকারী উপজেলা/থানা স্কাউটসকে বার্ষিক একশত টাকা হারে রেজিষ্ট্রেশন ফি দেবে*।

(ঘ) উপজেলা/থানা স্কাউটস নিয়ন্ত্রণকারী জেলাকে বার্ষিক ২০০.০০ (দুইশত) টাকা হারে রেজিষ্ট্রেশন ফি দেবে*)।

(ঙ) জেলা স্কাউটস অঞ্চলকে বার্ষিক ৪০০.০০ (চারশত) টাকা হারে রেজিষ্ট্রেশন ফি দেবে*।

(চ) প্রত্যেক অঞ্চল বার্ষিক ১০০০.০০ (এক হাজার) টাকা হারে জাতীয় সদর দফতরে রেজিষ্ট্রশন ফি দেবে*।

(ছ) প্রতি বছর ৩০ জুনের মধ্যে উপজেলা/ থানা রেজিষ্ট্রেশন ফি আদায় করে ১৫ জুলাই এর মধ্যে জেলাকে প্রদান করবে এবং জেলা ৩১ জুলাই এর মধ্যে অঞ্চলকে এবং অঞ্চল ৩১ আগস্টের মধ্যে জাতীয় সদর দফতরকে তার প্রাপ্য পরিশোধ করবে।

(জ) জাতীয় সদর দফতর যথাসময়ে বিশ্ব স্কাউট সংস্থাকে নির্ধারিত বার্ষিক মেম্বারশীপ ফি দেবে।

(ঝ) নির্দিষ্ট সময়ে রেজিষ্ট্রেশন ফি ও মেম্বারশীপ ফি পরিশোধ না করলে গ্রুপ উপজেলা/জেলায়, উপজেলা/থানা স্কাউটস জেলায়, জেলা স্কাউট অঞ্চলে, অঞ্চল জাতীয় কাউন্সিল ও জাতীয় নির্বাহী কমিটিতে প্রতিনিধিত্ব হারাবে।

**১৩। আর্থিক পদ্ধতি**

(ক) ইউনিট/গ্রুপ, উপজেলা/ থানা স্কাউটস, জেলা স্কাউটস ও আঞ্চলিক স্কাউটসগুলোকে তাদের কাজকর্ম পরিচালনার জন্য স্থানীয়ভাবে অর্থ সংস্থানের ব্যবস্থা করতে হবে।

(খ) ইউনিট/গ্রুপ, উপজেলা/থানা স্কাউটস, জেলা স্কাউটস ও আঞ্চলিক স্কাউটস কেবলমাত্র তাদের নিজ নিজ স্কাউট কমিশনারের অনুমোদনক্রমে উপজেলা থানা, জেলা, অঞ্চল বা জাতীয় কর্তৃপক্ষের নিকট সাহায্যের জন্য আবেদন করতে পারবে।

(গ) কোন স্কাউট, ব্যক্তি, ব্যক্তিবর্গ বা সংস্থার স্বেচ্ছাপ্রণোদিত শর্তহীন অনুদান ও সাহায্য গ্রহণ করা যাবে।

(ঘ) স্কাউটরা মেহনতের মাধ্যমে অর্থ উপার্জন করবে। সে জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অবকাশকালে তারা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উপার্জন সপ্তাহ পালন করতে পারবে।

(ঙ) প্রত্যেক পর্যায়ে সংগঠনের পক্ষ থেকে কোষাধ্যক্ষ সকল প্রকার অর্থ গ্রহণ করবেন। কোষাধ্যক্ষ ব্যতীত অন্য কোন স্কাউটার বা কোন স্তরের কোন সদস্য ব্যক্তিগতভাবে কোন অর্থ গ্রহণ করতে পারবেন না। আদায়কৃত বা সংগৃহীত অর্থ সংশ্লিষ্ট পর্যায়ে নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত ব্যাংকে জমা রাখতে হবে এবং সংশ্লিষ্ট পর্যায়ে আর্থিক আয় ও ব্যয়ের নিয়মনীতি নির্ধারণ করে প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবহারের জন্য তহবিল পরিচালনা করতে হবে। জরুরী ব্যয় নির্বাহের লক্ষ্যে সংশ্লিষ্ট পর্যায়ের কমিশনারের অনুমোদন সাপেক্ষে নির্ধারিত পরিমাণ অর্থ উত্তোলন করে জরুরী ব্যয় মিটানো যাবে। তবে এ ধরনের ব্যয়ের পরিমাণ নির্ধারণ ও ব্যয় নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট পর্যায়ের নির্বাহী কমিটির অনুমোদন গ্রহণ করতে হবে[৬]।

(চ) আর্থিক নিয়ম-শৃঙ্খলা রক্ষার স্বার্থে জাতীয় সদর দফতর প্রয়োজনবোধে আঞ্চলিক, জেলা, উপজেলা/থানা ও ইউনিটের তহবিল ও তদসংক্রান্ত যাবতীয় কাগজপত্র তলব ও নিরীক্ষার ব্যবস্থা করতে পারবে।

(ছ) প্রতিটি সাংগঠনিক স্তরের নির্বাহী কমিটি কর্তৃক উপজেলা থেকে জাতীয় পর্যায় পর্যন্ত পাঁচ সদস্য বিশিষ্ট একটি অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠিত হবে। উক্ত কমিটি নিয়মিত হিসাব নিরীক্ষা করে নির্বাহী কমিটিতে রিপোর্ট দেবে।

## ১৪। সম্পদ ও দায়

১. (ক) স্কাউটসের সম্পদ ও দায় এর বিবরণ এবং পূর্ববতী বছরের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব জাতীয় সদর দফতরের বার্ষিক কার্যবিবরণীতে প্রকাশ করা হবে।

(খ) বাংলাদেশের সকল স্তরের স্কাউট সংগঠনে জাতীয়, আঞ্চলিক, জেলা উপজেলা/থানা ও ইউনিটের সমুদয় স্থাবর সম্পত্তি, তা যেখানেই অবস্থিত বা যাদের মাধ্যমেই সংগৃহীত বা অর্জিত হয়ে থাকে, তা বাংলাদেশ স্কাউটসের পূর্বানুমতি ব্যতীত হস্তান্তর করা যাবে না।

(গ) অঞ্চল জেলা, উপজেলা/থানা সংগঠন বা কোন ইউনিটের বিলুপ্তি বা বিভক্তি ঘটলে ঐ বিলুপ্ত/বিভক্ত সংগঠন বা ইউনিটের স্থাবর-অস্থাবর সম্পত্তির সাময়িক রক্ষণাবেক্ষণ ও চূড়ান্ত নিস্পত্তির দায়িত্ব বাংলাদেশ স্কাউটসের উপর বর্তাবে।

(ঘ) কোন সংগঠন/ইউনিট নিষ্ক্রিয় হয়ে পড়লে বাংলাদেশ স্কাউটস প্রয়োজনবোধে ঐ সংগঠন/ইউনিটের সম্পদ রক্ষণ ও তত্ত্বাবধানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

২. (ক) বাংলাদেশ স্কাউটসের কার্যক্রম পরিচালনায় সহায়তার জন্য বাংলাদেশ স্কাউটস জাতীয় সদর দফতর কর্তৃক নিয়োগকৃত জাতীয় সদর দফতর, অঞ্চল ও জেলা পর্যায়ে প্রফেশনাল স্কাউটস এক্সিকিউটিভ ও কর্মচারী থাকবে। এ সকল কর্মকর্তা-কর্মচারীদের পদ সৃজন, নিয়োগ, পদোন্নতি, চাকুরীর শর্তাবলী, অবসর, বদলী সংক্রান্ত ইত্যাদি বিষয়ে বাংলাদেশ স্কাউটস কর্তৃক জারীকৃত বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হবে। এ বিধিমালা প্রধান জাতীয় কমিশনার জাতীয় নির্বাহী কমিটির অনুমোদনক্রমে জারী করবেন[৪]।

(খ) বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর কর্তৃক নিয়োগকৃত প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ ও কর্মচারীদের চাকুরি অবকাঠামো (Organogram) চাকুরি বিধি (Service Rules) এবং কার্যপরিধি (Job deseription) থাকবে।

৩. বাংলাদেশ স্কাউটস এর সকল ধরনের বয়স্ক নেতা ব্যবস্থাপনা "জাতীয় এডাল্টস-ইন- স্কাউটিং নীতি" অনুযায়ী পরিচালিত হবে[১০]।

# দ্বিতীয় অধ্যায়

# জাতীয় সংগঠন

১৫। **জাতীয় কাউন্সিল**

বাংলাদেশ স্কাউটসের একটি জাতীয় কাউন্সিল থাকবে। এ কাউন্সিল বাংলাদেশ স্কাউটসের সর্বোচ্চ নীতি নির্ধারণী পরিষদ। নিম্নলিখিত সদস্যদের নিয়ে এ কাউন্সিল গঠিত হবে।

(ক) চীফ স্কাউট
(খ) সভাপতি
(গ) সহ-সভাপতি
(ঘ) প্রধান জাতীয় কমিশনার
(ঙ) কোষাধ্যক্ষ
(চ) জাতীয় কমিশনারগণ
(ছ) বাংলাদেশের সকল স্বায়ত্বশাসিত বিশ্ববিদ্যালয়ের মধ্য থেকে চলমান বছরে দেশের প্রশাসনিক বিভাগসমূহ থেকে পর্যায়ক্রমে একজন করে উপাচার্য জাতীয় কাউন্সিলের সদস্য হবেন। বাংলাদেশ স্কাউটসের সভাপতি ও প্রধান জাতীয় কমিশনার কর্তৃক যৌথ সিদ্ধান্তের মাধ্যমে এ উপাচার্যগণ জাতীয় কাউন্সিলের সাধারণ সভায় অংশগ্রহণের জন্য মনোনীত হবেন[৩]।
(জ) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর
(ঝ) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদফতর
(ঞ) মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর
(ট) সকল আঞ্চলিক স্কাউটসের সভাপতি
(ঠ) চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
(ড) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
(ঢ) শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিচে নয়)
(ণ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিচে নয়)
(ত) জাতীয় উপ-কমিশনারগণ
(থ) আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল
(দ) জাতীয় নির্বাহী কমিটির সকল সদস্য
(ধ) জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন

(ন) মহাসচিব, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি[২]

(প) আজীবন পৃষ্ঠপোষকদের মধ্য থেকে সভাপতি ও প্রধান জাতীয় কমিশনার কর্তৃক যৌথভাবে মনোনীত একজন আজীবন পৃষ্ঠপোষক সদস্য[৩]

(ফ) আজীবন সদস্যদের মধ্য থেকে সভাপতি কর্তৃক মনোনীত পর্যায়ক্রমে একজন সদস্য

(ব) সাধারণ সদস্যদের মধ্য থেকে সভাপতি কর্তৃক মনোনীত পর্যায়ক্রমে একজন সদস্য

(ম) আঞ্চলিক নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত প্রতিনিধিগণ :
প্রশাসনিক বিভাগ/মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ভিত্তিক অঞ্চলের ক্ষেত্রে প্রতি চারটি উপজেলা/থানা সংগঠনকে এবং অন্যান্য অঞ্চলের ক্ষেত্রে প্রতি চারটি জেলা সংগঠনকে একক ধরে প্রতি একক অথবা তার ভগ্নাংশের জন্য একজন হিসেবে, প্রাপ্ত বার্ষিক পরিসংখ্যানের ভিত্তিতে আঞ্চলিক নির্বাহী কমিটি প্রতিনিধি নির্বাচন করে জাতীয় কাউন্সিলে প্রেরণ করবেন। তবে একক সংখ্যা যাই হোক, কোন অঞ্চল থেকে দু'জনের কম অথবা বিশ জনের বেশি প্রতিনিধি জাতীয় কাউন্সিলের সদস্য হবেন না।

(য) নির্বাহী পরিচালক[৭]

## ১৬। কাউন্সিলের দায়িত্ব

জাতীয় কাউন্সিলের দায়িত্ব হবে নিম্নরূপ ঃ

(ক) 'গঠন ও নিয়ম';-এর প্রতিপালন ও সংরক্ষণ নিশ্চিত করা;

(খ) বাংলাদেশ স্কাউটসের কর্মদক্ষতা ও শৃঙ্খলা বজায় রাখা;

(গ) সকল স্তরের স্কাউট এবং সমভাবাপন্ন ও অভিন্ন লক্ষ্যে পরিচালিত অরাজনৈতিক, অসাম্প্রদায়িক ও অসামরিক সংগঠন সমূহের সঙ্গে সম্প্রীতি ও সহযোগিতার মাধ্যমে স্কাউট আন্দোলন জোরদার করে তোলা;

(ঘ) স্কাউটিং উন্নয়নে পঞ্চবার্ষিক ও প্রেক্ষিত পরিকল্পনার রূপরেখা অনুমোদন করা;

(ঙ) জাতীয় নির্বাহী কমিটির সংশ্লিষ্ট পদে কর্মকর্তা নির্বাচন করা;

(চ) প্রয়োজন অনুসারে 'গঠন ও নিয়ম'-এর পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও সংশোধন করা।

(ছ) বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন ও নিরীক্ষিত আয়-ব্যয়ের হিসাব অনুমোদন এবং বার্ষিক বাজেট অবহিতকরণ[২]।

**১৭। জাতীয় কাউন্সিলের মেয়াদ**

জাতীয় কাউন্সিলের মেয়াদ নির্বাচনের তারিখ থেকে তিন বছর হবে। অপরিহার্য কারণে এর মেয়াদ অনধিক ৬ (ছয়) মাস বৃদ্ধি করা যাবে এবং এ বর্ধিত সময়সীমার মধ্যে ত্রৈবার্ষিক কাউন্সিলের সাধারণ সভা অবশ্যই অনুষ্ঠিত হতে হবে।

**১৮। শূন্যপদ ও শূন্যতা পূরণ**

(ক) নিম্নবর্ণিত কারণে জাতীয় কাউন্সিলের সদস্যপদ বাতিল বা শূন্য ঘোষিত হবে[২]

১) বাংলাদেশের নাগরিকত্ব হারালে;

২) লিখিতভাবে ইস্তফা দিলে;

৩) কোন সদস্যের মৃত্যু হলে;

৪) বৈধভাবে আহুত কোন কাউন্সিল সভায় উপস্থিত সদস্যদের দু'তৃতীয়াংশ কারো অস্কাউটসুলভ আচরণ বা এ আন্দোলনের বিরুদ্ধাচারণের জন্য তার অপসারণের সিদ্ধান্ত নিলে;

৫) গুরুতর অপরাধে আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত হলে;

৬) মানসিক ভারসাম্য হরালে;

৭) মনোনীত সদস্যদের ক্ষেত্রে মনোনয়ন প্রত্যাহৃত হলে;

(খ) কাউন্সিলের কোন সদস্যের পদ সাময়িকভাবে খালি হলে কাউন্সিলের পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত কাজ চালিয়ে নেয়ার জন্য জাতীয় নির্বাহী কমিটি সহযোজনের মাধ্যমে শূন্যপদ পূরণ করতে পারবে। মনোনীত সদস্যের ক্ষেত্রে তাঁদের মনোনয়নদানকারী কর্তৃপক্ষের নিকট থেকে শূন্য পদের জন্য পুনরায় মনোনয়ন নিতে হবে।

**১৯। জাতীয় কাউন্সিল সভা**

(ক) জাতীয় কাউন্সিল বছরে একবার বার্ষিক সাধারণ সভায় মিলিত হয়ে অন্যান্য বিষয়ের সঙ্গে নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত বাংলাদেশ স্কাউটসের চলতি বছরের বাজেট ও বিগত বছরের আয়-ব্যয়ের হিসাব অবগতি ও বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন ও তার আগের বছরের আয়-ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও অুনমোদন;

২) সভাপতি, সহ-সভাপতি, কোষাধ্যক্ষ ও প্রধান জাতীয় কমিশনারের পদ শূন্য হলে বাকী মেয়াদের জন্য তা পূরনার্থে নির্বাচন/সুপারিশ;

৩) কোন সদস্যের পদ শূন্য বা বাতিল ঘোষিত হলে সে পদ পূরণ;

৪) জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক উপস্থাপিত আলোচ্য বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৫) প্রাসঙ্গিক বিষয়ে প্রশ্ন উত্থাপন;

(খ) প্রতি তিন বছর অন্তর অনুষ্ঠেয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভা ত্রৈবার্ষিক সাধারণ সভা নামে অভিহিত হবে। এরূপ বার্ষিক সাধারণ সভায় নিয়মিত কার্যাবলীর সঙ্গে নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদিত হবেঃ

১) সভাপতি, সহ-সভাপতি, কোষাধ্যক্ষ এবং নির্বাহী কমিটিতে কাউন্সিলর প্রতিনিধি নির্বাচন;

২) প্রধান জাতীয় কমিশনার নিয়োগের সুপারিশ;

৩) অডিটর নিয়োগ।

(গ) **নির্বাচন পরিচালনা পরিষদ ঃ**

নির্বাচন পরিচালনা করার জন্য জাতীয় কাউন্সিলের সদস্য হবার যোগ্য এমন তিন জন সদস্য নিয়ে একটি নির্বাচন পরিচালনা পরিষদ গঠন করা যাবে। একজন নির্বাচন পরিচালনা পরিষদের প্রধান ও অন্য দু'জন সদস্য হিসেবে দায়িত্ব পালন করবেন। নির্বাহী কমিটি নির্বাচন পরিচালনার সকল প্রকার নীতিমালা চূড়ান্ত করবে। ত্রৈ-বার্ষিক কাউন্সিলের সাধারণ সভার অন্ততঃ এক মাস পূর্বে জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক নির্বাচন পরিচালনা পরিষদ গঠিত হবে[৬]।

(ঘ) বার্ষিক সভা ছাড়াও চীফ স্কাউট অথবা সভাপতির অনুমতিক্রমে বিশেষ প্রয়োজনে জাতীয় কাউন্সিলের বিশেষ সভা ডাকা যাবে।

১৯.১। জাতীয়, অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে নির্বাচিত, সুপারিশকৃত ও মনোনীত পদসমূহে একই ব্যক্তি একই পদে/একই বিভাগে একাধিক্রমে ৩ (তিন) মেয়াদের বেশি নির্বাচিত/ সুপারিশকৃত/ মনোনীত হতে পারবেন না।

## ২০। সভার কার্য পদ্ধতি

(ক) জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভা ও ত্রৈ-বার্ষিক সাধারণ সভা ডাকার জন্য সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী উল্লেখ করে কাউন্সিল সদস্যদের দেয়া ঠিকানায় জাতীয় সদর দফতর কর্তৃক সার্টিফিকেট অব পোষ্টিং-এ ১৫ (পনের) দিনের নোটিশ পাঠাতে হবে।

(খ) বিশেষ সভার ক্ষেত্রে চীফ স্কাউট অথবা সভাপতির লিখিত নির্দেশ মোতাবেক সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী উল্লেখপূর্বক ৭ (সাত) দিনের লিখিত নোটিশ দিতে হবে।

(গ) বার্ষিক সাধারণ সভা, ত্রৈ-বার্ষিক সাধারণ সভা এবং বিশেস সভায় মোট সদস্যের এক-তৃতীয়াংশের উপস্থিতিতে কোরাম হবে।

(ঘ) সভা শুরু হওয়ার আধা ঘন্টার মধ্যে কোরাম না হলে সভার কাজ ঐ দিনের মত মূলতবী হয়ে যাবে। মুলতবী সভা পরদিন একই সময়ে একই স্থানে একই আলোচ্য সূচীর ভিত্তিতে অনুষ্ঠিত হবে। এরূপ মূলতবী সভার জন্য কোন কোরামের দরকার হবে না।

(ঙ) সভাপতি অথবা সহ-সভাপতি উপস্থিত না থাকলে প্রধান জাতীয় কমিশনার এবং তিনিও উপস্থিত না থাকলে উপস্থিত সদস্যদের মধ্য থেকে নির্বাচিত একজন সভায় সভাপতিত্ব করবেন।

(চ) কোন বিষয়ে সভাপতি অথবা প্রধান জাতীয় কমিশনার জাতীয় কাউন্সিলের সঙ্গে একমত না হলে বিষয়টি চীফ স্কাউটের নিকট পাঠাতে হবে এবং এরূপ ক্ষেত্রে তাঁর মতামতই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(ছ) সাধারণভাবে সদস্যগণ ধ্বনি ভোটে অথবা হাত উচিয়ে আলোচ্য বিষয়গুলোর নিস্পত্তি করবেন। কোন বিষয়ে ডিভিশন দাবী করা হলে এক ব্যক্তি এক ভোট ভিত্তিতে ব্যালটে নিস্পত্তি করা হবে। অনুপস্থিত সদস্যের তরফ থেকে কোন ভোট গ্রহণীয় হবে না। কোন বিষয়ে উভয় দিকে সমান ভোট পাওয়া গেলে সভার সভাপতি বিষয়টি নিস্পত্তির জন্য নিজে একটি নির্ণায়ক ভোট দিতে পারবেন।

## ২১। তলবী সভা

(ক) কাউন্সিলের মোট সদস্যের শতকরা ৫০ জন যদি নির্দিষ্ট কারণ উল্লেখ করে লিখিতভাবে কাউন্সিলের তলবী সভা ডাকার প্রস্তাব করেন, তবে সভাপতি অথবা প্রধান জাতীয় কমিশনারের সাথে আলোচনা করে উপরোক্ত মর্মে অনুরোধ পাওয়ার ৩০ দিনের মধ্যে নির্বাহী পরিচালক তলবী সভা ডাকবেন।

## ২০। সভার কার্য পদ্ধতি

(ক) জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভা ও ত্রৈ-বার্ষিক সাধারণ সভা ডাকার জন্য সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী উল্লেখ করে কাউন্সিল সদস্যদের দেয়া ঠিকানায় জাতীয় সদর দফতর কর্তৃক সার্টিফিকেট অব পোষ্টিং-এ ১৫ (পনের) দিনের নোটিশ পাঠাতে হবে।

(খ) বিশেষ সভার ক্ষেত্রে চীফ স্কাউট অথবা সভাপতির লিখিত নির্দেশ মোতাবেক সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী উল্লেখপূর্বক ৭ (সাত) দিনের লিখিত নোটিশ দিতে হবে।

(গ) বার্ষিক সাধারণ সভা, ত্রৈ-বার্ষিক সাধারণ সভা এবং বিশেস সভায় মোট সদস্যের এক-তৃতীয়াংশের উপস্থিতিতে কোরাম হবে।

(ঘ) সভা শুরু হওয়ার আধা ঘন্টার মধ্যে কোরাম না হলে সভার কাজ ঐ দিনের মত মূলতবী হয়ে যাবে। মুলতবী সভা পরদিন একই সময়ে একই স্থানে একই আলোচ্য সূচীর ভিত্তিতে অনুষ্ঠিত হবে। এরূপ মূলতবী সভার জন্য কোন কোরামের দরকার হবে না।

(ঙ) সভাপতি অথবা সহ-সভাপতি উপস্থিত না থাকলে প্রধান জাতীয় কমিশনার এবং তিনিও উপস্থিত না থাকলে উপস্থিত সদস্যদের মধ্য থেকে নির্বাচিত একজন সভায় সভাপতিত্ব করবেন।

(চ) কোন বিষয়ে সভাপতি অথবা প্রধান জাতীয় কমিশনার জাতীয় কাউন্সিলের সঙ্গে একমত না হলে বিষয়টি চীফ স্কাউটের নিকট পাঠাতে হবে এবং এরূপ ক্ষেত্রে তাঁর মতামতই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(ছ) সাধারণভাবে সদস্যগণ ধ্বনি ভোটে অথবা হাত উচিয়ে আলোচ্য বিষয়গুলোর নিষ্পত্তি করবেন। কোন বিষয়ে ডিভিশন দাবী করা হলে এক ব্যক্তি এক ভোট ভিত্তিতে ব্যালটে নিষ্পত্তি করা হবে। অনুপস্থিত সদস্যের তরফ থেকে কোন ভোট গ্রহণীয় হবে না। কোন বিষয়ে উভয় দিকে সমান ভোট পাওয়া গেলে সভার সভাপতি বিষয়টি নিষ্পত্তির জন্য নিজে একটি নির্ণায়ক ভোট দিতে পারবেন।

## ২১। তলবী সভা

(ক) কাউন্সিলের মোট সদস্যের শতকরা ৫০ জন যদি নির্দিষ্ট কারণ উল্লেখ করে লিখিতভাবে কাউন্সিলের তলবী সভা ডাকার প্রস্তাব করেন, তবে সভাপতি অথবা প্রধান জাতীয় কমিশনারের সাথে আলোচনা করে উপরোক্ত মর্মে অনুরোধ পাওয়ার ৩০ দিনের মধ্যে নির্বাহী পরিচালক তলবী সভা ডাকবেন।

নির্ধারিত সময়ের মধ্যে নির্বাহী পরিচালক সভা ডাকতে ব্যর্থ হলে ঐ সভা ডাকার জন্য যাঁরা লিখিতভাবে অনুরোধ করেছিলেন তাঁদের শতকরা ৫০ জন মিলে নিজেরাই সভা ডাকতে পারবেন।

(খ) কাউন্সিলের মোট সদস্য সংখ্যার দু'তৃতীয়াংশের উপস্থিতিতে তলবী সভার কোরাম হবে।

(গ) তলবী সভায় কোরাম সংখ্যক সদস্য উপস্থিত না হলে সভা বাতিল বলে গণ্য হবে।

**২২। উপদেষ্টা পরিষদ**

(ক) বাংলাদেশ স্কাউটসের একটি উপদেষ্টা পরিষদ থাকবে

(খ) উক্ত উপদেষ্টা পরিষদের সদস্য হবেন- (১) বিগত সভাপতিবৃন্দ, (২) বিগত প্রধান জাতীয় কমিশনারবৃন্দ, (৩) বর্তমান সভাপতি, (৪) বর্তমান প্রধান জাতীয় কমিশনার, (৫) বাংলাদেশ থেকে নির্বাচিত এশিয়া প্যাসিফিক অঞ্চলের প্রাক্তন ও বর্তমান সদস্যবৃন্দ (যদি থাকেন) (৬) বাংলাদেশ থেকে নির্বাচিত/ মনোনীত ওয়ার্ল্ড স্কাউট কমিটির প্রাক্তন ও বর্তমান সদস্যবৃন্দ (যদি থাকেন)[৬]।

(গ) বর্তমান সভাপতি এ পরিষদের সভাপতি হবেন এবং বর্তমান প্রধান জাতীয় কমিশনার হবেন সদস্য-সচিব।

উপদেষ্টাগণ সময় সময় সভায় মিলিত হবেন এবং বাংলাদেশ স্কাউটস-এর বিভিন্ন কার্যক্রমের উপর তাঁদের সুচিন্তিত দিক নির্দেশনা প্রদান করবেন[১]।

**২৩। জাতীয় নির্বাহী কমিটি**

বাংলাদেশ স্কাউটসের একটি জাতীয় নির্বাহী কমিটি থাকবে। এ কমিটি জাতীয় কাউন্সিলের পক্ষে প্রশাসনিক ব্যাপারে সর্বোচ্চ নির্বাহী পরিষদ হিসেবে কাজ করবে।

**নিম্নলিখিত সদস্যদের নিয়ে জাতীয় নির্বাহী কমিটি গঠিত হবে-**

(ক) সভাপতি

(খ) সহ-সভাপতিগণ

(গ) প্রধান জাতীয় কমিশনার

(ঘ) কোষাধ্যক্ষ

(ঙ) জাতীয় কমিশনারগণ

(চ) উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়

(ছ) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর

(জ) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদফতর

(ঝ) মহাপরিচালক, কারিগরী শিক্ষা অধিদফতর[৪]

(ঞ) সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান

(ট) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

(ঠ) শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিচে নয়)

(ড) জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক কমপক্ষে ১ জন মহিলা সদস্যসহ[১০] ৩(তিন) জন সহযোজিত সদস্য

(ঢ) জাতীয় নির্বাহী কমিটির জন্য ৬ অঞ্চলের ৬ জন কাউন্সিলর প্রতিনিধি নির্বাচিত হবেন। পরবর্তী মেয়াদে বাকী ৬ অঞ্চলের ৬ জন কাউন্সিলর প্রতিনিধি নির্বাচিত হবেন। ফলে পূর্ববর্তী মেয়াদে নির্বাচিত ৬ জন কাউন্সিলরের পদ শূন্য হবে[৬]

(ণ) সকল আঞ্চলিক স্কাউটস থেকে দু'জন করে সদস্য (আঞ্চলিক কাউন্সিল কর্তৃক মনোনীত একজন এবং আঞ্চলিক কমিশনার)

(ত) নির্বাহী পরিচালক।

(থ) রোভার স্কাউটদের মধ্য থেকে পিআরএস যোগ্যতাসম্পন্ন এবং সিনিয়র রোভার মেটের দায়িত্ব পালন করেছে এমন ১ (এক) জন ছেলে রোভার এবং ০১ (এক) জন মেয়ে রোভার সর্বোচ্চ **১(এক)** বছরের জন্য জাতীয় নির্বাহী কমিটির সদস্য হবে (এই সদস্য পদ পূরণের জন্য বাংলাদেশ স্কাউটস, রোভার, রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চল থেকে প্রাপ্ত তালিকার ভিত্তিতে জাতীয় সদর দফতর মনোনয়ন চূড়ান্ত করবে)[৯]।

**২৪। নির্বাহী কমিটির কার্যাবলী**

জাতীয় নির্বাহী কমিটি নিম্নরূপ কার্য সম্পাদন করবে ঃ

(ক) বিশ্ব স্কাউট আন্দোলনের আদর্শে সমগ্র বাংলাদেশ স্কাউট কার্যকলাপের সমন্বয় সাধন;

(খ) জাতীয় কাউন্সিলের নীতি ও প্রস্তাব বাস্তবায়ন;

(গ) বাংলাদেশ স্কাউটসের তহবিল, সম্পত্তি এবং সংগঠনের প্রশাসনিক দায়িত্ব সম্পাদন;

(ঘ) সংগঠনের বার্ষিক বাজেট অনুমোদন;

(ঙ) জাতীয় কাউন্সিল সভায় পেশ করার জন্য বার্ষিক রিপোর্ট এবং নিরীক্ষিত হিসাব বিবেচনা;

(চ) তহবিল পরিচালনার জন্য জাতীয় কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে বিভিন্ন উপবিধি প্রণয়ন;

(ছ) স্কাউট আন্দোলনের অগ্রগতি, সম্প্রসারণ, প্রশিক্ষণ, প্রোগ্রাম আধুনিকরণ, উন্নয়নও স্বল্পমেয়াদী পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন[২];

(জ) পঞ্চবার্ষিক ও প্রেক্ষিত পরিকল্পনা প্রণয়ন;

(ঝ) প্রয়োজনমত বিশেষ বিশেষ কাজের জন্য বিভিন্ন কমিটি বা টাস্কর্ফোস গঠন;

(ঞ) অঞ্চল, জেলা এবং উপজেলা/ থানা স্কাউটসগুলো, বিশেস করে গ্রামাঞ্চলের স্কাউট দলসমূহ পরিদর্শন, স্কাউট আন্দোলন জোরদার করার লক্ষ্যে তাদের কার্যকলাপের উন্নয়ন ও সম্প্রসারণে প্রয়োজনীয় সাহায্য সহযোগিতা ও উপদেশ প্রদান এবং প্রশিক্ষণে সাহায্য করার যাবতীয় ব্যবস্থা গ্রহণ;

(ট) জনসাধারণের আগ্রহ ও লিডারদের জ্ঞাতার্থে বাংলা ভাষায় স্কাউটিং সংক্রান্ত বিভিন্ন পুস্তক-পুস্তিকা, মাসিক পত্র, সাময়িকী, প্রচারপত্র মুদ্রণ ও বিতরণসহ স্কাউটিং এর যথাযথ ভাবমূর্তি নির্মাণের লক্ষ্যে সকল প্রকার জনসংযোগমূলক কার্যক্রম[২],

(ঠ) বিশ্ব স্কাউট সংস্থা এবং বিশ্ব স্কাউটিং সংক্রান্ত কার্যাবলী প্রচারের ব্যবস্থা গ্রহণ;

(ড) স্কাউট প্রোগ্রাম সময়োপযোগী করে তোলা ও সিলেবাস, ব্যাজ ইত্যাদির উদ্ভাবন, প্রস্তুত ও বিতরণ;

(ঢ) লিডার সম্মেলন, মুট, জাম্বুরী, ক্যাম্পুরী ও র‍্যালী ইত্যাদি স্কাউট প্রোগ্রাম এবং স্কাউট লিডারের পূনর্মিলনের আয়োজন।

**২৫। জাতীয় নির্বাহী কমিটির সভা**

(ক) নির্বাহী কমিটি প্রতি তিন মাসে অন্তত একবার সভায় মিলিত হবে। সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় ইত্যাদি উল্লেখ করে সভার অন্তত ৭ (সাত) দিন আগে সদস্যদের কাছে লিখিত নোটিশ প্রেরণ করতে হবে।

(খ) জরুরি প্রয়োজনে সভাপতি অথবা তাঁর অনুপস্থিতিতে সহ-সভাপতি বা প্রধান জাতীয় কমিশনারের নির্দেশে ২৪ ঘন্টার লিখিত নোটিশ দিয়ে কমিটির জরুরি সভা ডাকা যাবে।

(গ) সাধারণ ও জরুরি সভায় নির্বাহী কমিটির এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম হবে।

(ঘ) সুনির্দিষ্ট প্রয়োজনে জাতীয় নির্বাহী কমিটির মোট সদস্যের অর্ধেক সংখ্যক সদস্য তলবী সভা ডাকার প্রস্তাব করতে পারবেন। এ ধরনের প্রস্তাব পাওয়ার ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে সভাপতি ও প্রধান জাতীয় কমিশনারের সাথে আলোচনাক্রমে সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী উল্লেখ করে নির্বাহী পরিচালক[৭] তলবী সভা ডাকবেন। নির্ধারিত সময়ের মধ্যে নির্বাহী পরিচালক তলবী সভা ডাকতে ব্যর্থ হলে প্রস্তাবকারীগণ নিজেরাই তলবী সভা আহ্বান করতে পারবেন। মোট সদস্যের তিন-চতুর্থাংশের উপস্থিতিতে তলবী সভার কোরাম হবে। কোরাম সংখ্যক সদস্য উপস্থিত না হলে সভা বাতিল বলে গণ্য হবে।

(ঙ) নির্বাহী কমিটির কোন সদস্য কোন কারণ না দেখিয়ে পর পর তিনটি-সভায় অনুপস্থিত থাকলে তার সদস্য পদ বাতিল হতে পারে।

২৬। **চীফ স্কাউট**

(ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি পদাধিকারবলে বাংলাদেশের চীফ স্কাউট। তিনি বাংলাদেশের স্কাউট আন্দোলনের প্রেরণা ও উদ্দীপনার মূল উৎস। চীফ স্কাউট ইচ্ছা করলে এর যে কোন সভা এবং অনুষ্ঠানে যোগদান করতে পারবেন।

(খ) যে কোন স্থানে ও সময়ে তিনি জাতীয় কাউন্সিলের সভা ডাকতে এবং সেই সভায় সভাপতিত্ব করতে পারবেন।

(গ) জাতীয় কাউন্সিলের সাধারণ সভা তিনি মুলতবী অথবা স্থগিত ঘোষণা করতে পারবেন।

(ঘ) 'গঠন ও নিয়ম' এর বিধি মোতাবেক স্কাউট সংগঠন সম্পর্কে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বিবেচিত হবে।

(ঙ) জাতীয় কাউন্সিলের সুপারিশক্রমে তিনি তাঁর স্বাক্ষরিত সনদপত্র দ্বারা প্রধান জাতীয় কমিশনার নিয়োগ করবেন।

(চ) প্রধান জাতীয় কমিশনারের সুপারিশক্রমে তিনি নিজ স্বাক্ষরে জাতীয় কমিশনার এবং আঞ্চলিক কমিশনারদের সনদ দেবেন।

(ছ) প্রধান জাতীয় কমিশনারের সুপারিশক্রমে তিনি প্রেসিডেন্ট'স স্কাউট ও প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড প্রদান অনুমোদন করবেন এবং তাতে স্বাক্ষর করবেন।

২৭। **সভাপতি**
বাংলাদেশ স্কাউটসের একজন সভাপতি থাকবেন। তিনি জাতীয় কাউন্সিল কর্তৃক ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত হবেন। তিনি জাতীয় কাউন্সিল এবং জাতীয় নির্বাহী কমিটির সভায় সভাপতিত্ব এবং সভার কার্যবিবরণী অনুমোদন করবেন। 'গঠন ও নিয়ম' এর কোন ধারার ব্যাখ্যার প্রয়োজন হলে তাঁর ভাষ্যই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৮। **সহ-সভাপতি**
বাংলাদেশ স্কাউটস-এর **৪ (চার)** জন সহ-সভাপতি থাকবেন। এ মধ্যে (১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ; (২) সচিব, মাদরাসা ও কারিগরি শিক্ষা বিভাগ,[১০] শিক্ষা মন্ত্রণালয় (৩) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় পদাধিকার বলে সহ-সভাপতি থাকবেন এবং (৪) অপর একজন জাতীয় কাউন্সিল কর্তৃক নির্বাচিত হবেন। সভাপতির অনুপস্থিতিতে দীর্ঘতম সময় সহ-সভাপতি হিসেবে দায়িত্ব পালনকারী সহসভাপতি জাতীয় কাউন্সিল ও জাতীয় নির্বাহী কমিটির সভায় সভাপতিত্ব করবেন এবং সভার কার্যবিবরণী অনুমোদন করবেন[৫]।

২৯। **প্রধান জাতীয় কমিশনার**
জাতীয় কউিন্সিলের সুপরিশক্রমে বাংলাদেশের চীফ স্কাউট স্বাক্ষরিত সনদ বলে জাতীয় কমিশনার হিসেবে দক্ষতার সাথে দায়িত্ব পালন করেছেন এমন ব্যক্তিদের মধ্য থেকে একজন ৩ (তিন) বছরের জন্য প্রধান জাতীয় কমিশনার নিযুক্ত হবেন। মেয়াদান্তে তিনি এ পদে পুনঃনিযুক্ত হতে পারবেন[৩]। কার্যকালের মেয়াদ শেষ হওয়ার আগে প্রধান জাতীয় কমিশনার এর পদ শূন্য হলে জাতীয় কাউন্সিলের পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত জাতীয় নির্বাহী কমিটির সুপারিশে চীফ স্কাউট কর্তৃক অনতিবিলম্বে একজন জাতীয় কমিশনার প্রধান জাতীয় কমিশনার নিযুক্ত হবেন।

৩০। **প্রধান জাতীয় কমিশনারের দায়িত্ব**
(ক) প্রধান জাতীয় কমিশনার বাংলাদেশে স্কাউট আন্দোলনের উন্নয়ন ও সম্প্রসারণের জন্য 'গঠন ও নিয়ম' এর যথাযথ অনুসরণ সম্পর্কে জাতীয় কাউন্সিল ও চীফ স্কাউট এর কাছে দায়ী থাকবেন[২]।

(খ) তিনি বাংলাদেশে স্কাউট আন্দোলনের উন্নতি বিধান এবং জাতীয় সদর দফতরের সুষ্ঠু পরিচালনা নিশ্চিত করবেন।

(গ) তিনি জাতীয় নির্বাহী কমিটির সহায়তায় সংগঠনের তহবিল ও সম্পত্তির

হেফাজত, কর্মচারী নির্বাচন ও নিয়োগ ইত্যাদি বিষয়ে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঘ) তিনি অঞ্চল থেকে প্রাপ্ত সুপারিশ বিবেচনা করে প্রেসিডেন্ট'স স্কাউট ও প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড সম্পর্কিত বিষয়ে চীফ স্কাউটের নিকট সুপারিশ করবেন। প্রয়োজনবোধে তিনি এ ব্যাপারে উপযুক্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের সহায়তা গ্রহণ করবেন।

(ঙ) তিনি প্রধানমন্ত্রীর কাছে 'শাপলা কাব অ্যাওয়ার্ড' সম্পর্কিত বিষয়ে সুপারিশ করবেন। এছাড়া অন্যান্য অ্যাওয়ার্ড প্রদান করবেন। প্রয়োজনবোধে এ ব্যাপারে উপযুক্ত ব্যক্তি বা ব্যক্তিবর্গের সহায়তা গ্রহণ করবেন[২]।

(চ) তিনি সংগঠনের কার্যাবলী সুষ্ঠু পরিচালনার উদ্দেশ্যে উপযুক্ত ব্যক্তিবর্গের সহায়তা ও সহযোগিতা লাভের জন্য বিভিন্ন জাতীয় কমিশনার এবং অন্যান্য পদ নিয়মানুযায়ী পূরণ করবেন।

(ছ) তিনি জাতীয় ও আঞ্চলিক কমিশনারের কোন পদ শূন্য হলে তাঁর কাজ চালিয়ে নেয়ার জন্য 'গঠন ও নিয়ম' এর বিধান মোতাবেক কারো উপর সে দায়িত্ব ন্যস্ত করবেন।

(জ) তিনি তাঁর নিকট উপস্থাপিত স্কাউটিং সংক্রান্ত যাবতীয় বিষয়ে বিধি মোতাবেক সিদ্ধান্ত দেবেন এবং প্রয়োজনানুযায়ী বাংলাদেশ স্কাউটসের সভাপতি মহোদয়কে অবহিত করবেন। অনুরূপভাবে তিনি জাতীয় নির্বাহী কমিটিকেও অবহিত করবেন[১]।

**৩১। কোষাধ্যক্ষ**

(ক) বাংলাদেশ স্কাউটসের একজন কোষাধ্যক্ষ থাকবেন। তিনি জাতীয় কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত হবেন।

(খ) তিনি নিম্নরূপ দায়িত্ব পালন করবেন ঃ

১) সংগঠনের তরফ থেকে সকল প্রকার আর্থিক লেনদেন করবেন এবং সংগঠনের প্রয়োজনে ব্যয়িত অর্থের যথাযথ হিসাব সংরক্ষণের নিশ্চয়তা বিধান করবেন।

২) প্রধান জাতীয় কমিশনার অথবা সভাপতির লিখিত নির্দেশ ব্যতীত বাজেট বহির্ভূত কোন ব্যয়ের জন্য অর্থ প্রদান করবেন না।

৩) নির্বাহী পরিচালকের[৭] সহায়তায় সংগঠনের বার্ষিক বাজেট প্রণয়ন ও উপস্থাপন করবেন।

৪) মাঝে মাঝে সংগঠনের আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা এবং পরিস্থিতি সম্পর্কে তাঁর মতামতসহ প্রধান জাতীয় কমিশনার ও নির্বাহী কমিটিকে অবহিত রাখবেন।

৫) বার্ষিক কাউন্সিলের সাধারণ সভায় সংগঠনের অর্থ বিষয়ক মুখপাত্র হিসেবে কাজ করবেন।

**৩২। জাতীয় কমিশনার**

(ক) প্রধান জাতীয় কমিশনারের কার্যাবলী পরিচালনায় সহায়তাদানের জন্য প্রধান জাতীয় কমিশনারের সুপারিশক্রমে চীফ স্কাউট কর্তৃক প্রদত্ত সনদপত্র দ্বারা অনধিক ২০(কুড়ি)[১০] জন জাতীয় কমিশনার নিযুক্ত করা যেতে পারে। জাতীয় কমিশনারগণ তাঁদের উপর অর্পিত কাজ-কর্ম পরিচালনার জন্য প্রধান জাতীয় কমিশনারের নিকট দায়ী থাকবেন।

(খ) জাতীয় কমিশনারগণ অঞ্চল, জেলা, মেট্রোপলিটন জেলা বা উপজেলা/থানা স্কাউটসের কোন নির্বাচিত পদ গ্রহণ করতে পারবেন না[৬]।

**৩৩। জাতীয় উপ-কমিশনার**

প্রত্যেক জাতীয় কমিশনারের কাজে সহযোগিতা প্রদানের জন্য এক বা একাধিক জাতীয় উপ-কমিশনার থাকতে পারবেন। জাতীয় উপ-কমিশনারগণ সংশ্লিষ্ট জাতীয় কমিশনারদের সুপারিশক্রমে প্রধান জাতীয় কমিশনার কর্তৃক নিযুক্ত হবেন। তাঁরা সংশ্লিষ্ট জাতীয় কমিশনারের নিকট নিজ নিজ কাজের জন্য দায়ী থাকবেন। জাতীয় উপ-কমিশনারের মোট সংখ্যা ৪০(চল্লিশ)[১০] জনের বেশি হতে পারবে না।

**৩৪। নির্বাহী পরিচালক[৭]**

বাংলাদেশ স্কাউটসের একজন নির্বাহী পরিচালক[৭] থাকবেন এবং তিনি নিম্নবর্ণিত দায়িত্ব পালন করবেন ঃ

১) জাতীয় কাউন্সিল, জাতীয় নির্বাহী কমিটি ও প্রধান জাতীয় কমিশনার কর্তৃক তাঁর উপর ন্যস্ত দায়িত্ব সম্পাদন;

২) সভাপতি/সহ-সভাপতি ও প্রধান জাতীয় কমিশনারের নির্দেশ মোতাবেক সকল সভার নোটিশ প্রেরণ, কার্যবিবরণী লিখন ও গৃহীত প্রস্তাবসমূহ বাস্তবায়ন;

৩) জাতীয় সদর দফতরের কাজকর্ম, চিঠিপত্র, রেকর্ড এবং ষ্টাফ সম্পর্কিত বিষয় তদারক;

৪) বাংলাদেশ স্কাউটসের স্থাবর-অস্থাবর সম্পত্তির হেফাজত এবং এর সকল বিষয়ে প্রধান জাতীয় কমিশনারকে অবহিতকরণ;

৫) বরাদ্দকৃত বাজেটের মধ্য থেকে নির্বাহী কমিটি কর্তৃক প্রদত্ত আর্থিক ক্ষমতা অনুযায়ী বিল মঞ্জুর;

৬) জাতীয় সদর দফতরের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ, তদারক এবং পরিস্থিতি সম্পর্কে মতামতসহ কোষাধ্যক্ষকে অবহিতকরণ;

৭) সংগঠনের বার্ষিক বাজেট প্রণয়নে কোষাধ্যক্ষকে সর্বাত্মক সহায়তা প্রদান;

৮) চার্টার (Charter), সনদ (Warrant) স্কাউট অ্যাওয়ার্ড (Award) বিতরণের এবং স্কাউট ব্যাজ তৈরি ও সরবরাহের ব্যবস্থা;

৯) বিভিন্ন শাখা ও স্তরের সংগঠনের নিকট স্কাউটিং সংক্রান্ত তথ্য ও নির্দেশাবলী প্রেরণ এবং সেখান থেকে পরিসংখ্যান ও তথ্যাদি সংগ্রহ;

১০) বাংলাদেশ স্কাউটসের প্রকাশনা সংক্রান্ত নির্বাহী দায়িত্ব পালন;

১১) বিশ্ব স্কাউট সংস্থাসহ বিভিন্ন দেশের স্কাউট সংস্থার সঙ্গে সাধারণ সংযোগ রক্ষা;

১২) প্রধান জাতীয় কমিশনার কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন।

**৩৫। তহবিল পরিচালনা**

কোষাধ্যক্ষ ও জাতীয় নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত দু'জনের মধ্যে যে কোন একজনের যৌথ স্বাক্ষরে ব্যাংকের হিসাব পরিচালিত হবে।

**৩৬। স্কাউট পরিসংখ্যান**

প্রতি বছর ৩১ ডিসেম্বরের মধ্যে উপজেলা/ থানা স্কাউটস বিভিন্ন গ্রুপ/ইউনিট থেকে পরিসংখ্যান সংগ্রহ করে তা ১৫ জানুয়ারির মধ্যে জেলা স্কাউটসে প্রেরণ করবে। জেলা স্কাউটস নিজ এলাকাধীন উপজেলা/ থানা স্কাউটস থেকে প্রাপ্ত এসব পরিসংখ্যান প্রতিবেদন ২৫ জানুয়ারির মধ্যে আঞ্চলিক স্কাউটসে প্রেরণ করবে এবং আঞ্চলিক স্কাউটস ২৮ ফেব্রুয়ারির মধ্যে সেগুলো জাতীয় সদর দফতরে প্রেরণ করবে।

# তৃতীয় অধ্যায়

# আঞ্চলিক সংগঠন

**৩৭। অঞ্চলসমূহ**

(ক) বাংলাদেশ স্কাউটসের কর্মসূচী সুষ্ঠুভাবে পরিচালনার জন্য দু'ধরনের আঞ্চলিক স্কাউটস থাকবেঃ (১) প্রশাসনিক বিভাগ/মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ভিত্তিক অঞ্চল ও (২) বিশেষ অঞ্চল।

(খ) প্রশাসনিক বিভাগ/মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ভিত্তিক অঞ্চলগুলো হবে[১] :

১) বাংলাদেশ স্কাউটস, ঢাকা অঞ্চল
২) বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চল
৩) বাংলাদেশ স্কাউটস, খুলনা অঞ্চল
৪) বাংলাদেশ স্কাউটস, বরিশাল অঞ্চল
৫) বাংলাদেশ স্কাউটস, সিলেট অঞ্চল
৬) বাংলাদেশ স্কাউটস, কুমিল্লা অঞ্চল
৭) বাংলাদেশ স্কাউটস, চট্টগ্রাম অঞ্চল
৮) বাংলাদেশ স্কাউটস, দিনাজপুর অঞ্চল
৯) বাংলাদেশ স্কাউটস, ময়মনসিংহ অঞ্চল[৯]

(গ) বিশেষ অঞ্চলগুলো হবে-(১) বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল (২) বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চল, (৩) বাংলাদেশ স্কাউটস, নৌ অঞ্চল, (৪) বাংলাদেশ স্কাউটস, এয়ার অঞ্চল।

(ঘ) সাংবিধানিক কাঠামোর দিক থেকে প্রশাসনিক বিভাগ/মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ভিত্তিক অঞ্চলসমূহ হবে অভিন্ন ধরনের এবং বিশেষ অঞ্চলসমূহ হবে বিশেষ ধরনের।

**৩৮। আঞ্চলিক উপবিধি**

(ক) বাংলাদেশ স্কাউটসের 'গঠন ও নিয়ম' ছাড়াও আঞ্চলিক স্কাউটসের নিজস্ব উপবিধি থাকবে। এ উপবিধি আঞ্চলিক কাউন্সিলের বার্ষিক সাধারণ সভায় গৃহীত ও জাতীয় সদর দফতর কর্তৃক অনুমোদিত হতে হবে। কোন অঞ্চল বা তার কোন অংগ সংগঠন 'গঠন ও নিয়ম' এর সঙ্গে অসংগতিপূর্ণ বিধি প্রণয়ন করতে পারবে না 'উক্তরূপ অসংগতিপূর্ণ বিধি প্রণিত হলে তা বাতিল বলে গণ্য হবে। উপবিধি প্রণয়ন কালে গঠন ও নিয়মে উল্লেখিত বিধান

সমূহের কোন প্রকার পরিবর্তন' পরিবর্ধন, সংযোজন পরিমার্জন বা বিয়োজন করা যাবে না।

(খ) বাংলাদেশ স্কাউটসের 'গঠন ও নিয়ম' 'বিধিবদ্ধ হবার ছ' মাসের মধ্যে অঞ্চল নিজস্ব উপবিধি প্রণয়ন করবে এবং তা জাতীয় সদর দফতরের অনুমোদনের জন্য দাখিল করতে হবে। জাতীয় সদর দফতর দাখিলকৃত উপবিধি যাচাই বাছাই করতঃ তিন মাসের মধ্যে সিদ্ধান্ত প্রদান করবে। জাতীয় সদর দফতরের অনুমোদন ব্যতীত অঞ্চলের উপবিধি বা এর অন্য বিধি পরিবর্তন, সংযোজন, সংশোধনী কার্যকর হবেনা। উপবিধি প্রণয়ন কালে গঠন ও নিয়মে উল্লেখিত বিধান সমূহের কোন প্রকার পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন, পরিমার্জন বা বিয়োজন করা যাবে না।

(গ) নির্ধারিত নিয়মানুষারে জাতীয় সদর দফতরে বার্ষিক স্কাউট পরিসংখ্যান ও মেম্বারশীপ ফি প্রদানের সঙ্গে নির্ধারিত বার্ষিক রেজিষ্ট্রেশন ফি পরিশোধ করে অঞ্চলকে তার মঞ্জুরী নবায়ন করতে হবে।

(ঘ) মঞ্জুরী প্রাপ্ত অঞ্চলসমূহ বাংলাদেশ স্কাউটস প্রদত্ত সকল সুযোগ-সুবিধা ভোগ করবে।

## প্রশাসনিক বিভাগ/মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড ভিত্তিক অঞ্চল

### ৩৯। আঞ্চলিক কাউন্সিল

প্রত্যেক অঞ্চলের একটি কাউন্সিল থাকবে। এ কাউন্সিলের গঠন নিম্নরূপ হবেঃ

১) পৃষ্ঠপোষক
২) সভাপতি
৩) সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)
৪) আঞ্চলিক কমিশনার
৫) কোষাধ্যক্ষ
৬) আঞ্চলিক উপ-কমিশনার (অনধিক বার জন)
৭) সম্পাদক
৮) যুগ্ম-সম্পাদক
৯) জেলা স্কাউটসের সম্পাদক ও কমিশনারগণ
১০) আঞ্চলিক নির্বাহী কমিটির সদস্যগণ
১১) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, স্ব স্ব অঞ্চল

১২) বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, স্ব স্ব বিভাগ

১৩) অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা

১৪) অঞ্চলের আওতাধীন লিডার ট্রেনারগণ (কাব ও স্কাউট শাখা)

১৫) জেলা শিক্ষা অফিসারগণ

১৬) জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ

১৭) প্রতি জেলার নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত একজন করে প্রতিনিধি।

**৪০। কাউন্সিলের মেয়াদ ও সভা**

(ক) আঞ্চলিক স্কাউটস কাউন্সিলের কার্যকাল হবে নির্বাচনের তারিখ থেকে ৩ (তিন) বছর।

(খ) আঞ্চলিক স্কাউটস কাউন্সিল বছরে একবার বার্ষিক সাধারণ সভায় মিলিত হবে।

(গ) নির্বাহী কমিটির কার্যাবলীর খতিয়ান বার্ষিক প্রতিবেদন আকারে কাউন্সিল সভায় উপস্থাপন করতে হবে।

(ঘ) কাউন্সিল প্রতি তিন বছর অন্তর একবার কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভার মিলিত হবে।

(ঙ) অপরিহার্য কারণে তিন বছরের মধ্যে কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় আয়োজন করা সম্ভব না হলে নির্বাহী কমিটির সভায় অনধিক ছয় মাস মেয়াদ বাড়ানো যাবে। তবে এ বিষয়ে জাতীয় সদর দফতরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

**৪১। বার্ষিক সভা**

(ক) আঞ্চলিক কাউন্সিল বার্ষিক সাধারণ সভায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেঃ

১) নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত আঞ্চলিক স্কাউটস এর চলতি বছরের বাজেট ও বিগত বছরের আয়-ব্যয়ের হিসাব অবগতি এবং বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন ও তার আগের বছরের আয়-ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।

২) বার্ষিক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কার্যসূচী অনুমোদন।

৩) নিজস্ব উপবিধির কোন ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত প্রস্তাব আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

৪) নির্বাহী কমিটি কর্তৃক উপস্থাপিত আলোচ্যসূচী সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ।

৫) অডিটর নিয়োগ।

**ত্রৈ-বার্ষিক সভা**

(খ) ত্রৈ-বার্ষিক সাধারণ সভা বার্ষিক সাধারণ সভার কার্যাবলী ছাড়াও নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটির সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক, যুগ্ম-সম্পাদক, লিডার ট্রেনার প্রতিনিধি এবং দু'জন কাউন্সিলর প্রতিনিধি নির্বাচন;

২) আঞ্চলিক কমিশনার নিয়োগের সুপারিশ;

গ) বার্ষিক সভা ছাড়াও সভাপতির অনুমতিক্রমে কোন বিশেষ প্রয়োজনে কাউন্সিলের বিশেস সভা ডাকা যাবে।

ঘ) আঞ্চলিক কাউন্সিলের সভা, অনুষ্ঠানাদি, সদস্য পদের শূন্যতা ও তা পূরণ ইত্যাদি ব্যাপারে বাংলাদেশ স্কাউটসের জাতীয় পর্যায়ের বিধিমালা অনুসৃত হবে।

৪২। **নির্বাহী কমিটি**

নিম্নবর্ণিত পদ সমন্বয়ে আঞ্চলিক স্কাউটসের একটি নির্বাহী কমিটি থাকবেঃ

১) সভাপতি
২) সহ-সভাপতি (অনধিক ৫ জন)
৩) আঞ্চলিক কমিশনার
৪) কোষাধ্যক্ষ
৫) আঞ্চলিক উপ-কমিশনার (অনধিক বার জন)
৬) সম্পাদক
৭) যুগ্ম-সম্পাদক
৮) জেলা স্কাউট কমিশনারগণ
৯) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, স্ব স্ব অঞ্চল
১০) বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, স্ব স্ব বিভাগ
১১) অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা
১২) লিডার ট্রেনারগণের মধ্য থেকে নির্বাচিত দু'জন প্রতিনিধি
১৩) অঞ্চলের অন্তর্গত জেলাগুলো থেকে আঞ্চলিক কাউন্সিল কর্তৃক নির্বাচিত দু'জন প্রতিনধি
১৪) প্রয়োজনবোধে দু'জন সহযোজিত সদস্য
১৫) আঞ্চলিক কাউন্সিল কর্তৃক জাতীয় নির্বাহী কমিটিতে প্রেরিত প্রতিনিধি।
১৬) আঞ্চলিক স্কাউটস এর সীমানায় অবস্থিত বিভিন্ন রোভার ইউনিটের মধ্য থেকে সেবা স্তর যোগ্যতাসম্পন্ন এবং সিনিয়র রোভার মেট হিসাবে দায়িত্ব পালনরত কাবিং/স্কাউটিং এ পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন ১ জন ছেলে রোভার এবং ১ জন মেয়ে রোভার সর্বোচ্চ **১ (এক)** বছরের জন্য আঞ্চলিক নির্বাহী

কমিটির সদস্য হবে (এই সদস্য পদ পূরণের জন্য বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল থেকে প্রাপ্ত তালিকার ভিত্তিতে সংশ্লিষ্ট অঞ্চল কর্তৃক ১ (এক) জন ছেলে রোভার এবং ১ (এক) জন মেয়ে রোভার মনোনয়ন চূড়ান্ত করা হবে)[৯]।

## ৪৩। নির্বাহী কমিটির দায়িত্ব

আঞ্চলিক নির্বাহী কমিটির দায়িত্বের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভূক্ত থাকবেঃ

১) স্কাউট আন্দোলনকে সম্প্রসারিত, উন্নীত ও জনপ্রিয় করা।

২) কার্যকলাপ, জনসংযোগ ও প্রচারের মাধ্যমে শিশু কিশোরদের স্কাউটিংয়ের প্রতি আকৃষ্ট করা।

৩) স্থানীয় প্রযুক্তি প্রয়োগ করে স্কাউটদের উদ্যোগে সমাজ সেবামূলক কাজ ও সমাজ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা।

৪) স্কাউটিংয়ে আগ্রহী ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ দিয়ে নেতৃত্ব গ্রহণে উৎসাহিত করা।

৫) সিলেবাস অনুযায়ী স্কাউটদের প্রশিক্ষণ পরিচালনা নিশ্চিত করা।

৬) বাংলাদেশ স্কাউটসের প্রাপ্য রেজিষ্ট্রেশন ফি নির্ধারিত সময়ে পরিশোধ করা।

৭) এলাকাস্থ স্কাউট সদস্যদের রেকর্ড রাখা।

৮) আইন লংঘনকারী স্কাউট বা স্কাউটারের বিরুদ্ধে বাংলাদেশ স্কাউটসের অনুমোদন অথবা নির্দেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

৯) সনদপত্র, ডেকোরেশন অ্যাওয়ার্ড প্রদানের সুপারিশ করা।

১০) স্কাউট ব্যাজ, বই প্রভৃতি সরবরাহের ব্যবস্থা করা।

১১) আঞ্চলিক কাউন্সিলের বার্ষিক/ত্রৈ-বার্ষিক সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী নির্ধারণ করা।

১২) আঞ্চলিক কাউন্সিল কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা।

১৩) স্কাউট আন্দোলনের উন্নয়নে উপজেলা/থানা ও জেলা স্কাউটসের তলিকাভূক্ত শাখাসমূহের মধ্যে সমঝোতা বৃদ্ধির চেষ্টা করা।

১৪) আঞ্চলিক স্কাউটসের বার্ষিক র‍্যালী ও অন্যান্য সমাবেশের আয়োজন করা।

১৫) স্কাউটসের জাতীয় ও আন্তর্জাতিক সামবেশ, সেমিনার, র‍্যালী, জাম্বুরী ইত্যাদি অনুষ্ঠানে যোগদানের জন্য নিজ অঞ্চলের প্রতিনিধি মনোয়ন করা।

১৬) জাতীয় কাউন্সিল ও স্কাউটারদের সম্মেলনাদির জন্য নির্ধারিত সংখ্যক প্রতিনিধি মনোনীত করা।

১৭) বার্ষিক আয়-ব্যয়ের বাজেট পেশ করা।

১৮) সময় সময় আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করা এবং বিগত বছরের কার্যবিবরণী ও আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করা এবং বিগত বছরের কার্যবিবরণী ও আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব কাউন্সিল সভায় পেশ করা।

১৯) তহবিল বৃদ্ধির জন্য উৎস ও পন্থা উদ্ভাবন এবং নীতি নির্ধারণ করা।

২০) 'গঠন ও নিয়ম' এবং নিজস্ব উপবিধি অনুসারে অন্যান্য দায়িত্ব পালন করা।

২১) জেলা, উপজেলা / থানা ও ইউনিটের স্কাউটের স্কাউট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচারনার লক্ষ্যে নিয়মিত পরিদর্শন কার্যক্রম নিশ্চিত করা এবং জবাবদিহিতা কার্যকর করা।

**৪৪। পৃষ্ঠপোষক**

বিভাগীয় কমিশনার পদাধিকার বলে পৃষ্ঠপোষক হবেন।

**৪৫। সভাপতি**

সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান পদাধিকার বলে সভাপতি হবেন। তিনি আঞ্চলিক কাউন্সিল ও নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন।

**৪৬। সহ-সভাপতি**

আঞ্চলিক স্কাউটসের অনধিক পাঁচ জন সহ-সভাপতি থাকবেন। তিনি/তাঁরা ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত হবেন। সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন[৩]।

**৪৭। আঞ্চলিক কমিশনার**

(ক) আঞ্চলিক কমিশনার আঞ্চলিক কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভার সুপারিশক্রমে চীফ স্কাউট ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে তিন বছরের জন্য নিয়োজতি হবেন। তাঁকে সংশ্লিষ্ট অঞ্চলে কার্যরত অথবা সেখানকার বসবাসকারী হতে হবে।

(খ) তিনি তাঁর কার্যাবলীর জন্য প্রধান জাতীয় কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**(গ) আঞ্চলিক কমিশনারের দায়িত্ব হবে নিম্নরূপ ঃ**

১) আঞ্চলিক সংগঠনের উন্নয়ন এবং আঞ্চলিক কাউন্সিলকে কর্মচঞ্চল ও কার্যকর রাখা।

২) সভাপতির সঙ্গে আলোচনা করে কাউন্সিল সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় নির্ধারন।

৩) আঞ্চলিক স্কাউটসের তহবিল ও সম্পত্তির হেফাজত, কর্মচারী নিয়োগ, নিয়ন্ত্রণ ও তাদের অবসর গ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদন।

৪) সনদপত্র দ্বারা যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের আঞ্চলিক উপ-কমিশনার পদে নিয়োগের ব্যবস্থা এবং তাদের অবসর গ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদনা।

৫) আঞ্চলিক উপ-কমিশনারের কোন পদ শূন্য হলে তা পূরণের ব্যবস্থা গ্রহণ।

৬) স্কাউট ও স্কাউটারদের অ্যাওয়ার্ড, প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড এবং শাপলা কাব অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৭) সভাপতি ও সহ-সভাপতির অুনপস্থিতিতে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভায় সভাপতির দায়িত্ব পালন।

(ঘ) আঞ্চলিক কমিশনার কোন বিষয়ে আঞ্চলিক কাউন্সিল বা নির্বাহী কমিটির সঙ্গে একমত না হলে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রধান জাতীয় কমিশনারের নিকট বিষয়টি উত্থাপন করতে হবে। এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৪৮। **কোষাধ্যক্ষ**

কোষাধ্যক্ষ কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত হবেন এবং তিনি,

১) সংগঠনের নামে প্রাপ্ত সকল টাকা পয়সা গ্রহণ করবেন এবং আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণের নিশ্চয়তা বিধান করবেন;

২) সম্পাদকের সহায়তায় বার্ষিক বাজেট প্রণয়ন ও উপস্থাপন করবেন;

৩) নির্বাহী কমিটির অনুমোদনক্রমে অথবা নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে আঞ্চলিক কমিশনারের লিখিত অনুমতিক্রমে বাজেট বহির্ভূত খরচের বিল মঞ্জুর করতে পারবেন;

৪) তহবিলের অবস্থা সম্পর্কে আঞ্চলিক কমিশনার ও নির্বাহী কমিটিকে নিয়মিত অবহিত রাখবেন;

৫) সংগঠনের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব নির্বাহী কমিটির অনুমোদনসহ বার্ষিক কাউন্সিল সভায় পেশ করবেন;

৪৯। **আঞ্চলিক উপ-কমিশনার**

আঞ্চলিক কমিশনারের কার্যাবলী সম্পাদনে সহায়তা করার জন্য বিভিন্ন বিষয়ে তাঁর সুপারিশক্রমে তাঁর নিজের ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে স্কাউটিংয়ে অভিজ্ঞ ব্যক্তিদের মধ্য থেকে অনধিক বার জন আঞ্চলিক উপ-কমিশনার নিয়োগ করা যাবে। তাঁরা তাঁদের কার্যাবলীর জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন[৩]।

**৫০। সম্পাদক**

(ক) সম্পাদক কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন।

(গ) সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবেঃ

১) সভাপতি ও আঞ্চলিক কমিশনারের নির্দেশে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভার নোটিশ প্রেরণ, সভার কার্যবিবরণী লিখন, সংরক্ষণ ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;

২) সংগঠনের স্থাবর-অস্থাবর সম্পতি-ও দলিলপত্র সংরক্ষণ;

৩) উপজেলা/থানা, জেলা থেকে প্রাপ্ত গ্রুপ/ইউনিট রেজিষ্ট্রেশন চার্টার ও সনদ বিতরণর ব্যবস্থা ও তৎসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ;

৪) উপজেলা/থানা, জেলা থেকে প্রাপ্ত গ্রুপ/ইউনিট রেজিষ্ট্রেশন চার্টার ও সনদ বিতরণের ব্যবস্থা ও তৎসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ;

৫) সংগঠনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;

৬) উপজেলা/থানা, জেলা থেকে বার্ষিক মেম্বারশীপ ফি, রেজিষ্ট্রেশন ফি, কার্যবিবরণী ও স্কাউট পরিসংখ্যান সংগ্রহ এবং তার বিবরণ প্রস্তুত করে যথাসময়ে জাতীয় সদর দফতরে প্রেরণ;

৭) নির্ধারিত ফরমে জেলা থেকে প্রাপ্ত স্কাউট/স্কাউটারদের ডেকোরেশন ও অ্যাওয়ার্ডের সুপারিশপত্র যথাসময়ে জাতীয় সদর দফতরে প্রেরণ;

৮) সম্পাদক নিজে বা তাঁর মনোনীত প্রতিনিধির মাধ্যমে জেলা এবং উপজেলা/থানার সকল স্কাউট কার্যক্রম নিয়মিত পরিদর্শনের ব্যবস্থা করা।

**৫১। যুগ্ম-সম্পাদক**

(ক) যুগ্ম-সম্পাদক কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য সম্পাদকের নিকট দায়ী থাকবেন।

(গ) যুগ্ম-সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবেঃ

১) সম্পাদককে সকল কাজে সাহায্য এবং সহেযাগিতা করা।

২) সম্পাদক কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন।

৩) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় দায়-দায়িত্ব পালন।

**৫২। তহবিল**

(ক) আঞ্চলিক স্কাউটসের ব্যয় সংকুলানের জন্য অর্থ স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। চাঁদা ও অনুদান রশিদ দিয়ে নিতে হবে।

(খ) আঞ্চলিক স্কাউটসের তহবিলে প্রদত্ত ও আদায়কৃত সমুদয় অর্থ জমা রাখার জন্য ব্যাংকে হিসাব খুলতে হবে। কোষাধ্যক্ষ ও নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত একজন সদস্যের যৌথ স্বাক্ষরে এ হিসাব পরিচালিত হবে।

৩) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় দায়-দায়িত্ব পালন।

**৫২। তহবিল**

(ক) আঞ্চলিক স্কাউটসের ব্যয় সংকুলানের জন্য অর্থ স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। চাঁদা ও অনুদান রশিদ দিয়ে নিতে হবে।

(খ) আঞ্চলিক স্কাউটসের তহবিলে প্রদত্ত ও আদায়কৃত সমুদয় অর্থ জমা রাখার জন্য ব্যাংকে হিসাব খুলতে হবে। কোষাধ্যক্ষ ও নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত একজন সদস্যের যৌথ স্বাক্ষরে এ হিসাব পরিচালিত হবে।

# বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চল

**৫৩। আঞ্চলিক কাউন্সিল ঃ**

বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চলের একটি কাউন্সিল থাকবে। এ কাউন্সিলের গঠন নিম্নরূপ হবেঃ

১. সভাপতি
২. সহ-সভাপতি (অনধিক ৫ জন)
৩. আঞ্চলিক কমিশনার
৪. কোষাধ্যক্ষ
৫. সম্পাদক
৬. যুগ্ম-সম্পাদক
৭. আঞ্চলিক নির্বাহী কমিটির সকল সদস্য
৮. অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা
৯. জেলা রোভার স্কাউটসের সকল কমিশনার ও সম্পাদক
১০. সকল লিডার ট্রেনার (অঞ্চলের আওতাধীন)
১১. সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক।

**৫৪। কাউন্সিলের মেয়াদ ও সভা**

(ক) রোভার অঞ্চলের কাউন্সিলের কার্যকাল হবে নির্বাচনের তারিখ থেকে ৩ (তিন) বছর।

(খ) এ কাউন্সিল বছরে একবার বার্ষিক সভায় মিলিত হবে।

(গ) নির্বাহী কমিটির কার্যাবলীর খতিয়ান বার্ষিক প্রতিবেদন আকারে কাউন্সিল সভায় উপস্থাপন করতে হবে।

(ঘ) কাউন্সিল প্রতি তিন বছর অন্তর একবার ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় মিলিত হবে।

(ঙ) অপরিহার্য কারণে তিন বছরের মধ্যে কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভার আয়োজন করা সম্ভব না হলে নির্বাহী কমিটির সভায় অনধিক ছ'মাস মেয়াদ বাড়ানো যাবে। তবে এ বিষয়ে জাতীয় সদর দফতরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

**৫৫। বার্ষিক সভা**

(ক) রোভার আঞ্চলিক কাউন্সিল বার্ষিক সাধারণ সভায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেঃ

১) নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত আঞ্চলিক স্কাউটসের চলতি বছরের বাজেট ও বিগত বছরের আয়-ব্যয়ের হিসাব অবগতি এবং বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন ও তার আগের বছরের আয় ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন[২]।

২) বার্ষিক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কর্মসূচী অনুমোদন;

৩) নিজস্ব উপবিধির কোন ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত প্রস্তাব আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৪) নির্বাহী কমিটি কর্তৃক উত্থাপিত আলোচ্যসূচীর ওপর সিদ্ধান্ত গ্রহণ;

ত্রৈ-বার্ষিক সভা

(খ) ত্রৈ-বার্ষিক সাধারণ সভা বার্ষিক সাধারণ সভার কার্যাবলী ছাড়াও নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবেঃ

১) নির্বাহী কমিটির সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক, যুগ্ম-সম্পাদক, প্রশাসনিক বিভাগ থেকে একজন করে রোভার স্কাউট লিডার প্রতিনিধি এবং দু'জন লিডার ট্রেনার প্রতিনিধি নির্বাচন;

২) আঞ্চলিক কমিশনার নিয়োগের সুপারিশ;

(গ) বার্ষিক সভা ছাড়াও সভাপতির অনুমতিক্রমে কোন বিশেষ প্রয়োজনে কাউন্সিলের বিশেষ সভা ডাকা যাবে।

(ঘ) রোভার অঞ্চলের সভা, অনুষ্ঠানাদি, সদস্য পদের শূন্যতা ও তার পূরণ ইত্যাদির ব্যাপারে বাংলাদেশ স্কাউটসের বিধিমালা অনুসৃত হবে।

**৫৬। নির্বাহী কমিটি**

নিম্নবর্ণিত পদ সমন্বয়ে বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চলের একটি নির্বাহী কমিটি থাকবে?

১. সভাপতি
২. সহ-সভাপতি (অনধিক ৫ জন)
৩. আঞ্চলিক কমিশনার
৪. কোষাধ্যক্ষ
৫. আঞ্চলিক উপ কমিশনারগণ (অনধিক বার জন)
৬. সম্পাদক
৭. যুগ্ম-সম্পাদক

৮. প্রত্যেক প্রশাসনিক বিভাগ থেকে স্বায়ত্বশাসিত বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার ১(এক) জন, বিশ্ববিদ্যালয়ের নামের অদ্যাক্ষর অনুযায়ী পর্যায়ক্রমে মনোনিত হবেন[৮]।

৯. সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান

১০. বাংলাদেশ মদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান

১১. কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান

১২. প্রতি প্রশাসনিক বিভাগ থেকে একজন রোভার স্কাউট লিডার প্রতিনিধি

১৩. লিডার ট্রেনারদের মধ্য থেকে নির্বাচিত দু'জন প্রতিনিধি

১৪. প্রতি প্রশাসনিক বিভাগ থেকে একজন সহযোজিত সদস্য

১৫. অঞ্চলের দায়িত্ব প্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা

১৬. প্রত্যেক প্রশাসনিক বিভাগ থেকে সেবা স্তর যোগ্যতাসম্পন্ন একজন সিনিয়র রোভার মেট প্রতিনিধি। (বিভাগীয় সিনিয়র রোভার মেট প্রতিনিধি-প্রতি বছর আঞ্চলিক/জাতীয় রোভার মুট, কমডেকা, সমাবেশ বা বিভাগীয় সিনিয়র রোভার মেট ওয়ার্কশপে অংশগ্রহণকারী সিনিয়র রোভার মেটদের মধ্য থেকে প্রত্যেক প্রশাসনিক বিভাগ থেকে একজন করে নির্বাচন করা যেতে পারে)[৯]।

## ৫৭। নির্বাহী কমিটির দায়িত্ব

নির্বাহী কমিটির দায়িত্বের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভূক্ত থাকবেঃ

১) স্কাউট আন্দোলনকে সম্প্রসারিত, উন্নীত ও জনপ্রিয় করা;

২) কার্যকলাপ, জনসংযোগ ও প্রচারের মাধ্যমে যুবক/যুবতীদের স্কাউটিংয়ের প্রতি আকৃষ্ট করা;

৩) স্থানীয় প্রযুক্তি প্রয়োগ করে রোভার স্কাউটদের উদ্যোগে সমাজ সেবামূলক কাজ ও সমাজ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা;

৪) স্কাউটিংয়ে আগ্রহী ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ দিয়ে নেতৃত্ব গ্রহণে উৎসাহিত করা;

৫) সিলেবাস অনুযায়ী রোভার স্কাউটদের প্রশিক্ষণ পরিচালনা নিশ্চিত করা;

৬) বালাদেশ স্কাউটসের প্রাপ্য রেজিষ্ট্রেশন ফি নির্ধারিত সময়ে পরিশোধ করা;

৭) এলাকাস্থ রোভার স্কাউট সদস্যদের রেকর্ড রাখা;

৮) আইন লংঘনকারী রোভার স্কাউট বা স্কাউটারের বিরুদ্ধে বাংলাদেশ স্কাউটসের অনুমোদন অথবা নির্দেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৯) সনদপত্র, ডেকোরেশন ও অ্যাওয়ার্ড প্রদানের সুপারিশ করা;

১০) রোভার স্কাউট ব্যাজ, বই প্রভৃতি সরবরাহের ব্যবস্থা করা
১১) আঞ্চলিক কাউন্সিলের বার্ষিক/ত্রৈ-বার্ষিক সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী নির্ধারণ করা;
১২) আঞ্চলিক কাউন্সিলের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা;
১৩) স্কাউট আন্দোলনের উন্নয়নে জেলা রোভার স্কাউটসের তালিকাভুক্ত সকল শাখা ও আঞ্চলিক স্কাউটসের মধ্যে সমঝোতা বৃদ্ধির চেষ্টা করা;
১৪) বার্ষিক মুট ও অন্যান্য সমাবেশের আয়োজন করা;
১৫) রোভার স্কউটদের জাতীয়, আন্তর্জাতিক সম্মেলন, সমাবেশ, সেমিনার, মুট, ওয়ার্কশপ ইত্যাদিতে যোগদানের জন্য নিজ অঞ্চলের প্রতিনিধি মনোনয়ন করা;
১৬) জাতীয় কাউন্সিল ও স্কাউটদের সম্মেলনাদির জন্য নির্ধারিত সংখ্যক প্রতিনিধি মনোনীত করা;
১৭) বার্ষিক আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করা;
১৮) সময় সময় আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করা এবং বিগত বছরের আয় ব্যয়ের নিরীক্ষিত হিসাব কাউন্সিলের সাধারণ সভায় পেশ করা;
১৯) তহবিল বৃদ্ধির উৎস ও পন্থা উদ্ভাবন এবং নীতি নির্ধারণ করা;
২০) 'গঠন ও নিয়ম' এবং নিজস্ব উপবিধি অনুসারে অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

**৫৮। সভাপতি**

উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয় পদাধিকারবলে বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চলের সভাপতি হবেন। তিনি আঞ্চলিক কাউন্সিল এবং নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন।

**৫৯। সহ-সভাপতি**

বাংলাদেশ স্কাউটস, রোভার অঞ্চলের অনধিক পাঁচ জন সহ-সভাপতি থাকবেন। তিনি/তাঁরা আঞ্চলিক কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত হবেন। সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন[৩]।

**৬০। আঞ্চলিক কমিশণার**

(ক) আঞ্চলিক কমিশনার আঞ্চলিক কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভার

সুপারিশক্রমে চীফ স্কাউট ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে তিন বছরের জন্য নিয়োজিত হবেন।

(খ) তিনি তাঁর কার্যাবলীর জন্য প্রধান জাতীয় কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**(গ) আঞ্চলিক কমিশনারের দায়িত্ব হবে নিম্নরূপ ঃ**

১) রোভার অঞ্চলের সংগঠনের উন্নয়ন এবং আঞ্চলিক কাউন্সিলকে কর্মচঞ্চল ও কার্যকর রাখা;

২) সভাপতির সঙ্গে আলোচনাক্রমে আঞ্চলিক কাউন্সিল সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় নির্ধারণ;

৩) আঞ্চলিক স্কাউটসের তহবিল ও সম্পত্তির হেফাজত, কর্মচারী নিয়োগ, নিয়ন্ত্রণ ও তাদের অবসর গ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদন;

৪) সনদপত্রের মাধ্যমে যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের আঞ্চলিক উপ-কমিশনার পদে নিয়োগের ব্যবস্থা এবং রোভারিং উন্নয়নে তাঁদের কাজ করার সুযোগ প্রদান;

৫) আঞ্চলিক উপ-কমিশনারের কোন পদ শূন্য হলে তা পূরণের ব্যবস্থা করা;

৬) রোভার স্কাউট ও স্কাউটারদের অ্যাওয়ার্ড, প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৭) সভাপতি ও সহ-সভাপতির অনুপস্থিতিতে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভায় সভাপতির দায়িত্ব পালন[২];

(ঘ) আঞ্চলিক কমিশনার কোন বিষয়ে আঞ্চলিক কাউন্সিল বা আঞ্চলিক নির্বাহী কমিটির সঙ্গে একমত না হলে সিদ্ধান্ত প্রদানের জন্য প্রধান জাতীয় কমিশনারের নিকট বিষয়টি উত্থাপন করতে হবে। এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

### ৬১। কোষাধ্যক্ষ

কোষাধ্যক্ষ কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত হবেন এবং তিনি,

১) সংগঠনের নামে প্রাপ্ত সকল টাকা পয়সা গ্রহণ করবেন এবং আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণের নিশ্চয়তা বিধান করবেন;

২) সম্পাদকের সহায়তায় বার্ষিক বাজেট প্রণয়ন ও উপস্থাপন করবেন;

৩) নির্বাহী কমিটির অনুমোদনক্রমে অথবা নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে আঞ্চলিক কমিশনারের লিখিত অনুমতিক্রমে বাজেট বহির্ভূত খরচের বিল মঞ্জুর করতে পারবেন;

৪) তহবিলের অবস্থা সম্পর্কে আঞ্চলিক কমিশনার ও নির্বাহী কমিটিকে নিয়মিত অবহিত রাখবেন;

৫) সংগঠনের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব কমিটির অনুমোদনসহ বার্ষিক কাউন্সিল সভায় পেশ করবেন।

**৬২। আঞ্চলিক উপ-কমিশনার**

আঞ্চলিক কমিশনারের কার্যাবলী সম্পাদনে সহায়তা করার জন্য বিভিন্ন বিষয়ে তাঁর সুপারিশক্রমে তাঁর নিজের ও প্রধান জাতীয় কমিশণারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা অনধিক বার জন আঞ্চলিক উপ-কমিশনার নিয়োগ করা যাবে। তাঁরা তাঁদের কার্যাবলীর জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**৬৩। সম্পাদক**

(ক) সম্পাদক কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**(গ) সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সভাপতি ও আঞ্চলিক কমিশনারের নির্দেশে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভার নোটিশ প্রেরণ, সভার কার্যবিবরণী লিখন, সংরক্ষণ ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;

২) সংগঠনের স্থাবর-অস্থাবর সম্পত্তি ও দলিলপত্র সংরক্ষণ;

৩) রোভার জেলা ও জাতীয় সদর দফতরের সঙ্গে যোগাযোগ রক্ষা করা;

৪) জেলা থেকে প্রাপ্ত গ্রুপ/ইউনিট রেজিস্ট্রেশন চার্টার ও সনদ ইস্যু ও প্রাপকের নিকট বিতরণের ব্যবস্থা ও তৎসক্রান্ত রেকর্ড সংরক্ষণ;

৫) সংগঠনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;

৬) রোভার জেলা থেকে বার্ষিক মেম্বারশীপ ফি, রেজিস্ট্রেশন ফি, কার্যবিবরণী ও স্কাউট পরিসংখ্যান সংগ্রহ এবং তার বিবরণ প্রস্তুত করে যথাসময়ে জাতীয় সদর দফতরে প্রেরণ;

৭) নির্ধারিত ফরমে জেলা থেকে প্রাপ্ত রোভার স্কাউট ও স্কাউটার ডেকোরেশন ও অ্যাওয়ার্ডের সুপারিশপত্র যথাসময়ে জাতীয় সদর দফতরে প্রেরণ।

**৬৪। যগ্ম-সম্পাদক**

(ক) যুগ্ম-সম্পাদক কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন;

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য সম্পাদকের নিকট দায়ী থাকবেন।

**(গ) যুগ্ম-সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সম্পাদককে সকল কাজে সাহায্য এবং সহেযাগিতা করা;

২) সম্পাদক কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন;

৩) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় দায়-দায়িত্ব পালন।

**৬৫। তহবিল**

(ক) রোভার অঞ্চলের ব্যয় সংকুলানের জন্য অর্থ স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। চাঁদা ও অনুদান রশিদ দিয়ে নিতে হবে।

(খ) আঞ্চলিক স্কাউটসের তহবিলে প্রদত্ত ও আদায়কৃত সমুদয় অর্থ জমা রাখার জন্য ব্যাংক হিসাব খুলতে হবে। কোষাধ্যক্ষ ও নির্বাহী কমিটির কর্তৃক মনোননীত একজন সদস্যের যৌথ স্বাক্ষরে এ হিসাব পরিচারিত হবে।

# বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চল

৬৬। ক বাংলাদেশ রেলওয়ে কর্তৃক পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠান, রেলওয়ে কর্তৃক সাহায্য প্রাপ্ত ও অনুদানে পরিচালিত সকল শিক্ষা প্রতিষ্ঠান, রেলওয়ে এলাকার জমির উপর পরিচালিত ও প্রতিষ্ঠিত সকল শিক্ষা প্রতিষ্ঠান, রেলওয়ে এলাকার জমির উপর প্রতিষ্ঠিত সকল দলসমূহ, রেলওয়ে কর্মকর্তা, কর্মচারী এবং তাদের উপর নির্ভরশীল ব্যক্তি দ্বারা গঠিত সকল মুক্ত বা নিয়ন্ত্রিত কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট ইউনিট/গ্রুপসমূহ রেলওয়ে অঞ্চলের আওতায় থাকবে। রেলওয়ে এলাকার কোন স্কাউট গ্রুপ/শিক্ষা প্রতিষ্ঠান, বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চল ব্যতীত অন্য কোন স্কাউট অঞ্চলের সাথে তালিকাভুক্ত হতে পারবে না। তবে এরূপ তালিকাভূক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট অঞ্চল ও শিক্ষা বোর্ডের সম্মতি তথা পূর্বানুমোদনের প্রয়োজন হবে[৫]।

৬৬। **খ আঞ্চলিক কাউন্সিল**

বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চলের একটি কাউন্সিল থাকবে। এ কাউন্সিলের গঠন নিম্নরূপ হবে ঃ

১. সভাপতি
২. সহ-সভাপতি (অনধিক ৫ জন)
৩. আঞ্চলিক কমিশনার
৪. কোষাধ্যক্ষ
৫. সম্পাদক
৬. যুগ্ম-সম্পাদক
৭. সকল জেলা স্কাউটসের সম্পাদক ও কমিশনার
৮. আঞ্চলিক নির্বাহী কমিটির সকল সদস্য
৯. অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা
১০. সকল লিডার ট্রেনার (অঞ্চলের আওতাধীন)

**৬৭। কাউন্সিলের মেয়াদ ও সভা**

(ক) রেলওয়ে আঞ্চলিক কাউন্সিলের কার্যকাল হবে নির্বাচনের তারিখ থেকে তিন বছর;

(খ) এ কাউন্সিল বছরে একবার সাধারণ সভায় মিলিত হবে;

(গ) নির্বাহী কমিটির কার্যাবলীর খতিয়ান বার্ষিক প্রতিবেদন আকারে কাউন্সিলের সাধারণ সভায় উপস্থাপন করতে হবে;

(ঘ) কাউন্সিল প্রতি তিন বছর অন্তর একবার ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় মিলিত হবে;

(ঙ) অপরিহার্য কারণে তিন বছরের মধ্যে কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভার আয়োজন করা সম্ভব না হলে নির্বাহী কমিটির সভায় অনধিক ছ'মাস মেয়াদ বাড়ানো যাবে। তবে সে বিষয়ে জাতীয় সদর দফতরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

**৬৮। বার্ষিক সভা**

(ক) রেলওয়ে আঞ্চলিক কাউন্সিল প্রতি বার্ষিক সাধারণ সভায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত অঞ্চলের চলতি বছরের বাজেট ও বিগত বছরের আয়-ব্যয়ের হিসাব অবগতি এবং বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন ও তার আগের বছরের আয়-ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;

২) বার্ষিক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কর্মসূচী অনুমোদন;

৩) নিজস্ব উপবিধির কোন ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত প্রস্তাব আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৪) নির্বাহী কমিটির কোন সুপারিশ থাকলে তা আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৫) অডিটর নিয়োগ।

**ত্রৈ-বার্ষিক সভা**

(খ) বার্ষিক সাধারণ সভার কার্যাবলী ছাড়াও ত্রৈ-বার্ষিক সাধারন সভা নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবেঃ

১) নির্বাহী কমিটির সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক, যুগ্ম-সম্পাদক ও লিডার ট্রেনার প্রতিনিধি নির্বাচন;

২) আঞ্চলিক কমিশনার নিয়োগের সুপারিশ;

(গ) বার্ষিক সভা ছাড়াও সভাপতির অনুমতিক্রমে কোন বিশেষ প্রয়োজনে কাউন্সিলের বিশেষ সভা ডাকা যাবে।

(ঘ) বাঙলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চলের সভা, অনুষ্ঠানাদি, সদস্যপদে শূন্যতা ও তা পূরণ ইত্যাদি ব্যাপারে বাংলাদেশ স্কাউটসের বিধিমালা অনুসৃত হবে।

## ৬৯। নির্বাহী কমিটি

নিম্নবর্ণিত পদ সমন্বয়ে রেলওয়ে অঞ্চলের একটি নির্বাহী কমিটি থাকবেঃ

১) সভাপতি

২) সহ-সভাপতি (অনধিক ৫ জন)

৩) আঞ্চলিক কমিশনার

৪) কোষাধ্যক্ষ

৫) আঞ্চলিক উপ-কমিশনার (অনধিক বার জন)

৬) সম্পাদক

৭) যুগ্ম-সম্পাদক

৮) জেলা স্কাউট কমিশনারগণ

৯) অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা

১০) লিডার ট্রেনারগণের মধ্য থেকে নির্বাচিত দু'জন প্রতিনিধি

১১) প্রয়োজনবোধে দু'জন সহযোজিত সদস্য।

১২) বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চলের আওতায় রোভার স্কাউট ইউনিটের মধ্য থেকে সেবা স্তর যোগ্যতাসম্পন্ন এবং সিনিয়র রোভার মেট হিসাবে দায়িত্ব পালনরত ১ জন ছেলে রোভার এবং ১ জন মেয়ে রোভার সর্বোচ্চ ১ (এক) বছরের জন্য আঞ্চলিক নির্বাহী কমিটির সদস্য হবে (এই সদস্য পদ পূরণের জন্য বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চলের নিয়ন্ত্রণাধীন জেলা রোভার স্কাউটস থেকে প্রাপ্ত তালিকার ভিত্তিতে বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চল কর্তৃক মনোনয়ন চূড়ান্ত করা হবে)[৯]।

## ৭০। নির্বাহী কমিটির দায়িত্ব

বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চলের নির্বাহী কমিটির দায়িত্বের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভূক্ত থাকবে ঃ

১) স্কাউট আন্দোলনকে সম্প্রসারিত, উন্নীত ও জনপ্রিয় করা;

২) কার্যকলাপ, জনসংযোগ ও প্রচারের মাধ্যমে তরুণ/তরুণীদের স্কাউটিংয়ের প্রতি আকৃষ্ট করা;

৩) স্থানীয় প্রযুক্তি প্রয়োগ করে স্কাউট/রোভার স্কাউটদের সমাজ সেবামূলক কাজ ও সমাজ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন রকা;

৪) স্কাউটিংয়ে আগ্রহী ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ দিয়ে নেতৃত্ব গ্রহণে উৎসাহিত করা;

৫) সিলেবাস অনুযায়ী স্কাউটদের প্রশিক্ষণ পরিচালনা নিশ্চিত করা;

৬) বাংলাদেশ স্কাউটসের প্রাপ্য রেজিস্ট্রেশন ফি নির্ধারিত সময়ে পরিশোধ করা;

৭) এলাকাস্থ স্কাউট সদস্যদের রেকর্ড রাখা;

৮) আইন লংঘনকারী স্কাউট বা স্কাউটারের বিরুদ্ধে বাংলাদেশ স্কাউটসের অনুমোদন অথবা নির্দেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৯) সনদপত্র, ডেকোরেশন ও অ্যাওয়ার্ড প্রদানের সুপারিশ করা;

১০) স্কাউট ব্যাজ, বই প্রভৃতি সরবরাহের ব্যবস্থা করা;

১১) আঞ্চলিক কাউন্সিলের বার্ষিক/ত্রৈ-বার্ষিক সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী নির্ধারণ করা;

১২) আঞ্চলিক কাউন্সিলে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা;

১৩) স্কাউট আন্দোলনের উন্নয়নে রেলওয়ে জেলা স্কাউটসের তালিকাভূক্ত সকল শাখা ও আঞ্চলিক স্কাউটসের মধ্যে সমঝোতা বৃদ্ধির চেষ্টা করা;

১৪) রেলওয়ে অঞ্চলের বার্ষিক মুট/র‍্যালি ও অন্যান্য সামবেশের আয়োজন করা;

১৫) স্কাউটদের জাতীয়, আন্তর্জাতিক সম্মেলন, সমাবেশ, সেমিনার, র‍্যালী, মুট, জাম্বুরী ইত্যাদিতে যোগদানের জন্য নিজ অঞ্চলের প্রতিনিধি মনোনয়ন করা;

১৬) জাতীয় কাউন্সিল ও স্কাউটারদের সম্মেলনাদির জন্য নির্ধারিত সংখ্যক প্রতিনিধি মনোনীত করা;

১৭) বার্ষিক আয়-ব্যয়ের বাজেট পাশ করা;

১৮) সময় সময় আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করা এবং বিগত বছরের কার্যবিবরণী ও আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব কাউন্সিল সভায় পেশ করা;

১৯) তহবিল বৃদ্ধির উৎস ও পন্থা উদ্ভাবন এবং নীতি নির্ধারণ করা;

২০) 'গঠন ও নিয়ম' এবং নিজস্ব উপবিধি অনুসারে অন্যান্য দায়িত্ব পালন করা।

## ৭১। সভাপতি

রেলওয়ে বিভাগের মহা-পরিচালক পদাধিকারবলে সভাপতি হবেন। তিনি আঞ্চলিক কাউন্সিল এবং নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন।

৭২। **সহ-সভাপতি**

বাংলাদেশ স্কাউটস রেলওয়ে, অঞ্চলে অনধিক ৫ (পাঁচ) জন সহ-সভাপতি থাকবেন। তিনি/তাঁরা কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত হবেন। সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করেবেন[৫]।

৭৩। **আঞ্চলিক কমিশনার**

(ক) আঞ্চলিক কমিশনার আঞ্চলিক কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভার সুপারিশক্রমে চীফ স্কাউট ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে তিন বছরের জন্য নিয়োজিত হবেন।

(খ) তিনি তাঁর কার্যাবলীর জন্য প্রধান জাতীয় কমিশনারের নিকট দায়ী থাকবেন।

(গ) **আঞ্চলিক কমিশনারের দায়িত্ব হবে নিম্নরূপ ঃ**

১) রেলওয়ে আঞ্চলিক সংগঠনের উন্নয়ন এবং আঞ্চলিক কাউন্সিলকে কর্মচঞ্চল ও কার্যকর রাখা;

২) সভাপতির সঙ্গে আলোচনা করে আঞ্চলিক কাউন্সিল সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় নির্ধারণ;

৩) আঞ্চলিক স্কাউটসের তহবিল ও সম্পত্তির হেফাজত, কর্মচারী নিয়োগ, নিয়ন্ত্রণ ও তাদের অবসর গ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদন;

৪) সনদপত্রের মাধ্যমে যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের আঞ্চলিক উপ-কমিশনার পদে নিয়োগের ব্যবস্থা এবং স্কাউটিং উন্নয়নে তাঁদের কাজ করার সুযোগ প্রদান;

৫) আঞ্চলিক উপ-কমিশনারের কোন পদ শূন্য হলে তা পূরণের ব্যবস্থা করা;

৬) স্কাউট ও স্কাউটারদের অ্যাওয়ার্ড, শাপলা কাব অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৭) সভাপতি ও সহ-সভাপতিগণের অনুপস্থিতিতে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভায় সভাপতির দায়িত্ব পালন।

(ঘ) আঞ্চলিক কমিশনার কোন বিষয়ে আঞ্চলিক কাউন্সিল বা আঞ্চলিক নির্বাহী কমিটির সঙ্গে একমত না হলে সিদ্ধান্ত প্রদানের জন্য প্রধান জাতীয় কমিশনারের নিকট বিষয়টি উত্থাপন করতে হবে। এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৭৪। **কোষাধ্যক্ষ**

কোষাধ্যক্ষ কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত হবেন এবং তিনি,

১) সংগঠনের নামে প্রাপ্ত সকল টাকা পয়সা গ্রহণ করবেন এবং আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণের নিশ্চয়তা বিধান করবেন;

২) সম্পাদকের সহায়তায় বার্ষিক বাজেট প্রণয়ন ও উপস্থাপন করবেন;

৩) নির্বাহী কমিটির অনুমোদনক্রমে অথবা নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে আঞ্চলিক কমিশনারের লিখিত অনুমতিক্রমে বাজেট বহির্ভূত খরচের বিল মঞ্জুর করতে পারবেন;

৪) তহবিলের অবস্থা সম্পর্কে আঞ্চলিক কমিশনার ও নির্বাহী কমিটিকে নিয়মিত অবহিত রাখবেন;

৫) সংগঠনের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব নির্বাহী কমিটির অনুমোদনসহ বার্ষিক কাউন্সিল সভায় পেশ করবেন।

৭৫। **আঞ্চলিক উপ-কমিশনার**

আঞ্চলিক কমিশনারের কার্যাবলী সম্পাদনে সহায়তা করার জন্য বিভিন্ন বিষয়ে তাঁর সুপারিশক্রমে তাঁর নিজের ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে অনধিক বার জন আঞ্চলিক উপ-কমিশনার নিয়োগ করা যাবে। তাঁরা তাঁদের কার্যাবলীর জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন।

৭৬। **সম্পাদক**

(ক) সম্পাদক কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন।

(গ) **সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ ঃ**

১) সভাপতি ও আঞ্চলিক কমিশনারের নির্দেশে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভার নোটিশ প্রেরণ, সভার কার্যবিবরণী লিখন, সংরক্ষণ ও সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন

২) সংগঠনের স্থাবর, অস্থাবর সম্পত্তি ও দলিলপত্র সংরক্ষণ;

৩) রেলওয়ে জেলা ও জাতীয় সদর দফতরের সঙ্গে যোগাযোগ রক্ষা করা;

৪) জেলা থেকে প্রাপ্ত গ্রুপ/ইউনিট রেজিস্ট্রেশন চার্টার ও সনদ ইস্যু, প্রাপকের কাছে বিতরণের ব্যবস্থা ও তৎসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ;

৫) সংগঠনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;

৬) জেলা থেকে বার্ষিক মেম্বারশীপ ফি, কার্যবিবরণী ও স্কাউট পরিসংখ্যান সংগ্রহ এবং তার বিবরণ তৈরি করে যথাসময়ে জাতীয় সদর দফতরে প্রেরণ;

৭) নির্ধারিত ফরমে জেলা থেকে প্রাপ্ত স্কাউট/স্কাউটারদের ডেকোরেশন ও অ্যাওয়ার্ডের সুপারিশপত্র যথাসময়ে জাতীয় সদর দফতরে প্রেরণ।

**৭৭। যুগ্ম-সম্পাদক**

(ক) যুগ্ম-সম্পাদক কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য সম্পাদকের নিকট দায়ী থাকবেন।

**(গ) যুগ্ম-সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সম্পাদককে সকল কাজে সাহায্য এবং সহযোগিতা করা;

২) সম্পাদক কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন;

৩) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় দায়-দায়িত্ব পালন।

**৭৮। তহবিল**

(ক) বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চল বাংলাদেশ রেলওয়ের আর্থিক সহায়তা এবং স্থানীয়ভাবে সংগৃহীত অর্থ দ্বারা পরিচালিত হবে। চাঁদা ও অনুদান রশিদ দিয়ে নিতে হবে।

(খ) আঞ্চলিক স্কাউটসের তহবিলে প্রদত্ত ও আদায়কৃত সমুদয় অর্থ জমা রাখার জন্য ব্যাংকে হিসাব খুলতে হবে। কোষাধ্যক্ষ ও নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত একজন সদস্যের যৌথ স্বাক্ষরে এ হিসাব পরিচালিত হবে।

# বাংলাদেশ স্কাউটস, নৌ অঞ্চল

**৭৯। আঞ্চলিক কাউন্সিল ঃ**

বাংলাদেশ স্কাউটস, নৌ অঞ্চলের একটি কাউন্সিল থাকবে। এ কাউন্সিলের গঠন নিম্নরূপ হবে ঃ

১. সভাপতি
২. সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)
৩. আঞ্চলিক কমিশনার
৪. কোষাধ্যক্ষ
৫. আঞ্চলিক উপ-কমিশনারগণ (অনধিক দু'জন)
৬. সম্পাদক
৭. যুগ্ম-সম্পাদক
৮. সকল জেলা নৌ স্কাউটসের কমিশনার ও সম্পাদক
৯. অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা
১০. প্রত্যেক জেলা নৌ স্কাউট কর্তৃক মনোনীত ১ (এক) জন করে স্কাউটার প্রতিনিধি।
১১. লিডার ট্রেনার (অঞ্চলের আওতাধীন)[৫]
১২. আঞ্চলিক নির্বাহী কমিটির সদস্যগণ[৬]।

**৮০। কাউন্সিলের মেয়াদ ও সভা**

(ক) নৌ অঞ্চলের কাউন্সিলের কার্যকাল হবে নির্বাচনের তারিখ থেকে ৩ (তিন) বছর।
(খ) এ কাউন্সিল বছরে একবার সাধারণ সভায় মিলিত হবে।
(গ) নির্বাহী কমিটির কার্যাবলীর খতিয়ান বার্ষিক প্রতিবেদন আকারে কাউন্সিলের সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।
(ঘ) কাউন্সিল প্রতি তিন বছর অন্তর একবার ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় মিলিত হবে।

**৮১। বার্ষিক সভা**

(ক) নৌ অঞ্চলের কাউন্সিল প্রতি বার্ষিক সাধারণ সভায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবে,
১) নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত অঞ্চলের চলিত বছরের বাজেট ও বিগত বছরের আয়-ব্যয়ের হিসাব অবগতি এবং বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন ও তার আগের বছরের আয়-ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন।

২) বার্ষিক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কার্যসূচী অনুমোদন[২];

৩) নিজস্ব উপবিধির কোন ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত প্রস্তাব আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৪) নির্বাহী কমিটি কর্তৃক উপস্থাপিত আলোচ্যসূচী সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ;

৫) অডিটর নিয়োগ।

(খ) ত্রৈ-বার্ষিক সাধারণ সভা বার্ষিক সাধারণ সভার কার্যাবলী ছাড়াও নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটির সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক, যুগ্ম-সম্পাদক ও লিডার ট্রেনার প্রতিনিধি নির্বাচন[৫];

২) আঞ্চলিক কমিশনার নিয়োগের সুপারিশ[৫]।

(গ) বার্ষিক সভা ছাড়াও সভাপতির অনুমতিক্রমে কোন বিশেষ প্রয়োজনে কাউন্সিলের বিশেষ সভা ডাকা যাবে।

(ঘ) বাংলাদেশ স্কাউটস নৌ অঞ্চলের সভা, অনুষ্ঠানাদি, সদস্য পদে শূন্যতা ও তা পূরণ ইত্যাদি ব্যাপারে বাংলাদেশ স্কাউটসের বিধিমালা অনুসৃত হবে।

**৮২। নির্বাহী কমিটি**

নিম্নলিখিত পদ সমন্বয়ে বাংলাদেশ নৌ অঞ্চলের একটি নির্বাহী কমিটি থাকবে ঃ

১. সভাপতি
২. সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)
৩. আঞ্চলিক কমিশনার
৪. কোষাধ্যক্ষ
৫. আঞ্চলিক উপ-কমিশনারগণ (অনধিক দু'জন)
৬. সম্পাদক
৭. যুগ্ম-সম্পাদক
৮. নৌ- জেলা স্কাউট কমিশনারগণ
৯. নৌ- জেলা স্কাউট সম্পাদকগণ
১০. প্রত্যেক নৌ জেলা স্কাউট কর্তৃক মনোনীত ১ (এক) জন স্কাউটার প্রতিনিধি।
১১. অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা
১২. সহযোজিত সদস্য ২ (দু')জন[৬]

১৩. বাংলাদেশ স্কাউটস নৌ অঞ্চলের আওতায় রোভার ইউনিটের মধ্য থেকে সেবা স্তর যোগ্যতাসম্পন্ন এবং সিনিয়র রোভার মেট হিসাবে দায়িত্ব পালনরত ১ জন ছেলে রোভার এবং ১ জন মেয়ে রোভার সর্বোচ্চ ১ **(এক)** বছরের জন্য আঞ্চলিক নির্বাহী কমিটির সদস্য হবে (এই সদস্য পদ পূরণের জন্য বাংলাদেশ স্কাউটস, নৌ অঞ্চলের নিয়ন্ত্রণাধীন জেলা রোভার স্কাউটস থেকে প্রাপ্ত তালিকার ভিত্তিতে বাংলাদেশ স্কাউটস, নৌ অঞ্চল কর্তৃক মনোনয়ন চূড়ান্ত করা হবে)[৯]।

## ৮৩। নির্বাহী কমিটির দায়িত্ব

নৌ অঞ্চলের নির্বাহী কমিটির দায়িত্বের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভূক্ত থাকবে ঃ

১) স্কাউট আন্দোলনকে সম্প্রসারিত, উন্নীত ও জনপ্রিয় করা;

২) কর্যকলাপ, জনসংযোগ ও প্রচারের মাধ্যমে তরুণদের স্কাউটিংয়ে আকৃষ্ট করা;

৩) স্থানীয় প্রযুক্তি প্রয়োগ করে নৌ স্কাউট ও রোভারদের সমাজ সেবামূলক কাজ ও সমাজ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা;

৪) স্কাউটিংয়ে আগ্রহী ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ দিয়ে নেতৃত্ব গ্রহণে উৎসাহিত করা;

৫) সিলেবাস অনুযায়ী স্কাউটদের প্রশিক্ষণ পরিচালনা নিশ্চিত করা;

৬) বাংলাদেশ স্কাউটসের প্রাপ্য রেজিষ্ট্রেশন ফি নির্ধারিত সময়ে পরিশোধ করা;

৭) এলাকাস্থ স্কাউট সদস্যদের রেকর্ড রাখা;

৮) আইন লংঘনকারী স্কাউট বা স্কাউটারের বিরুদ্ধে বাংলাদেশ স্কাউটসের অনুমোদন অথবা নির্দেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৯) সনদপত্র, ডেকোরেশন ও অ্যাওয়ার্ড প্রদানের সুপারিশ করা;

১০) স্কাউট ব্যাজ, বই প্রভৃতি সরবরাহের ব্যবস্থা করা;

১১) আঞ্চলিক কাউন্সিলের বার্ষিক ও ত্রৈ-বার্ষিক সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী নির্ধারণ করা;

১২) আঞ্চলিক কাউন্সিলের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা;

১৩) স্কাউট আন্দোলনের উন্নয়নে নৌ জেলা স্কাউটসের তালিকাভূক্ত সকল শাখা ও আঞ্চলিক স্কাউটসের মধ্যে সমঝোতা বৃদ্ধির চেষ্টা করা;

১৪) বাংলাদেশ স্কাউট নৌ অঞ্চলের বার্ষিক র‍্যালী ও অন্যান্য সমাবেশের আয়োজন করা;

১৫) স্কাউটদের জাতীয়, আন্তর্জাতিক সম্মেলন, সমাবেশ, সেমিনার, র‍্যালী, মুট, জাম্বুরী ইত্যাদিতে যোগদানের জন্য নিজ অঞ্চলের প্রতিনিধি মনোনয়ন করা;

১৬) জাতীয় কাউন্সিল ও স্কাউটারদের সম্মেলনাদির জন্য নির্ধারিত সংখ্যক প্রতিনিধি মনোনীত করা;

১৭) বার্ষিক আয়-ব্যয়ের বাজেট পাশ করা;

১৮) সময় সময় আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করা এবং বিগত বছরের কার্যবিবরণী ও আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব কাউন্সিল সভায় পেশ করা;

১৯) তহবিল বৃদ্ধির উৎস ও পন্থা উদ্ভাবন এবং নীতি নির্ধারণ করা;

২০) 'গঠন ও নিয়ম' এবং নিজস্ব উপবিধি অনুসারে অন্যান্য দায়িত্ব পালন করা।

**৮৪। সভাপতি**

বাংলাদেশ নৌ বাহিনীর প্রধান পদাধিকারবলে বাংলাদেশ স্কাউটস, নৌ অঞ্চলের সভাপতি হবেন। তিনি আঞ্চলিক কাউন্সিল এবং নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন।

**৮৫। সহ-সভাপতি**

সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতিগণের মধ্য থেকে জ্যেষ্ঠতার ভিত্তিতে সভায় সভাপতিত্ব করবেন[২]। বাংলাদেশ স্কাউটস, নৌ অঞ্চলের অনধিক পাঁচজন সহ-সভাপতি থাকবেন।

**৮৬। আঞ্চলিক কমিশনার**

(ক) আঞ্চলিক কমিশনার আঞ্চলিক কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভার সুপারিশক্রমে চীফ স্কাউট ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে তিন বছরের জন্য নিয়োজিত হবেন।

(খ) সভাপতি ও সহ-সভাপতিগণের অনুপস্থিতিতে আঞ্চলিক কমিশনার কাউন্সিল ও নির্বাহী কমিটির সভায় সভাপতিত্ব করবেন[২]।

(গ) তিনি তাঁর কার্যাবলীর জন্য প্রধান জাতীয় কমিশনারের নিকট দায়ী থাকবেন।

(ঘ) **আঞ্চলিক কমিশনারের দায়িত্ব নিম্নরূপ ঃ**

১) নৌ অঞ্চলের স্কাউটস সংগঠনের উন্নয়ন এবং আঞ্চলিক কাউন্সিলকে কর্মচঞ্চল ও কার্যকর রাখা;

২) সভাপতির সঙ্গে আলোচনা করে আঞ্চলিক কাউন্সিলের সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় নির্ধারণ;

৩) আঞ্চলিক স্কাউটসের তহবিল ও সম্পত্তির হেফাজত, কর্মচারী নিয়োগ, নিয়ন্ত্রণ ও তাদের অবসর গ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদন;

৪) স্কাউট ও স্কাউটারদের অ্যাওয়ার্ড এবং প্রেসিডেন্ট'স স্কাউট ও প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ঙ) আঞ্চলিক কমিশনার কোন বিষয়ে আঞ্চলিক কাউন্সিল বা আঞ্চলিক নির্বাহী কমিটির সঙ্গে একমত না হলে সিদ্ধান্ত প্রদানের জন্য প্রধান জাতীয় কমিশনারের নিকট বিষয়টি উত্থাপন করতে হবে। এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**৮৬.১। আঞ্চলিক উপ-কমিশনারগণ**

আঞ্চলিক কমিশনারের কার্যাবলী সম্পাদনে সহায়তা করার জন্য বিভিন্ন বিষয়ে তাঁর সুপারিশক্রমে তাঁর নিজের ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা অনধিক ২ (দু') জন আঞ্চলিক উপ-কমিশনার নিয়োগ করা যাবে। তাঁরা তাঁদের কার্যাবলীর জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন[৩]।

**৮৭। কোষাধ্যক্ষ**

কোষাধ্যক্ষ কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত হবেন এবং তিনি,

১) সংগঠনের নামে প্রাপ্ত সকল টাকা পয়সা গ্রহণ করবেন এবং আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণের নিশ্চয়তা বিধান করবেন;

২) সম্পাদকের সহায়তায় বার্ষিক বাজেট প্রণয়ন ও উপস্থাপন করবেন;

৩) নির্বাহী কমিটির অনুমোদনক্রমে অথবা নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে আঞ্চলিক কমিশনারের লিখিত অনুমতিক্রমে বাজেট বহির্ভূত খরচের বিল মঞ্জুর করতে পারবেন;

৪) তহবিলের অবস্থা সম্পর্কে আঞ্চলিক কমিশনার ও নির্বাহী কমিটিকে নিয়মিত অবহিত রাখবেন;

৫) সংগঠনের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব নির্বাহী কমিটির অনুমোদনসহ বার্ষিক কাউন্সিলের সাধারণ সভায় পেশ করবেন।

**৮৮। সম্পাদক**

(ক) সম্পাদক কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবনে।

**(গ) সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সভাপতি ও আঞ্চলিক কমিশনারের নির্দেশে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভার নোটিশ প্রেরণ, সভার কার্যবিবরণী লিখন, সংরক্ষল ও সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন;

২) সংগঠনের স্থাবর অস্থাবর সম্পত্তি ও দলিলপত্র সংরক্ষণ;

৩) নৌ জেলা ও জাতীয় সদর দফতরের সঙ্গে যোগাযেগা রক্ষা করা;

৪) জেলা থেকে প্রাপ্ত গ্রুপ/ইউনিট রেজিস্ট্রেশন চার্টার ও সনদ ইস্যু, প্রাপকের কাছে বিতরণের ব্যবস্থা ও তৎসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ;

৫) সংগঠনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;

৬) জেলা থেকে বার্ষিক মেম্বারশীপ ফি, রেজিস্ট্রেশন ফি, কার্যবিবরণী ও স্কাউট পরিসংখ্যান সংগ্রহ এবং তার বিবরণ তৈরি করে যথাসময়ে জাতীয় সদর দফতরে প্রেরণ;

৭) নির্ধারিত ফরমে জেলা থেকে প্রাপ্ত স্কাউট ও স্কাউটারদের ডেকোরেশন ও অ্যাওয়ার্ডের সুপারিশপত্র যথাসময়ে জাতীয় সদর দফতরে প্রেরণ।

**৮৯। যুগ্ম-সম্পাদক**

(ক) যুগ্ম-সম্পাদক কাউন্সিলের ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় তিন বছরে জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য সম্পাদকের নিকট দায়ী থাকবেন।

**(গ) যুগ্ম-সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সম্পাদককে সকল কাজে সাহায্য এবং সহযোগিতা করা;

২) সম্পাদক কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন;

৩) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় দায়-দায়িত্ব পালন।

**৯০। তহবিল**

(ক) নৌ অঞ্চলের ব্যয় সংকুলানের জন্য অর্থ স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। চাঁদা ও অনুদান রশিদ দিয়ে নিতে হবে।

(খ) নৌ অঞ্চলের তহবিলে প্রদত্ত ও আদায়কৃত সমুদয় অর্থ জমা রাখার জন্য ব্যাংকে হিসাব খুলতে হবে। কোষাধ্যক্ষ ও নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত একজন সদস্যের যৌথ স্বাক্ষরে এ হিসাব পরিচালিত হবে।

# বাংলাদেশ স্কাউটস, এয়ার অঞ্চল

**৯১। আঞ্চলিক কাউন্সিল**

বাংলাদেশ স্কাউটস, এয়ার অঞ্চলের একটি কাউন্সিল থাকবে। এ কাউন্সিলের গঠন নিম্নরূপ হবে ঃ

১. সভাপতি
২. সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)
৩. আঞ্চলিক কমিশনার
৪. কোষাধ্যক্ষ
৫. আঞ্চলিক উপ-কমিশনারগণ (অনধিক দু'জন)
৬. সম্পাদক
৭. যুগ্ম-সম্পাদক
৮. সকল এয়ার জেলা স্কাউটসের কমিশনার ও সম্পাদক
৯. অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত বাঙলাদেশ স্কাউটসের কর্মকর্তা
১০. প্রত্যেক এয়ার জেলা স্কাউটস কর্তৃক মনোনীত ১ (এক) জন বরে স্কাউটার প্রতিনিধি
১১. একজন লিডার ট্রেনার ও একজন সহকারী লিডার ট্রেনার প্রতিনিধি
১২. আঞ্চলিক নির্বাহী কমিটির সদস্যগণ৬।

**৯২। কাউন্সিলের মেয়াদ ও সভা**

(ক) কাউন্সিলের কার্যকাল হবে নির্বাচনের তারিখ থেকে তিন বছর;
(খ) কাউন্সিল বছরে একবার সাধারণ সভায় মিলিত হবে।
(গ) নির্বাহী কমিটির কার্যাবলী, খতিয়ান বার্ষিক প্রতিবেদন আকারে কাউন্সিলের সাধারণ সভায় উপস্থাপন করতে হবে;
(ঘ) কাউন্সির প্রতি তিন বছর অন্তর একবার ত্রৈ-বার্ষিক সাধারণ সভায় মিলিত হবে।

**৯৩। বার্ষিক সভা**

(ক) এয়ার অঞ্চলের কাউন্সির প্রতি বার্ষিক সাধারণ সভায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবেন।
১) নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত অঞ্চলের চলতি বছরের বাজেট ও বিগত বছরের আয়-ব্যয়ের হিসাব অবগতি এবং বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন ও তার আগের বছরের আয়-ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও অুনমোদন;

২) বার্ষিক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কার্যসূচী অনুমোদন;

৩) নিজস্ব উপবিধির কোন ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত প্রস্তাব আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৪) নির্বাহী কমিটির কোন সুপারিশ থাকলে তা আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৫) অডিটর নিয়োগ।

**ত্রৈ-বার্ষিক সভা**

(খ) ত্রৈ-বার্ষিক সাধারণ সভা বার্ষিক সাধারণ সভার কার্যাবলী ছাড়াও নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটির সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক, যুগ্ম-সম্পাদক ও লিডার ট্রেনার এবং সহকারী লিডার ট্রেনার প্রতিনিধি[৫] নির্বাচন।

২) আঞ্চলিক কমিশনার নিয়োগের সুপারিশ[৫]।

(গ) বার্ষিক সভা ছাড়াও সভাপতির অনুমতিক্রমে কোন বিশেষ প্রয়োজনে কাউন্সিলের বিশেষ সভা ডাকা যাবে[৫]

(ঘ) এয়ার অঞ্চলের সভা, অনুষ্ঠানাদি, সদস্যপদে শূন্যতা ও তা পূরণ ইত্যাদি ব্যাপারে বাংলাদেশ স্কাউটসের বিধিমালা অনুসৃত হবে।

**৯৪। নির্বাহী কমিটি**

নিম্ন বর্ণিত পদ সমন্বয়ে এয়ার অঞ্চলের একটি নির্বাহী কমিটি থাকবে ঃ

১. সভাপতি
২. সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)
৩. আঞ্চলিক কমিশনার
৪. কোষাধ্যক্ষ
৫. আঞ্চলিক উপ-কমিশনারগণ (অনধিক দু'জন)
৬. সম্পাদক
৭. যুগ্ম-সম্পাদক
৮. এয়ার জেলা কমিশনারগণ
৯. এয়ার জেলা সম্পাদক
১০. প্রত্যেক এয়ার জেলা স্কাউটস কর্তৃক মনোনীত একজন স্কাউটার প্রতিনিধি
১১. অঞ্চলের দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা
১২. লিডার ট্রেনারগণের মধ্য থেকে একজন নির্বাচিত প্রতিনিধি[৫]।

১৩. সহযোজিত সদস্য ২(দু') জন[৬]।

১৪) বাংলাদেশ স্কাউটস, এয়ার অঞ্চলের আওতায় রোভার স্কাউট ইউনিটের মধ্য থেকে সেবা স্তর যোগ্যতাসম্পন্ন এবং সিনিয়র রোভার মেট হিসাবে দায়িত্ব পালনরত ১ জন ছেলে রোভার এবং ১ জন মেয়ে রোভার সর্বোচ্চ ১ (এক) বছরের জন্য আঞ্চলিক নির্বাহী কমিটির সদস্য হবে (এই সদস্য পদ পূরণের জন্য বাংলাদেশ স্কাউটস, এয়ার অঞ্চলের নিয়ন্ত্রণাধীন জেলা রোভার স্কাউটস থেকে প্রাপ্ত তালিকার ভিত্তিতে বাংলাদেশ স্কাউটস, এয়ার অঞ্চল কর্তৃক মনোনয়ন চূড়ান্ত করা হবে)[৯]।

**৯৫। নির্বাহী কমিটির দায়িত্ব**

এয়ার অঞ্চলের নির্বাহী কমিটির দায়িত্বের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভূক্ত থাকবে ঃ

১) স্কাউট আন্দোলনকে সম্প্রসারিত, উন্নীত ও জনপ্রিয় করা;

২) কার্যকলাপ, জনসংযোগ ও প্রচারের মাধ্যমে বালকদের স্কাউটিংয়ে আকৃষ্ট করা;

৩) স্থানীয় প্রযুক্তি প্রয়োগ করে এয়ার স্কাউট ও এয়ার রোভার স্কাউটদের সমাজ সেবামূলক কাজ ও সমাজ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা;

৪) স্কাউটিংয়ে আগ্রহী ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ দিয়ে নেতৃত্ব গ্রহণে উৎসাহিত করা;

৫) সিলেবাস অনুযায়ী স্কাউটসের প্রশিক্ষণ পরিচালনা নিশ্চিত করা;

৬) বাংলাদেশ স্কাউটসের প্রাপ্য রেজিষ্ট্রেশন ফি নির্ধারিত সময়ে পরিশোধ করা;

৭) এলাকাস্থ স্কাউট সদস্যদের রেকর্ড রাখা;

৮) আইন লংঘনকারী স্কাউট বা স্কাউটারের বিরুদ্ধে বাংলাদেশ স্কাউটসের অনুমোদন অথবা নির্দেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৯) সনদপত্র, ডেকোরেশন ও অ্যাওয়ার্ড প্রদানের সুপারিশ করা;

১০) স্কাউট ব্যাজ, বই প্রভৃতি সরবরাহের ব্যবস্থা করা;

১১) আঞ্চলিক কাউন্সিলের বার্ষিক ও ত্রৈবার্ষিক সভার স্থান, তারিখ, সময় আলোচ্যসূচী নির্ধারণ করা;

১২) আঞ্চলিক কাউন্সিল কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা;

১৩) স্কাউট আন্দোলনের উন্নয়নে এয়ার জেলা স্কাউটসের তালিকাভুক্ত সকল শাখা ও আঞ্চলিক স্কাউটসের মধ্যে সমঝোতা বৃদ্ধির চেষ্টা করা;

১৪) এয়ার অঞ্চলের বার্ষিক র‍্যালী ও অন্যান্য সমাবেশের আয়োজন করা;

১৫) স্কাউটদের জাতীয়, আন্তর্জাতিক সম্মেলন, সমাবেশ, সেমিনার, র‍্যালী, মুট জাম্বুরী ইত্যাদিতে যোগদানের জন্য নিজ অঞ্চলের প্রতিনিধি মনোনয়ন করা;

১৬) জাতীয় কাউন্সিল ও স্কাউটারদের সম্মেলনাদির জন্য নির্ধারিত সংখ্যক প্রতিনিধি মনোনীত করা;

১৭) বার্ষিক আয়-ব্যয়ের বাজেট পাশ করা;

১৮) সময় সময় আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করা এবং বিগত বছরের কার্যবিবরণী, আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব কাউন্সিল সভায় পেশ করা;

১৯) তহবিল বৃদ্ধির উৎস ও পন্থা উদ্ভাবন এবং নীতি নির্ধারণ করা;

২০) 'গঠন ও নিয়ম' এবং নিজস্ব উপবিধি অনুসারে অন্যান্য দায়িত্ব পালন করা।

**৯৬। সভাপতি**

বাংলাদেশ বিমান বাহিনীর প্রধান পদাধিকারবলে বাংলাদেশ স্কাউটস, এয়ার অঞ্চলের সভাপতি হবেন। তিনি আঞ্চলিক কাউন্সিল এবং নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন।

**৯৭। সহ-সভাপতি**

বাংলাদেশ স্কাউটস, এয়ার অঞ্চলের অনধিক পাঁচজন সহ-সভাপতি থাকবেন। সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতিগণের মধ্যে থেকে জ্যেষ্ঠতার ভিত্তিতে সভায় সভাপতিত্ব করবেন।

**৯৮। আঞ্চলিক কমিশনার**

(ক) আঞ্চলিক কমিশনার কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভার সুপারিশক্রমে চীফ স্কাউট ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে তিন বছরের জন্য নিয়োজিত হবেন।

(খ) সভাপতি ও সহ-সভাপতিগণের অনুপস্থিতিতে আঞ্চলিক কমিশনার কাউন্সিল ও নির্বাহী কমিটির সভায় সভাপতিত্ব করবেন[২]।

(গ) তিনি তাঁর কার্যাবলীর জন্য প্রধান জাতীয় কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**(ঘ) অঞ্চলের কমিশনারের দায়িত্ব হবে নিম্নরূপ ঃ**

১) এয়ার আঞ্চলিক সংগঠনের উন্নয়ন এবং আঞ্চলিক কাউন্সিলকে কর্মচঞ্চল ও কার্যকর রাখা;

২) সভাপতির সঙ্গে আলোচনা করে আঞ্চলিক কাউন্সিল সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় নির্ধারণ;

৩) আঞ্চলিক স্কাউটসের তহবিল ও সম্পত্তির হেফাজত, কর্মচারী নিয়োগ, নিয়ন্ত্রণ ও তাদের অবসর গ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদন;

৪) স্কাউট ও স্কাউটার অ্যাওয়ার্ড এবং প্রেসিডেন্ট'স স্কাউট ও প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ঙ) আঞ্চলিক কমিশনার কোন বিষয়ে আঞ্চলিক কাউন্সিল বা নির্বাহী কমিটির সঙ্গে একমত না হলে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রধান জাতীয় কমিশনারের নিকট বিষয়টি উত্থাপন করতে হবে। এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**৯৮.১। আঞ্চলিক উপ-কমিশনারগণ**

আঞ্চলিক কমিশনারের কার্যাবলী সম্পাদনে সহায়তা করার জন্য বিভিন্ন বিষয়ে তাঁর সুপারিশক্রমে তাঁর নিজের ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা অনধিক ২(দু') জন আঞ্চলিক উপ-কমিশনার নিয়োগ করা যাবে। তাঁরা কার্যাবলীর জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন[৩]।

**৯৯। কোষাধ্যক্ষ**

কোষাধ্যক্ষ কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় নির্বাচিত হবেন এবং তিনি–

১) সংগঠনের নামে প্রাপ্ত সকল টাকা পয়সা গ্রহণ করবেন এবং আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণের নিশ্চয়তা বিধান করবেন;

২) সম্পাদকের সহায়তায় বার্ষিক বাজেট প্রণয়ন ও উপস্থাপন করবেন;

৩) নির্বাহী কমিটির অনুমোদনক্রমে অথবা নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষ আঞ্চলিক কমিশনারের লিখিত অনুমতিক্রমে বাজেট বহির্ভূত খরচের বিল মঞ্জুর করতে পারবেন;

৪) সংগঠনের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব নির্বাহী কমিটির অনুমোদনসহ বার্ষিক কাউন্সিল সভায় পেশ করবেন।

**১০০। সম্পাদক**

(ক) সম্পাদক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য আঞ্চলিক কমিশানরের নিকট দায়ী থাকবেন।

**(গ) সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সভাপতি ও আঞ্চলিক কমিশনারের নির্দেশে কাউন্সিল ও নির্বাহী কমিটির

সভার নোটিশ প্রেরণ, সভার কার্যবিবরণী লিখন, সংরক্ষণ ও সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন;

২) সংগঠনের স্থাবর অস্থাবর সম্পত্তি ও দলিলপত্র সংরক্ষণ;

৩) এয়ার জেলা ও জাতীয় সদর দফতরের সঙ্গে যোগাযোগ রক্ষা;

৪) জেলা থেকে প্রাপ্ত গ্রুপ/ইউনিট রেজিষ্ট্রেশন চার্টার ও সনদ ইস্যু, প্রাপকের কাছে বিতরণের ব্যবস্থা ও এতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ;

৫) সংগঠনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;

৬) জেলা থেকে বার্ষিক মেম্বারশীফ ফি, রেজিষ্ট্রেশন ফি, কার্যবিবরণী ও স্কাউট পরিসংখ্যান সংগ্রহ এবং তার বিবরণ প্রস্তুত করে যথাসময়ে জাতীয় সদর দফতরে প্রেরণ;

৭) নির্ধারিত ফরমে জেলা থেকে প্রাপ্ত স্কাউট/স্কাউটারদের ডেকোরেশন ও অ্যাওয়ার্ডের সুপারিশপত্র যথাসময়ে জাতীয় সদর দফতরে প্রেরণ।

**১০১। যুগ্ম-সম্পাদক**[২]

(ক) যুগ্ম-সম্পাদক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসিনক কাজসহ সকল কাজের জন্য সম্পাদকের নিকট দায়ী থাকবেন।

(গ) **যুগ্ম-সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সম্পাদককে সকল কাজে সাহায্য-সহযোগিতা করা।

২) সম্পাদক কৃর্তক ন্যস্ত দায়িত্ব পালন

৩) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় দায়-দায়িত্ব পালন।

**১০২। তহবিল**

(ক) এয়ার অঞ্চলের ব্যয় সংকুলানের জন্য অর্থ স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। চাঁদা ও অনুদান রশিদ দিয়ে নিতে হবে।

(খ) এয়ার অঞ্চলের তহবিলে প্রদত্ত ও আদায়কৃত সমুদয় অর্থ জমা রাখার জন্য ব্যাংকে হিসাব খুলতে হবে। কোষাধ্যক্ষ ও নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত একজন সদস্যের যৌথ স্বাক্ষর এ হিসাব পরিচালিত হবে।

# চতুর্থ অধ্যায়

# জেলা, উপজেলা/থানা সংগঠন

## ১০৩। জেলা স্কাউটস

(ক) আঞ্চলিক স্কাউটসের প্রোগ্রাম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জেলা পর্যায়ে একটি স্কাউট সংগঠন থাকবে। তাদের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট আঞ্চলিক স্কাউটস।

(খ) প্রশাসনিক বিভাগ ভিত্তিক আঞ্চলিক স্কাউটসের জেলা পর্যায়ে সংগঠনগুলো প্রশাসনিক জেলা জুড়ে বিস্তৃত থাকবে। যেমন, বাংলাদেশ স্কাউটস, রাজবাড়ী জেলা। পক্ষান্তরে, বিশেষ আঞ্চলিক স্কাউটসের জেলা পর্যায়ে সংগঠনের ব্যাপ্তি ভিন্ন ধরনের হবে। যেমন, বাংলাদেশ স্কাউটস, পাকশী রেলওয়ে জেলা।

## ১০৪। উপবিধি

(ক) বাংলাদেশ স্কাউটসের 'গঠন ও নিয়ম' এবং আঞ্চলিক স্কাউটসের উপবিধি ছাড়াও জেলা স্কাউটসের নিজস্ব উপবিধি থাকবে। এ উপবিধি জেলা স্কাউটস কাউন্সিলের বার্ষিক সাধারণ সভায় গৃহীত ও সংশ্লিষ্ট আঞ্চলিক সদর দফতর কর্তৃক অনুমোদিত হতে হবে। কোন জেলা 'গঠন ও নিয়ম" অথবা অঞ্চল এর সঙ্গে অসংগতিপূর্ণ উপবিধি বা বিধি প্রণয়ন করতে পারবেনা। উক্তরূপ অসংগতিপূর্ণ উপবিধি বা বিধি প্রণিত হলে তা বাতিল বলে গণ্য হবে। উপবিধি প্রণয়ন কালে গঠন ও নিয়মে উল্লেখিত বিধান সমূহের কোন প্রকার পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন,পরিমার্জন বা বিয়োজন করা যাবেনা।

(খ) জেলা স্কাউটস গঠনের ছ'মাসের মধ্যে নিজস্ব উপবিধি প্রণয়ন করে আঞ্চলিক সদর দফতরে অনুমোদনের জন্য দাখিল করতে হবে। আঞ্চলিক সদর দফতর দাখিলকৃত উপবিধি বা বিধি যাচাই করতঃ দ্রুত সিদ্ধান্ত প্রদান করবে। আঞ্চলিক সদর দফতর এর অনুমোদন ব্যতীত জেলার উপবিধি বা এর অন্য বিধির পরিবর্তন, সংযোজন বা সংশোধনী প্রণীত হলে তা বাতিল বলে গণ্য হবে।

(গ) নির্ধারিত নিয়ম অনুসারে প্রতি বছর আঞ্চলিক স্কাউটসকে বার্ষিক স্কাউট পরিসংখ্যান ও মেম্বারশীপ ফি প্রদানের সঙ্গে নির্ধারিত বার্ষিক রেজিস্ট্রেশন ফি পরিশোধ করে জেলা স্কাউটসকে তার মঞ্জুরী নবায়ন করতে হবে।

(ঘ) মঞ্জুরী প্রাপ্ত জেলা স্কাউটস বাংলাদেশ স্কাউটস ও আঞ্চলিক স্কাউটস প্রদত্ত সকল সুযোগ সুবিধা ভোগ করবে।

# প্রশাসনিক জেলা ভিত্তিক জেলা স্কাউটস

## ১০৫। জেলা কাউন্সিল

প্রত্যেক জেলা স্কাউটসের একটি কাউন্সিল থাকবে। এ কাউন্সিলের গঠন নিম্নরূপ হবে ঃ

১) সভাপতি
২) সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)
৩) জেলা কমিশনার
৪) কোষাধ্যক্ষ
৫) সহকারী জেলা কমিশনার
৬) সম্পাদক
৭) যুগ্ম-সম্পাদক
৮) জেলা শিক্ষা অফিসার
৯) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
১০) জেলার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা
১১) উপজেলা/ থানা কমিশনার ও সম্পাদকগণ
১২) প্রত্যেক উপজেলা/ থানা নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত দু'জন প্রতিনিধি।
১৩) লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনারগণ (কাব ও স্কাউট শাখা)
১৪) জেলা নির্বাহী কমিটির সকল সদস্য

## ১০৬। কাউন্সিলের মেয়াদ ও সভা

(ক) জেলা স্কাউটস কাউন্সিলের কার্যকাল হবে নির্বাচনের তারিখ থেকে তিন বছর।
(খ) জেলা স্কাউটস কাউন্সিল বছরে একবার সাধারণ সভায় মিলিত হবে।
(গ) নির্বাহী কমিটির কার্যাবলীর খতিয়ান বার্ষিক প্রতিবেদন আকারে কাউন্সিলের সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।
(ঘ) কাউন্সিল প্রতি তিন বছর অন্তর একবার ত্রৈবার্ষিক সাধারন সভায় মিলিত হবে।
(ঙ) অপরিহার্য কারণে তিন বছরের মধ্যে কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভার আয়োজন করা সম্ভব না হলে নির্বাহী কমিটির সভায় অনধিক ছ'মাস মেয়াদ বাড়ানো যাবে। তবে এ বিষয়ে সংশ্লিষ্ট আঞ্চলিক স্কাউটস এর পূর্বানুমতি গ্রহণ করতে হবে। ছ'মাসের মধ্যে নির্বাচন করা সম্ভব না হলে নির্বাহী কমিটির আর কোন কার্যকারিতা থাকবে না এবং ছ'মাসের মেয়াদ শেষ হলে নিম্নলিখিত সদস্য নিয়ে এডহক কমিটি গঠন করতে হবে। বর্ণিত কমিটি তিন মাসের মধ্যে কাউন্সিলের ত্রৈবাষিক সাধারণ সভা অনুষ্ঠানের ব্যবস্থা করবে এবং কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভা নতুন নির্বাহী কমিটি গঠন করবে।

## এডহক কমিটির সদস্যগণের তালিকা[১] ঃ

| | | |
|---|---|---|
| ১) | জেলা প্রশাসক | আহ্বায়ক |
| ২) | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৩) | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৪) | জেলার সকল লিডার ট্রেনার, সহকারী লিডার ট্রেনার | সদস্য |
| ৫) | অঞ্চলের একজন প্রতিনিধি | সদস্য |
| ৬) | জেলার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা | সদস্য সচিব |

**১০৭। বার্ষিক সভা**

(ক) জেলা স্কাউটস কাউন্সিল বার্ষিক সাধারণ সভায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদতি জেলা স্কাউটসের চলতি বছরের বাজেট ও বিগত বছরের আয়-ব্যয়ের হিসাব অবগতি এবং বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন ও আগের বছরের আয়-ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন[২];

২) বার্ষিক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কার্যসূচী অনুমোদন;

৩) নিজস্ব উপবিধির কোন ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত প্রস্তাব আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৪) নির্বাহী কমিটি কর্তৃক উপস্থাপিত আলোচ্যসূচী সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ;

৫) অডিটর নিয়োগ।

**ত্রৈবার্ষিক সভা**

(খ) ত্রৈবার্ষিক সাধারণ সভা বার্ষিক সাধারণ সভার কার্যাবলী ছাড়াও নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটির সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক (স্কাউট শাখা ও যুগ্ম সম্পাদক (কাব শাখা) নির্বাচন;

২) জেলা কমিশনার নিয়োগের সুপারিশ;

(গ) বার্ষিক সভা ছাড়াও সভাপতির অনুমতিক্রমে কোন বিশেষ প্রয়োজনে কাউন্সিলের বিশেষ সভা ডাকা যাবে।

(ঘ) জেলা কাউন্সিলের সাধারণ সভা, অনুষ্ঠানাদি, সদস্যপদে শূন্যতা ও তা পূরণ ইত্যাদি ব্যাপারে বাংলাদেশ স্কাউটসের বিধিমালা অনুসৃত হবে।

**১০৮। নির্বাহী কমিটি**

নিম্ন বর্ণিত পদ সমন্বয়ে জেলা স্কাউটসের একটি নির্বাহী কমিটি থাকবে ঃ

১) সভাপতি
২) সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)
৩) জেলা কমিশনার
৪) কোষাধ্যক্ষ
৫) সহকারী জেলা কমিশনার (অনধিক সাত জন)
৬) সম্পাদক
৭) যুগ্ম-সম্পাদক (একজন)
৮) জেলা শিক্ষা অফিসার
৯) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
১০) এলাকার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা
১১) সভাপতি, জেলার আওতাধীন সকল উপজেলা ও উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল উপজেলা)[৪]
১২) উপজেলা/থানা কমিশনারগণ
১৩) জেলা স্কাউট লিডার ও জেলা কাব স্কাউট লিডার
১৪) জেলার লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনারগণ (কাব ও স্কাউট শাখা)
১৫) সহযোজিত সদস্য ৪ (চার) জন (এর মধ্যে ৩৫ বছরের উর্ধ্বে নয় এমন একজন পুরুষ ও একজন মহিলা লিডার)[৬/৯]।
১৬) সংশ্লিষ্ট রোভার জেলা কমিশনার ও সম্পাদক পদাধিকার বলে[৬]।

**১০৯। নির্বাহী কমিটির দায়িত্ব**

জেলা নির্বাহী কমিটির দায়িত্বের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকবেঃ

১) স্কাউট আন্দোলনকে সম্প্রসারিত, উন্নত ও জনপ্রিয় করা;
২) কার্যকলাপ, জনসংযোগ ও প্রচারের মাধ্যমে স্কাউট আন্দোলনের প্রতি শিশু কিশোর/কিশোরীদের আকৃষ্ট করা;
৩) স্থানীয় প্রযুক্তি প্রয়োগ করে স্কাউটদের উদ্যোগে সমাজ সেবামূলক কাজ ও সমাজ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা;
৪) স্কাউটিংয়ে আগ্রহী ব্যক্তিদের প্রশিক্ষণ দিয়ে নেতৃত্ব গ্রহণে উৎসাহিত করা;

৫) সিলেবাস অনুযায়ী স্কাউটদের প্রশিক্ষণ পরিচালনা নিশ্চিত করা;
৬) আঞ্চলিক স্কাউটদের প্রাপ্য রেজিস্ট্রেশন ফি নির্ধারিত সময়ে পরিশোধ করা
৭) এলাকাস্থ স্কাউট সদস্যদের রেকর্ড রাখা;
৮) আইন লংঘনকারী স্কাউট বা স্কাউটারদের বিরুদ্ধে বাংলাদেশ স্কাউটসের অনুমোদন অথবা নির্দেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
৯) স্কাউট স্কাউটারদের সনদপত্র, ডেকোরেশন ও অ্যাওয়ার্ড প্রদানের সুপারিশ করা;
১০) স্কাউট ব্যাজ, বই ও অন্যান্য উপকরণ সরবরাহের ব্যবস্থা করা;
১১) জেলা স্কাউটস কাউন্সিলের বার্ষিক/ত্রৈবার্ষিক সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী নির্ধারণ করা;
১২) জেলা স্কাউটস কাউন্সিলে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা;
১৩) স্কাউট আন্দোলনের উন্নয়নে উপজেলা/জেলা স্কাউটসের তালিকাভূক্ত সকল শাখা ও আঞ্চলিক স্কাউটসের মধ্যে সমঝোতা বৃদ্ধির চেষ্টা করা;
১৪) জেলা স্কাউটসের তাঁবুবাস, বার্ষিক র‍্যালী ও অন্যান্য সমাবেশের আয়োজন করা;
১৫) স্কাউটদের আঞ্চলিক, জাতীয়, আন্তর্জাতিক সম্মেলন, সামবেশ, সেমিনার, জাম্বুরী ইত্যাদিতে যোগদানের জন্য নিজ এলাকার প্রতিনিধি মনোনয়ন করা;
১৬) বার্ষিক আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করা এবং বিগত বছরের কার্যবিবরণী, আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব কাউন্সিল সভায় পেশ করা;
১৮) তহবিল বৃদ্ধির উৎস ও পন্থা উদ্ভাবন এবং নীতি নির্ধারণ করা;
১৯) 'গঠন ও নিয়ম' এবং আঞ্চলিক ও নিজস্ব উপবিধি অনুসারে অন্যান্য দায়িত্ব পালন করা।

**১১০। সভাপতি**

জেলা প্রশাসক পদাধিকারবলে নির্বাহী কমিটির সভাপতি থাকবেন। তিনি কাউন্সিল এবং নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন।

**১১১। সহ-সভাপতি**

জেলা স্কাউটসের অনধিক ৫ (পাঁচ) জন সহ-সভাপতি থাকবেন। সহ-সভাপতি কাউন্সিলের ত্রৈবাষিক সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন। সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন।

**১১২। জেলা কমিশনার**

(ক) জেলা স্কাউটস কাউন্সিলের ত্রৈবাষিক সাধারণ সভার সুপারিশক্রমে আঞ্চলিক কমিশনার ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা তিন বছরের জন্য জেলা কমিশনার নিয়োজিত হবেন। তাঁকে সংশ্লিষ্ট জেলায় বসবাসকারী বা সেখানে কর্মরত হতে হবে।

(খ) তিনি তাঁর কার্যাবলীর জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন।

(গ) **জেলা কমিশনারের দায়িত্ব হবে নিম্নরূপ ঃ**

১) জেলা সংগঠনের উন্নয়ন এবং জেলা কাউন্সিলকে কর্মচঞ্চল ও কার্যকর রাখা;

২) সভাপতির সঙ্গে আলোচনা করে কাউন্সিলের সাধারণ সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় নির্ধারন;

৩) জেলা স্কাউটসের তহবিল ও সম্পত্তির হেফাজত, কর্মচারী নিয়োগ, নিয়ন্ত্রণ ও তাদের অবসর গ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদন;

৪) যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের সনদপত্র দ্বারা সহকারী জেলা কমিশনার পদে নিয়োগের ব্যবস্থা এবং স্কাউটিং উন্নয়নে তাঁদের কাজ করার সুযোগ প্রদান;

৫) সহকারী কমিশনারের কোন পদ শূন্য হলে তা পূরণের ব্যবস্থা করা;

৬) স্কাউট ও স্কাউটার অ্যাওয়ার্ড এবং প্রেসিডেন্ট'স স্কাউট ও শাপলা কাব অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৭) সভাপতি ও সহ-সভাপতির অনুপস্থিতিতে কাউন্সিলের সাধারণ সভা ও নির্বাহী কমিটির সভায় সভাপতির দায়িত্ব পালন;

(ঘ) জেলা কমিশনার কোন বিষয়ে জেলা কাউন্সিল বা জেলা নির্বাহী কমিটির সঙ্গে একমত না হলে সিদ্ধান্ত প্রদানের জন্য আঞ্চলিক কমিশনারের নিকট বিষয়টি উত্থাপন করতে হবে। এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**১১৩। কোষাধ্যক্ষ**

কোষাধ্যক্ষ কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন এবং তিনি–

১) সংগঠনের নামে প্রাপ্ত সকল টাকা পয়সা গ্রহণ করবেন এবং আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণের নিশ্চয়তা বিধান করবেন;

২) সম্পাদকের সহায়তায় বার্ষিক বাজেট প্রণয়ন ও উপস্থাপন করবেন;

৩) নির্বাহী কমিটির অনুমোদনক্রমে অথবা নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে জেলা কমিশনারের লিখিত অনুমতিক্রমে বাজেট বর্হিভূত খরচের বিল মঞ্জুর করতে পারবেন;

৪) তহবিলের অবস্থা সম্পর্কে জেলা কমিশনার ও নির্বাহী কমিটিকে নিয়মিত অবহিত রাখবেন;

৫) সংগঠনের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব নির্বাহী কমিটির অনুমোদনসহ বার্ষিক কাউন্সিলের সাধারণ সভায় পেশ করবেন।

**১১৪। সহকারী জেলা কমিশনার**[২]

জেলা কমিশনারের কার্যাবলী সম্পাদনে সহায়তার জন্য বিভিন্ন বিষয়ে তাঁর সুপারিশক্রমে তাঁর নিজের ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা অনূর্ধ সাত জন সহকারী জেলা কমিশনার (কমপক্ষে একজন মহিলাসহ) নিয়োগ করা যাবে। তাঁরা তাঁদের কার্যাবলীর জন্য জেলা কমিশনারের নিকট দায়ী থাকবেন (সহকারী কমিশনারগণের পদবী সুনির্দিষ্ট থাকবে)।

**১১৫। সম্পাদক**

(ক) সম্পাদক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য জেলা কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**(গ) সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সভাপতি ও জেলা কমিশনারের নির্দেশে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভার নোটিশ প্রেরণ, সভার কার্যবিবরণী লিখন, সংরক্ষণ ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;

২) সংগঠনের স্থাবর অস্থাবর সম্পত্তি ও দলিলপত্র সংরক্ষণ;

৩) আঞ্চলিক ও জাতীয় সদর দফতরের সঙ্গে যোগাযেগা রক্ষা;

৪) উপজেলা/থানা থেকে প্রাপ্ত গ্রুপ/ইউনিট রেজিষ্ট্রেশন ও সনদ মঞ্জুরীর আবেদনপত্র আঞ্চলিক সদর দফতরে প্রেরণ এবং রেজিষ্ট্রেশন চার্টার ও সনদপত্র বিতরণের ব্যবস্থা ও তৎসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ;

৫) সংগঠনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;

৬) নিয়মিতভাবে উপজেলা/ থানা সংগঠন থেকে বার্ষিক রেজিষ্ট্রেশন ফি, কার্যবিবরণী ও স্কাউট পরিসংখ্যান সংগ্রহ এবং তার বিবরণ প্রস্তুত করে আঞ্চলিক সদর দপ্তরে প্রেরণ;

৭) নির্ধারিত ফরমে উপজেলা/থানা সংগঠন থেকে প্রাপ্ত স্কাউট ও স্কাউটারদের ডেকোরেশন ও অ্যাওয়ার্ডের সুপারিশপত্র যথাসময়ে জাতীয় সদর দফতরে প্রেরণ।

**১১৬। যুগ্ম-সম্পাদক**

(ক) যুগ্ম-সম্পাদক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য সম্পাদকের নিকট দায়ী থাকবেন।

**(গ) যুগ্ম-সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সম্পাদককে সকল কাজে সাহায্য-সহযোগিতা করা;

২) সম্পাদক কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন;

৩) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় দায়-দায়িত্ব পালন।

**১১৭। জেলা স্কাউট ও জেলা কাব লিডার**

(ক) জেলা স্কাউটসের ট্রেনিং ও প্রোগ্রামের দায়িত্ব পালনের জন্য একজন কাব স্কাউট লিডার ও একজন স্কাউট লিডার থাকবেন।

(খ) জেলা কমিশনারের সুপারিশক্রমে জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা জেলা স্কাউট ও জেলা কাব স্কাউট লিডার নিযুক্ত হবেন।

(গ) জেলা স্কাউট ও জেলা কাব স্কাউট লিডার পদে নিয়োগের জন্য একজন স্কাউটারকে কমপক্ষে এক বছরের অভিজ্ঞতা সম্পন্ন শাখা ভিত্তিক উডব্যাজধারী হতে হবে। নিয়োগ লাভের এক বছরের মধ্যে তাঁদের কোন অনুমোদিত জেলা স্কাউট লিডার প্রশিক্ষণ কোর্সে যোগদান করতে হবে।

**(ঘ) জেলা স্কাউট ও জেলা কাব স্কাউট লিডার-এর দায়িত্ব ও কার্যাবলী নিম্নরূপ হবে ঃ**

১) জেলা কমিশনারের পরামর্শ মোতাবেক বিভিন্ন ব্যাজের প্রশিক্ষণ দান ও পরীক্ষা গ্রহণ;

২) নিজ শাখায় ইউনিট লিডারদের আত্মোন্নয়নের জন্য ব্যক্তিগত সহায়তা দান;

৩) জেলা স্কাউটসের বার্ষিক প্রোগ্রাম ও প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন ও পরিচালনা;

৪) বার্ষিক তাঁবুবাস ও সমাবেশের কর্মসূচী পরিচালনা;

৫) জেলা স্কাউট কমিশনার কর্তৃক নির্দেশিত অন্যান্য প্রশিক্ষণ ও উন্নয়নমূলক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন।

**১১৮। তহবিল**

(ক) জেলা সংগঠনের ব্যয় সংকুলানের জন্য অর্থ স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। চাঁদা ও অনুদান রশিদ দিয়ে নিতে হবে।

(খ) জেলা স্কাউটসের তহবিলে প্রাপ্ত সমুদয় অর্থ জমা রাখার জন্য ব্যাংকে হিসাব খুলতে হবে। কোষাধ্যক্ষ ও নির্বাহী কমিটি কর্তৃক নির্বাচিত একজন সদস্যের যৌথ স্বাক্ষরে এ হিসাব পরিচালিত হবে।

# জেলা রোভার স্কাউটস

**১১৯। জেলা কাউন্সিল**

(ক) প্রত্যেক প্রশাসনিক জেলায় একটি রোভার স্কাউট সংগঠন থাকবে। সর্বনিম্ন চারটি রোভার ইউনিট থাকলে জেলা রোভার স্কাউটসকে অনুমোদন দেয়া যাবে।

(খ) প্রত্যেক রোভার জেলা স্কাউটসের একটি কাউন্সিল থাকবে। এ কাউন্সিলের গঠন নিম্নরূপ হবে ঃ

১) সভাপতি

২) সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)

৩) জেলা কমিশনার

৪) কোষাধ্যক্ষ

৫) সহকারী জেলা কমিশনারগণ

৬) সম্পাদক

৭) যুগ্ম সম্পাদক[৫] (একজন)

৮) জেলা নির্বাহী কমিটির সদস্যগণ

৯) এলাকার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা

১০) গ্রুপ কমিটির সভাপতিগণ

১১) জেলার লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনারগণ (আর এস এল)

১২) সনদপ্রাপ্ত রোভার স্কাউট লিডারগণ

১৩) রোভার জেলা স্কাউটস উপবিধি অনুযায়ী চাঁদা প্রদানকারী সদস্যগণ

**১২০। কাউন্সিলের মেয়াদ ও সভা**

(ক) রোভার জেলা স্কাউটস কাউন্সিলের কার্যকাল হবে নির্বাচনের পর থেকে তিন বছর।

(খ) রোভার জেলা স্কাউটস কাউন্সিল বছরে একবার সাধারণ সভায় মিলিত হবে।

(গ) নির্বাহী কমিটির কার্যাবলীর খতিয়ান বার্ষিক প্রতিবেদন আকারে কাউন্সিলের সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।

(ঘ) কাউন্সিল প্রতি তিন বছর অন্তর একবার ত্রৈবার্ষিক সাধারণ সভায় মিলিত হবে।

(ঙ) অপরিহার্য কারণে তিন বছরের মধ্যে কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভার আয়োজন করা সম্ভব না হলে নির্বাহী কমিটির সভায় অনধিক ছ'মাস কমিটির মেয়াদ বাড়ানো যাবে। তবে এ বিষয়ে রোভার অঞ্চলের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।

**১২১। বার্ষিক সভা**

(ক) জেলা রোভার স্কাউটস কাউন্সিল বার্ষিক সাধারণ সভায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবে ঃ

(১) নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত জেলা স্কাউট এর চলতি বছরের আয়-ব্যয়ের হিসাব অবগতি এবং বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন আগের বছরের আয়-ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;

২) বার্ষিক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কার্যসূচী অনুমোদন;

৩) নিজস্ব উপবিধির কোন ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত প্রস্তাব আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৪) নির্বাহী কমিটি কর্তৃক উপস্থাপিত আলোচ্যসূচী সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ;

৫) অডিটর নিয়োগ।

**ত্রৈবার্ষিক সভা**

(খ) ত্রৈবার্ষিক সাধারণ সভা বার্ষিক সাধারণ সভার কার্যাবলী ছাড়াও নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটির সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক, যুগ্ম-সম্পাদক (একজন) দু'জন রোভার স্কাউট লিডার প্রতিনিধি ও দু'জন গ্রুপ কমিটির সভাপতি প্রতিনিধি নির্বাচন[৫];

২) জেলা কমিশনার নিয়োগের সুপারিশ;

(গ) বার্ষিক সভা ছাড়াও সভাপতির অনুমতিক্রমে কোন বিশেষ প্রয়োজনে কাউন্সিলের বিশেষ সভা ডাকা যাবে;

(ঘ) রোভার জেলা স্কাউটসের কাউন্সিলের সাধারণ সভা, অনুষ্ঠানাদি, সদস্যপদে শূন্যতা ও তা পূরণ ইত্যাদি ব্যাপারে বাংলাদেশ স্কাউটসের বিধিমালা অনুসৃত হবে।

**১২২। নির্বাহী কমিটি**

নিম্নবর্ণিত পদ সমন্বয়ে প্রত্যেক রোভার জেলা স্কাউটসের একটি নির্বাহী কমিটি থাকবে ঃ

১) সভাপতি
২) সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)
৩) জেলা কমিশনার
৪) কোষাধ্যক্ষ

৫) সহকারী জেলা কমিশনারগণ (অনধিক সাত জন)
৬) সম্পাদক
৭) এলাকার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা
৮) যুগ্ম-সম্পাদক[৫] (একজন)
৯) জেলা রোভার স্কাউট লিডার
১০) রোভার স্কাউট লিডার প্রতিনিধি দু'জন
১১) গ্রুপ কমিটির সভাপতি প্রতিনিধি দু'জন
১২) সহযোজিত সদস্য ৪ (চার) জন[৮]
১৩) জেলায় অবস্থানরত রোভার শাখার সকল লিডার ট্রেনার ও দু'জন সহকারী লিডার ট্রেনার[৩]
১৪) প্রশিক্ষণ স্তরের যোগ্যতা সম্পন্ন সিনিয়র রোভার মেট প্রতিনিধি ২ জন (১ জন ছেলে ও ১ জন মেয়ে)[৯]।
১৫) সংশ্লিষ্ট জেলা স্কাউটসের কমিশনার ও সম্পাদক (পদাধিকারবলে)।

**১২৩। নির্বাহী কমিটির দায়িত্ব**

জেলা নির্বাহী কমিটির দায়িত্বের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকবে ঃ

১) স্কাউট আন্দোলনকে সম্প্রসারিত, উন্নীত ও জনপ্রিয় করা;
২) কার্যকলাপ, জনসংযোগ ও প্রচারের মাধ্যমে স্কাউট আন্দোলনের প্রতি যুবকদের আকৃষ্ট করা;
৩) স্থানীয় প্রযুক্তি প্রয়োগ করে রোভার স্কাউটদের উদ্যোগে সমাজ সেবামূলক কাজ ও সমাজ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা;
৪) স্কাউটিংয়ে অগ্রহী ব্যক্তিদের প্রশিক্ষণ দিয়ে নেতৃত্ব গ্রহণে উৎসাহিত করা;
৫) সিলেবাস অনুসারে রোভার স্কাউটদের প্রশিক্ষণ পরিচালনা নিশ্চিত করা;
৬) আঞ্চলিক স্কাউটসের প্রাপ্য রেজিষ্ট্রেশন ফি নির্ধারিত সময়ে পরিশোধ করা;
৭) এলাকাস্থ রোভার স্কাউট সদস্যদের রেকর্ড সংরক্ষণ;
৮) আইন লংঘনকারী রোভার স্কাউট বা স্কাউটারদের বিরুদ্ধে আঞ্চলিক স্কাউটসের অুনমোদন অথবা নির্দেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
৯) রোভার স্কাউট ও স্কাউটারদের সনদপত্র, ডেকোরেশন ও অ্যাওয়ার্ড প্রদানের সুপারিশ করা;
১০) রোভার স্কাউট ব্যাজ, বই ও অন্যান্য উপকরণ সরবরাহের ব্যবস্থা করা;
১১) রোভার জেলা স্কাউটস কাউন্সিলের বার্ষিক/ত্রৈবার্ষিক সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী নির্ধারণ করা;

১২) রোভার জেলা স্কাউটস কাউন্সিলের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা;

১৩) স্কাউট আন্দোলনের উন্নয়নে রোভার জেলা স্কাউটসের তালিকাভুক্ত দলসমূহের মধ্যে সমঝোতা বৃদ্ধির চেষ্টা করা;

১৪) রোভার জেলা স্কাউটসের তাঁবুবাস, বার্ষিক মুট ও অন্যান্য সমাবেশের আয়োজন করা;

১৫) রোভার স্কাউটদের আঞ্চলিক, জাতীয়, আন্তর্জাতিক সম্মেলন, সামবেশ, সেমিনার, মুট, ওয়ার্কশপ ইত্যাদিতে যোগদানের জন্য নিজ এলাকার প্রতিনিধি মনোনয়ন করা;

১৬) বার্ষিক আয়-ব্যায়ের বাজেট পাশ করা;

১৭) বার্ষিক আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করা এবং বিগত বছরের কার্যবিবরণী ও আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব কাউন্সিলের সাধারণ সভায় পেশ করা;

১৮) তহবিল বৃদ্ধির উৎস ও পন্থা উদ্ভাবন এবং নীতি নির্ধারণ করা;

১৯) 'গঠন ও নিয়ম' এবং আঞ্চলিক ও নিজস্ব উপবিধি অনুসারে অন্যান্য দায়িত্ব পালন করা।

**১২৪। সভাপতি**

জেলা প্রশাসক পদাধিকারবলে নির্বাহী কমিটির সভপতি থাকবেন। তিনি কাউন্সিল এবং নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন।

**১২৫। সহ-সভাপতি**

জেলা রোভার স্কাউটসের অনধিক পাঁচ জন সহ-সভাপতি থাকবেন। কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিনি/তাঁরা তিন বছরের জন্য নির্বাচিত হবেন। সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন[৩]।

**১২৬। জেলা কমিশনার**

(ক) রোভার জেলা স্কাউটস কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভার সুপারিশক্রমে আঞ্চলিক কমিশনার ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে তিন বছরের জন্য জেলা কমিশনার নিয়োজিত হবেন। তাঁকে সংশ্লিষ্ট জেলায় বসবাসকারী বা সেখানে কর্মরত হতে হবে।

(খ) তিনি তাঁর কার্যাবলীর জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন।

## (গ) জেলা কমিশনারের দায়িত্ব হবে নিম্নরূপ ঃ

১) জেলা সংগঠনের উন্নয়ন এবং জেলা কাউন্সিলকে কর্মচঞ্চল ও কার্যকর রাখা;

২) সভাপতির সঙ্গে আলোচনা করে কাউন্সিলের সাধারণ সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় নির্ধারণ;

৩) রোভার জেলা স্কাউটসের তহবিল ও সম্পত্তির হেফাজত, কর্মচারী নিয়োগ, নিয়ন্ত্রণ ও তাদের অবসর গ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদন;

৪) যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের সনদপত্রের মাধ্যমে সহকারী জেলা কমিশনার পদে নিয়োগের ব্যবস্থা এবং রোভারিং উন্নয়নে তাঁদের কাজ করার সুযোগ প্রদান;

৫) সহকারী কমিশনারের কোন পদ শূন্য হলে তা পূরণের ব্যবস্থা করা;

৬) রোভার স্কাউট ও স্কাউটারদের অ্যাওয়ার্ড ও প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৭) সভাপতি ও সহ-সভাপতির অনুপস্থিতিতে কাউন্সিলের সাধারণ সভা ও নির্বাহী কমিটির সভায় সভাপতির দায়িত্ব পালন।

(ঘ) জেলা কমিশনার কোন বিষয়ে জেলা কাউন্সির বা জেলা নির্বাহী কমিটির সঙ্গে একমত না হলে সিদ্ধান্ত প্রদানের জন্য আঞ্চলিক কমিশনারের নিকট বিষয়টি উত্থাপন করতে হবে। এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

### ১২৭। কোষাধ্যক্ষ

কোষাধ্যক্ষ কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন এবং তিনি–

১) সংগঠনের নামে প্রাপ্ত সকল টাকা পয়সা গ্রহণ করবেন এবং আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণের নিশ্চয়তা বিধান করবেন;

২) সম্পাদকের সহায়তায় বার্ষিক বাজেট প্রণয়ন ও উপস্থাপন করবেন;

৩) নির্বাহী কমিটির অনুমোদনক্রমে অথবা নির্বাহী কমিটির অুনমোদন সাপেক্ষে জেলা কমিশনারের লিখিত অনুমতিক্রমে বাজেট বহির্ভূত খরচের বিল মঞ্জুর করতে পারবেন;

৪) তহবিলের অবস্থা সম্পর্কে জেলা কমিশনার ও নির্বাহী কমিটিকে নিয়মিত অবহিত রাখবেন।

৫) সংগঠনের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব নির্বাহী কমিটির অনুমোদনসহ কাউন্সিলের বার্ষিক সাধারণ সভায় পেশ করবেন।

**১২৮। সহকারী জেলা কমিশনার**

জেলা কমিশনারের কার্যাবলী সম্পাদনে সহায়তা করার জন্য বিভিন্ন বিষয়ে তাঁর সুপারিশক্রমে তাঁর নিজের ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা অনধিক সাত জন সহকারী জেলা কমিশনার (কমপক্ষে একজন মহিলাসহ) নিয়োগ করা যাবে। তাঁরা তাদের কার্যাবলীর জন্য জেলা কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**১২৯ক। সম্পাদক**

(ক) সম্পাদক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারন সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য জেলা কমিশনারের নিকট দায়ী থাকবেন;

(গ) **সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সভাপতি ও জেলা কমিশনারের নির্দেশে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভার নোটিশ প্রেরণ, সভার কার্যবিবরণী লিখন, সংরক্ষণ ও সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন;

২) সংগঠনের স্থাবর, অস্থাবর সম্পত্তি ও দলিলপত্র সংরক্ষণ;

৩) আঞ্চলিক ও জাতীয় সদর দফতরের সঙ্গে যোগাযোগ রক্ষা করা;

৪) ইউনিট রেজিষ্ট্রেশন ও সনদ মঞ্জুরীর আবেদনপত্র আঞ্চলিক সদর দফতরে প্রেরণ এবং রেজিষ্ট্রেশন চার্টার ও সনদপত্র প্রাপকের নিকট বিতরণ ও তৎসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ;

৫) সংগঠনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;

৬) তালিকাভূক্ত দল থেকে বার্ষিক রেজিষ্ট্রেশন ফি, কার্যবিবরণী ও স্কাউট পরিসংখ্যান সংগ্রহ ও তার বিবরণ প্রস্তুত করে আঞ্চলিক সদর দফতরে প্রেরণ;

৭) নির্ধারিত ফরমে রোভার স্কাউট ও স্কাউটারদের ডেকোরেশন ও অ্যাওয়ার্ডের সুপারিশপত্র যথাসময়ে আঞ্চলিক সদর দফতরে প্রেরণ।

**১২৯খ। যুগ্ম-সম্পাদক**

(ক) যুগ্ম-সম্পাদক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য সম্পাদকের নিকট দায়ী থাকবেন।

(গ) **যুগ্ম-সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সম্পাদককে সকল কাজে সাহায্য এবং সহযোগিতা করা,

২) সম্পাদক কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন,

৩) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় দায়-দায়িত্ব পালন।

**১৩০। জেলা রোভার স্কাউট লিডার**

(ক) রোভার জেলা স্কাউটসের ট্রেনিং ও প্রোগ্রামের দায়িত্ব পালনের জন্য একজন রোভার স্কাউট লিডার থাকবেন।

(খ) জেলা কমিশনারের সুপারিশক্রমে জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা জেলা রোভার স্কাউট লিডার নিযুক্ত হবেন।

(গ) জেলা রোভার স্কাউট লিডার পদে নিয়োগের জন্য একজন স্কাউটারকে কমপেক্ষ এক বছরের অভিজ্ঞতা সম্পন্ন রোভার উডব্যাজধারী হতে হবে। নিয়োগ লাভের এক বছরের মধ্যে তাঁকে কোন অনুমোদিত জেলা রোভার স্কাউট লিডার প্রশিক্ষণ কোর্সে যোগদান করতে হবে।

(ঘ) **জেলা রোভার স্কাউট লিডার-এর দায়িত্ব ও কার্যাবলী নিম্নরূপ হবে ঃ**

১) জেলা কমিশনারের পরামর্শ মোতাবেক বিভিন্ন ব্যাজের প্রশিক্ষণ দান ও পরীক্ষা গ্রহণ;

২) ইউনিট লিডারদের আত্মোন্নয়নের জন্য ব্যক্তিগত সহায়তা দান;

৩) রোভার জেলা স্কাউটসের বার্ষিক প্রোগ্রাম ও প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন ও পরিচালনা;

৪) বার্ষিক শিবির বাস ও মুটের কর্মসূচী প্রণয়ন ও পরিচালনা;

৫) জেলা কমিশনার কর্তৃক নির্দেশিত অন্যান্য প্রশিক্ষণ ও উন্নয়নমূলক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন।

**১৩১। তহবিল**

(ক) জেলা সংগঠনের ব্যয় সংকুলানের জন্য অর্থ স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। চাঁদা ও অনুদান রশিদ দিয়ে নিতে হবে।

(খ) রোভার জেলা স্কাউটসের তহবিলে প্রাপ্ত সমুদয় অর্থ জমা রাখার জন্য ব্যাংকে হিসাব খুলতে হবে। কোষাধ্যক্ষ ও নির্বাহী কমিটি কর্তৃক নির্বাচিত একজন সদস্যের যৌথ স্বাক্ষরে এ হিসাব পরিচালিত হবে।

# রেলওয়ে জেলা স্কাউটস

**১৩২। রেলওয়ে জেলা স্কাউটস ঃ**

প্রত্যেক রেলওয়ে জেলায় একটি রেলওয়ে জেলা স্কাউটস থাকবে। তাদের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাংলাদেশ স্কাউটস, রেলওয়ে অঞ্চল২।

(ক) রেলওয়ে স্কাউট সাধারণভাবে মেম্বারশীপ, স্ট্যান্ডার্ড, প্রোগ্রেস, সার্বিস, প্রেসিডেন্ট'স স্কাউটস অ্যাওয়ার্ড ইত্যাদি বিষয়ে কার্যক্রমের সাথে রেলওয়ে সংঠগন ব্যাজ, রেলওয়ে সংকেত ব্যাজ, রেলওয়ে বার্তা ব্যাজ, রেলওয়ে যাত্রী সেবা, রেলওয়ে মেকানিক, রেলওয়ে রক্ষণাবেক্ষণ ও রেলওয়ে পরিবহন সেবা ইত্যাদি রেলওয়ে কার্যাবলী শিখে যে কোন স্কাউট রেলওয়ে স্কাউট হতে পারবে।

(খ) রেলওয়ে জেলা স্কাউট গ্রুপ বা ইউনিট/ শাখা সাধারণ নিয়মানুসারে সংশ্লিষ্ট জেলা স্কাউটসের সাথে তালিকাভুক্ত হবে।

(গ) রেলওয়ে স্কাউট গ্রুপের সকল শাখার সদস্যগণ স্কাউট বিধি অনুসারে পোশাক এবং অর্জিত ব্যাজ পরিধান করতে পারবে।

**১৩৩। জেলা কাউন্সিল ঃ**

রেলওয়ে জেলা স্কাউটসের একটি কাউন্সিল থাকবে। এর গঠন নিম্নরূপ হবে -

১) সভাপতি
২) সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)
৩) জেলা কমিশনার
৪) কোষাধ্যক্ষ
৫) জেলা সহকারী কমিশনারগণ (অনধিক সাত জন)
৬) সম্পাদক
৭) জেলা নির্বাহী কমিটির সদস্যগণ
৮) এলাকার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা
৯) গ্রুপ কমিটির সভাপতিগণ
১০) জেলার লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনারগণ
১১) সনদপ্রাপ্ত স্কাউটারগণ
১২) রেলওয়ে জেলা স্কাউটসের উপবিধি অনুযায়ী চাঁদা প্রদানকারী সদস্যগণ
১৩) যুগ্ম-সম্পাদক (একজন)

**১৩৪। কাউন্সিলের মেয়াদ ও সভা**

(ক) রেলওয়ে জেলা স্কাউটস কাউন্সিলের কার্যকাল হবে নির্বাচনের পর থেকে তিন বছর।

(খ) রেলওয়ে জেলা স্কাউটস কাউন্সিল বছরে একবার সাধারণ সভায় মিলিত হবে।

(গ) নির্বাহী কমিটির কার্যাবলীর খতিয়ান বার্ষিক প্রতিবেদন আকারে কাউন্সিলের সভায় উপস্থাপন করতে হবে।

(ঘ) কাউন্সিল প্রতি তিন বছর অন্তর একবার ত্রৈবার্ষিক সাধারণ সভায় মিলিত হবে।

(ঙ) অপরিহার্য কারণে তিন বছরের মধ্যে কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভার আয়োজন করা সম্ভব না হলে নির্বাহী কমিটির সভায় অনধিক ছ'মাস কমিটির মেয়াদ বৃদ্ধি করা যাবে। তবে এ বিষয়ে রেলওয়ে অঞ্চলের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। ছ'মাসের মধ্যে নির্বাচন করা সম্ভব না হলে অথবা কোন কারণে বর্ধিত সময়সীমা অতিক্রান্ত হলে নির্বাহী কমিটি আপনা আপনি বিলুপ্ত হবে, এর কোন কার্যকারিতা থাকবে না এবং তিন মাসের জন্য নিম্নলিখিত সদস্য নিয়ে এডহক কমিটি গঠন করতে হবে। বর্ণিত কমিটি তিন মাসের মধ্যে কাউন্সিল সভা অনুষ্ঠানের ব্যবস্থা করবে এবং কাউন্সিল সভায় নতুন নির্বাহী কমিটি গঠিত হবে।

**এডহক কমিটি ঃ**

| | | |
|---|---|---|
| ১। | সভাপতি | আহ্বায়ক |
| ২। | একজন লিডার ট্রেনার প্রতিনিধি | - সদস্য |
| ৩। | অঞ্চলের একজন প্রতিনিধি | - সদস্য |
| ৪। | জেলার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের প্রফেশনাল স্কাউটস এক্সিকিউটিভ | - সদস্য সচিব |

**১৩৫। বার্ষিক সভা**

(ক) রেলওয়ে জেলা স্কাউটস কাউন্সিল বার্ষিক সাধারণ সভায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত জেলা স্কাউটস এর চলতি বছরের বাজেট ও বিগত বছরের আয়-ব্যয়ের হিসাব অবগতি এবং বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন ও আগের বছরের আয়-ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা;

২) বার্ষিক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কার্মসূচী অনুমোদন;

৩) নিজস্ব উপবিধির কোন ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত প্রস্তাব আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৪) নির্বাহী কমিটি কর্তৃক উপস্থাপিত আলোচ্যসূচী সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ;

৫) অডিটর নিয়োগ।

**ত্রৈবার্ষিক সভা**

(খ) ত্রৈবার্ষিক সাধারণ সভা বার্ষিক সাধারণ সভার কার্যাবলী ছাড়াও নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটির সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক, যুগ্ম-সম্পাদক দু'জন স্কাউট লিডার প্রতিনিধি ও দু'জন গ্রুপ কমিটির সভাপতি প্রতিনিধি নির্বাচন[৫];

২) জেলা কমিশনার নিয়োগের সুপারিশ।

(গ) বার্ষিক সভা ছাড়াও সভাপতির অনুমতিক্রমে কোন বিশেষ প্রয়োজনে কাউন্সিলের বিশেষ সভা ডাকা যাবে।

(ঘ) রেলওয়ে জেলা স্কাউটস কাউন্সিলের সাধারণ সভা, অনুষ্ঠানাদি, সদস্যপদে শূন্যতা ও তা পূরণ ইত্যাদি ব্যাপারে বাংলাদেশ স্কাউটসের বিধিমালা অনুসৃত হবে।

**১৩৬। নির্বাহী কমিটি**

নিম্ন বর্ণিত পদ সমন্বয়ে প্রত্যেক রেলওয়ে জেলা স্কাউটসের একটি নির্বাহী কমিটি থাকবে ঃ

১) সভাপতি

২) সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)

৩) জেলা কমিশনার

৪) কোষাধ্যক্ষ

৫) সহকারী জেলা কমিশনারগণ (অনধিক সাত জন)

৬) সম্পাদক

৭) এলাকার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ[৬]

৮) যুগ্ম-সম্পাদক[৫] (একজন)

৯) জেলা রোভার স্কাউট লিডার, জেলা স্কাউট লিডার ও জেলা কাব স্কাউট লিডার;

১০) স্কাউটার প্রতিনিধি দু'জন

১১) গ্রুপ কমিটির সভাপতি প্রতিনিধি দু'জন

১২) সহযোজিত সদস্য ৪ (চার) জন (এর মধ্যে ৩৫ বছরের উর্ধ্বে নয় এমন একজন পুরুষ ও একজন মহিলা লিডার)[৯]।

## ১৩৭। নির্বাহী কমিটির দায়িত্ব

জেলা নির্বাহী কমিটির দায়িত্বের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকবেঃ

১) স্কাউট আন্দোলনকে সম্প্রসারিত, উন্নীত ও জনপ্রিয় করা;

২) কার্যকলাপ, জনসংযোগ ও প্রচারের মাধ্যমে স্কাউট আন্দোলনের প্রতি শিশু কিশোর/কিশোরী ও যুবক/যুবতীদের আকৃষ্ট করা;

৩) স্থানীয় প্রযুক্তি প্রয়োগ করে রোভার স্কাউটদের উদ্যোগে সমাজ সেবামূলক কাজ ও সমাজ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা;

৪) স্কাউটিংয়ে আগ্রহী ব্যক্তিদের প্রশিক্ষণ দিয়ে নেতৃত্ব গ্রহণে উৎসাহিত করা;

৫) সিলেবাস অনুসারে স্কাউটদের প্রশিক্ষণ পরিচালনা নিশ্চিত করা;

৬) আঞ্চলিক স্কাউটসের প্রাপ্য রেজিষ্ট্রেশন ফি নির্ধারিত সময়ে পরিশোধ করা;

৭) এলাকাস্থ কাবস্কাউট, স্কাউট ও রোভার স্কাউট সদস্যদের রেকর্ড সংরক্ষণ করা;

৮) আইন লংঘনকারী স্কাউট বা স্কাউটারদের বিরুদ্ধে আঞ্চলিক স্কাউটসের অনুমোদন অথবা নির্দেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৯) স্কাউট ও স্কাউটারদের সনদপত্র, ডেকোরেশন ও অ্যাওয়ার্ড প্রদানের সুপারিশ করা;

১০) স্কাউট ব্যাজ, বই ও অন্যান্য উপকরণ সরবরাহের ব্যবস্থা করা;

১১) রেলওয়ে জেলা স্কাউটস কাউন্সিলের বার্ষিক/ত্রৈবার্ষিক সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী নির্ধারণ করা;

১২) রেলওয়ে জেলা স্কাউটস কাউন্সিলের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা;

১৩) স্কাউট আন্দোলনের উন্নয়নে রেলওয়ে জেলা স্কাউটসের তালিকাভুক্ত দলসমূহের মধ্যে সমঝোতা বৃদ্ধির চেষ্টা করা;

১৪) রেলওয়ে জেলা স্কাউটসের তাঁবুবাস, বার্ষিক র‍্যালী ও অন্যান্য সমাবেশের আয়োজন করা;

১৫) স্কাউটদের আঞ্চলিক, জাতীয়, আন্তর্জাতিক সম্মেলন, সমাবেশ, সেমিনার র‍্যালী, জাম্বুরী ইত্যাদিতে যোগদানের জন্য নিজ এলাকার প্রতিনিধি মনোনয়ন করা;

১৬) বার্ষিক আয়-ব্যয়ের বাজেট পাশ করা;

১৭) সময় সময় আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করা এবং বিগত বছরের কার্যবিবরণী ও আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব কাউন্সিলের সাধারণ সভায় পেশ করা;

১৮) তহবিল বৃদ্ধির উৎস ও পন্থা উদ্ভাবন এবং নীতি নির্ধারণ করা;

১৯) 'গঠন ও নিয়ম' এবং আঞ্চলিক ও নিজস্ব উপবিধি অনুসারে অন্যান্য দায়িত্ব পালন করা।

**১৩৮। সভাপতি**

বিভাগীয় রেলওয়ে ম্যানেজার পদাধিকার বলে রেলওয়ে বিভাগসমূহের সদর দফতরে অবস্থিত জেলাগুলোর নির্বাহী কমিটির সভাপতি থাকবেন। পাহাড়তলী ও সৈয়দপুর রেলওয়ে জেলা স্কাউটসের সভাপতি থাকবেন ডিভিশনাল সুপার (ওয়ার্কশপ) এবং রাজশাহী রেলওয়ে স্কাউটসের সভাপতি থাকবেন প্রধান প্রকৌশলী (পশ্চিম)। তাঁরা নিজ নিজ কাউন্সিলও নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন।

**১৩৯। সহ-সভাপতি**

জেলা রেলওয়ে স্কাউটসের অনধিক পাঁচ জন সহ-সভাপতি থাকবেন। জেলা কাউন্সিল ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিনি/তাঁরা তিন বছরের জন্য নির্বাচিত হবেন। সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন৩।

**১৪০। জেলা কমিশনার**

জেলা স্কাউটস কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভার সুপারিশক্রমে আঞ্চলিক কমিশনার ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে তিন বছরের জন্য জেলা কমিশনার নিয়োজতি হবেন। তাঁকে সংশ্লিষ্ট জেলায় বসবাসকারী বা সেখানে কর্মরত হতে হবে।

(খ) তিনি তাঁর কার্যাবলীর জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**(গ) জেলা কমিশনারের দায়িত্ব হবে নিম্নরূপ ঃ**

১) জেলা সংগঠনের উন্নয়ন এবং জেলা কাউন্সিলকে কর্মচঞ্চল ও কার্যকর রাখা;

২) সভাপতির সঙ্গে আলোচনা করে কাউন্সিল সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় নির্ধারণ;

৩) রেলওয়ে জেলা স্কাউটসের তহবিল ও সম্পত্তির হেফাজত, কর্মচারী নিয়োগ, নিয়ন্ত্রণ ও তাদের অবসর গ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদন;

৪) যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের সনদপত্রের মাধ্যমে সহকারী জেলা কমিশনার পদে নিয়োগের ব্যবস্থা এবং স্কাউটিং উন্নয়নে তাঁদের কাজ করার সুযোগ প্রদান;

৫) সহকারী কমিশনারের কোন পদ শূন্য হলে তা পূরণের ব্যবস্থা করা;

৬) স্কাউট ও স্কাউটার অ্যাওয়ার্ড, শাপলা কাব অ্যাওয়ার্ড, প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড ও প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৭) সভাপতি ও সহ-সভাপতির অনুপস্থিতিতে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভায় সভাপতির দায়িত্ব পালন।

(ঘ) জেলা কমিশনার কোন বিষয়ে জেলা কাউন্সিল বা জেলা নির্বাহী কমিটির সঙ্গে একমত না হলে সিদ্ধান্ত প্রদানের জন্য আঞ্চলিক কমিশনারের নিকট বিষয়টি উত্থাপন করতে হবে। এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**১৪১। কোষাধ্যক্ষ**

কোষাধ্যক্ষ কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন এবং তিনি,

১) সংগঠনের নামে প্রাপ্ত সকল টাকা পয়সা গ্রহণ করবেন এবং আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণের নিশ্চয়তা বিধান করবেন;

২) সম্পাদকের সহায়তায় বার্ষিক বাজেট প্রণয়ন ও উপস্থাপন করবেন;

৩) নির্বাহী কমিটির অনুমোদনক্রমে অথবা নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে জেলা কমিশনারের লিখিত অনুমতিক্রমে বাজেট বহির্ভূত খরচের বিল মঞ্জুর করতে পারবেন;

৪) তহবিলের অবস্থা সম্পর্কে জেলা কমিশনার ও নির্বাহী কমিটিকে নিয়মিত অবহিত রাখবেন;

৫) সংগঠনের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব নির্বাহী কমিটির অনুমোদনসহ বার্ষিক কাউন্সিলের সাধারণ সভায় পেশ করবেন।

**১৪২। সহকারী জেলা কমিশনার**

জেলা কমিশনারের কার্যাবলী সম্পাদনে সহায়তার জন্য বিভিন্ন বিষয়ে তাঁর সুপারিশক্রমে তাঁর নিজের ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে অনূর্ধ সাত জন সহকারী জেলা কমিশনার (কমপক্ষে একজন মহিলাসহ) নিয়োগ করা যাবে। তাঁরা তাঁদের কার্যাবলীর জন্য জেলা কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**১৪৩ক। সম্পাদক**

(ক) সম্পাদক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য জেলা কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**(গ) সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সভাপতি ও জেলা কমিশনারের নির্দেশে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভার নোটিশ প্রেরণ, সভার কার্যবিবরণী লিখন, সংরক্ষণ ও সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন;

২) সংগঠনের স্থাবর, অস্থাবর সম্পত্তি ও দলিলপত্র সংরক্ষণ;

৩) আঞ্চলিক ও জাতীয় সদর দফতরের সঙ্গে যোগাযোগ রক্ষা করা;

৪) ইউনিট রেজিস্ট্রেশন ও সনদ মঞ্জুরীর আবেদনপত্র আঞ্চলিক সদর দফতরে প্রেরণ এবং রেজিস্ট্রেশন চার্টার ও সনদপত্র প্রাপকের নিকট বিতরণ ও তৎসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ;

৫) সংগঠনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;

৬) তালিকাভুক্ত দল থেকে বার্ষিক রেজিস্ট্রেশন ফি, কার্যবিবরণী ও স্কাউট পরিসংখ্যান সংগ্রহ ও তার বিবরণ প্রস্তুত করে আঞ্চলিক সদর দফতরে প্রেরণ;

৭) নির্ধারিত ফরমে স্কাউট ও স্কাউটারদের ডেকোরেশন ও অ্যাওয়ার্ডের সুপারিশপত্র যথাসময়ে আঞ্চলিক সদর দফতরে প্রেরণ।

**১৪৩ খ। যুগ্ম-সম্পাদক**

(ক) যুগ্ম সম্পাদক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য সম্পাদকের নিকট দায়ী থাকবেন।

**(গ) যুগ্ম-সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সম্পাদককে সকল কাজে সাহায্য এবং সহযোগিতা করা,

২) সম্পাদক কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন,

৩) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় দায়-দায়িত্ব পালন[৫]।

**১৪৪। জেলা রোভার স্কাউট লিডার, জেলা স্কাউট লিডার ও জেলা কাব স্কাউট লিডার**

(ক) রেলওয়ে জেলা স্কাউটসের প্রশিক্ষণ ও প্রোগ্রামের দায়িত্ব পালনের জন্য একজন কাব স্কাউট লিডার একজন স্কাউট লিডার ও একজন রোভার স্কাউট লিডার থাকবেন।

(খ) জেলা কমিশনারের সুপারিশক্রমে তার নিজের ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে জেলা স্কাউট লিডারগণ নিযুক্ত হবেন।

(গ) রেলওয়ে জেলা রোভার স্কাউট লিডার, জেলা স্কাউট লিডার ও জেলা কাব স্কাউট লিডার পদে নিয়োগের জন্য একজন স্কাউটারকে কমপক্ষে এক বছরের অভিজ্ঞতা সম্পন্ন শাখা ভিত্তিক উডব্যাজধারী হতে হবে। নিয়োগ লাভের এক বছরের মধ্যে তাকে কোন অনুমোদিত জেলা স্কাউট লিডার প্রশিক্ষণ কোর্সে যোগদান করতে হবে।

(ঘ) **রেলওয়ে জেলা স্কাউট লিডারগণের দায়িত্ব ও কার্যাবলী নিম্নরূপ হবে ঃ**

১) জেলা কমিশনারের পরামর্শ মোতাবেক বিভিন্ন ব্যাজের প্রশিক্ষণ দান ও পরীক্ষা গ্রহণ;

২) নিজ ইউনিট লিডারদের আত্মোন্নয়নের জন্য ব্যক্তিগত সহায়তা দান;

৩) রেলওয়ে জেলা স্কাউটসের বার্ষিক প্রোগ্রাম ও প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন ও পরিচালনা;

৪) বার্ষিক তাঁবুবাস ও সমাবেশের কর্মসূচী পরিচালনা;

৫) জেলা কমিশনার কর্তৃক নির্দেশিত অন্যান্য প্রশিক্ষণ ও উন্নয়নমুলক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন।

**১৪৫। তহবিল**

(ক) জেলা সংগঠনের ব্যয় সংকুলানের জন্য অর্থ স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। চাঁদা ও অনুদান রশিদ দিয়ে নিতে হবে।

(খ) রেলওয়ে জেলা স্কাউটসের তহবিলে প্রাপ্ত সমুদয় অর্থ জমা রাখার জন্য ব্যাংকে হিসাব খুলতে হবে। কোষাধ্যক্ষ ও নির্বাহী কমিটি কর্তৃক নির্বাচিত একজন সদস্যের যৌথ স্বাক্ষরে এ হিসাব পরিচালিত হবে।

# নৌ জেলা স্কাউটস

**১৪৬। নৌ জেলা স্কাউটস**

প্রত্যেক নৌ ঘাঁটি এলাকায় একটি নৌ জেলা স্কাউটস থাকবে। তাদের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাংলাদেশ স্কাউটস, নৌ অঞ্চল।

**১৪৭। জেলা কাউন্সিল**

নৌ জেলা স্কাউটসের একটি কাউন্সিল থাকবে। এর গঠন নিম্নরূপ হবে ঃ

১) সভাপতি
২) সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)
৩) জেলা কমিশনার
৪) কোষাধ্যক্ষ
৫) সহকারী জেলা কমিশনারগণ (অনধিক সাত জন)
৬) সম্পাদক
৭) এলাকার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ
৮) যুগ্ম-সম্পাদক[৫] (একজন)
৯) প্রধান শিক্ষক বি,এন, উচ্চ বিদ্যালয়
১০) জেলা নির্বাহী কমিটির সকল সদস্য
১১) জেলার আওতাধীন লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনারগণ
১২) সনদপ্রাপ্ত নৌ স্কাউটারগণ

**১৪৮। সভা ও কার্যাবলী**

(ক) নৌ জেলা স্কাউটস কাউন্সিল বছরে একবার সাধারণ সভায় মিলিত হবে।

(খ) নির্বাহী কমিটির কার্যাবলীর খতিয়ান বার্ষিক প্রতিবেদন আকারে কাউন্সিলের সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।

(গ) নৌ জেলা স্কাউটস কাউন্সিল বার্ষিক সাধারণ সভায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবে ঃ

(১) নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত জেলা স্কাউট এর চলতি বছরের বাজেট ও বিগত বছরের আয়-ব্যয়ের হিসাব অবগতি এবং বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন ও আগের বছরের আয়-ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;

২) বার্ষিক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কার্যসূচী অনুমোদন;

৩) নিজস্ব উপবিধির কোন ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত প্রস্তাব আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৪) নির্বাহী কমিটি কর্তৃক উপস্থাপিত আলোচ্যসূচী সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ;

৫) অডিটর নিয়োগ।

**১৪৯। নির্বাহী কমিটি**

নিম্নবর্ণিত পদ সমন্বয়ে প্রত্যেক নৌ জেলা স্কাউটসের একটি নির্বাহী কমিটি থাকবে ঃ

১) সভাপতি

২) সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)

৩) জেলা কমিশনার

৪) কোষাধ্যক্ষ

৫) সহকারী জেলা কমিশনারগণ (অনধিক সাত জন)

৬) সম্পাদক

৭) এলাকার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ

৮) যুগ্ম-সম্পাদক[৫] (একজন)

৯) প্রধান শিক্ষক বি,এন, উচ্চ বিদ্যালয়

১০) জেলা নৌ স্কাউট লিডার

১১) জেলা নৌ রোভার স্কাউট লিডার

১২) একজন লিডার ট্রেনার ও একজন সহকারী লিডার ট্রেনার প্রতিনিধি।

১৩) সহযোজিত সদস্য ৪ (চার) জন (এর মধ্যে ৩৫ বছরের উর্ধ্বে নয় এমন একজন পুরুষ ও একজন মহিলা লিডার)[৯]।

**১৫০। নির্বাহী কমিটির দায়িত্ব**

জেলা নির্বাহী কমিটির দায়িত্ব নিম্নরূপ হবে ঃ

১) স্কাউট আন্দোলনকে সম্প্রসারিত, উন্নীত ও জনপ্রিয় করা;

২) কার্যকলাপ, জনসংযোগ ও প্রচারের মাধ্যমে স্কাউট আন্দোলনের প্রতি বালকদের আকৃষ্ট করা;

৩) স্থানীয় প্রযুক্তি প্রয়োগ করে স্কাউটদের উদ্যোগে সমাজ সেবামূলক কাজ ও সমাজ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা;

৪) নৌ স্কাউটিংয়ে আগ্রহী ব্যক্তিদের প্রশিক্ষণ দিয়ে নেতৃত্ব গ্রহণে উৎসাহিত করা;

৫) সিলেবাস অনুসারে স্কাউটদের প্রশিক্ষণ পরিচালনা নিশ্চিত করা;

৬) এলাকাস্থ স্কাউট সদস্যদের রেকর্ড সংরক্ষণ করা;

৭) আইন লংঘনকারী স্কাউট বা স্কাউটারদের বিরুদ্ধে আঞ্চলিক স্কাউটসের অনুমোদন অথবা নির্দেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৮) স্কাউট বা স্কাউটারদের সনদপত্র, ডেকোরেশন ও অ্যাওয়ার্ড প্রদানের সুপারিশ করা;

৯) স্কাউট ব্যাজ, বই ও অন্যান্য উপকরণ সরবরাহের ব্যবস্থা করা;

১০) নৌ জেলা স্কাউটস কাউন্সিলের বার্ষিক/ত্রৈবার্ষিক সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী নির্ধারণ করা;

১১) নৌ জেলা স্কাউটস কাউন্সিলের গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন করা;

১২) স্কাউট আন্দোলনের উন্নয়নে নৌ জেলা স্কাউটসের তালিকাভূক্ত দলসমূহের মধ্যে সমঝোতা বৃদ্ধির চেষ্টা করা;

১৩) নৌ জেলা স্কাউটসের তাঁবুবাস, বার্ষিক র‌্যালী ও অন্যান্য সমাবেশের আয়োজন করা;

১৪) স্কাউটদের আঞ্চলিক, জাতীয়, আন্তর্জাতিক সম্মেলন, সামবেশ, সেমিনার, র‌্যালী, জাম্বুরী ইত্যাদিতে যোগদানের জন্য নিজ এলাকার প্রতিনিধি মনোনয়ন করা;

১৫) বার্ষিক আয়-ব্যয়ের বাজেট পাশ করা;

১৬) সময় সময় আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করা এবং বিগত বছরের কার্যবিবরণী ও আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব কাউন্সিলের সাধারণ সভায় পেশ করা;

১৭) তহবিল বৃদ্ধির উৎস ও পন্থা উদ্ভাবন এবং নীতি নির্ধারণ করা;

১৮) 'গঠন ও নিয়ম' এবং আঞ্চলিক ও নিজস্ব উপবিধি অনুসারে অন্যান্য দায়িত্ব পালন করা।

**১৫১। সভাপতি**

নৌ ঘাঁটি এরিয়া কামান্ডার পদাধিকারবলে জেলা নির্বাহী কমিটির সভাপতি থাকবেন। তিনি কাউন্সিল ও নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন।

**১৫২। সহ-সভাপতি**

নৌ জেলা স্কাউটসের অনধিক পাঁচ জন সহ-সভাপতি থাকবেন। সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন।

**১৫৩। জেলা কমিশনার**

ক) নৌ স্কাউটসের আঞ্চলিক কমিশনার ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা নৌ ঘাঁটির কমান্ডিং অফিসার জেলা কমিশনার হিসেবে তিন বছরের জন্য নিয়োজতি হবেন।

(খ) তিনি তাঁর কার্যাবলীর জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন।

(গ) **জেলা কমিশনারের দায়িত্ব হবে নিম্নরূপ ঃ**

১) জেলা সংগঠনের উন্নয়ন এবং জেলা কাউন্সিলকে কর্মচঞ্চল ও কার্যকর রাখা;

২) সভাপতির সঙ্গে আলোচনা করে কাউন্সিলের সাধারণ সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় নির্ধারণ;

৩) জেলা নৌ স্কাউটসের তহবিল ও সম্পত্তির হেফাজত, কর্মচারী নিয়োগ, নিয়ন্ত্রণ ও তাঁদের অবসর গ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদন;

৪) স্কাউট ও স্কাউটারদের অ্যাওয়ার্ড, প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড এবং প্রেসিডেজন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৫) সভাপতি ও সহ-সভাপতির অনুপস্থিতিতে কাউন্সিলের সাধারণ ও নির্বাহী কমিটির সভায় সভাপতির দায়িত্ব পালন।

(ঘ) জেলা কমিশনার কোন বিষয়ে জেলা কাউন্সিল বা জেলা নির্বাহী কমিটির সঙ্গে একমত না হলে সিদ্ধান্ত প্রদানের জন্য আঞ্চলিক কমিশনারের নিকট বিষয়টি উত্থাপন করতে হবে। এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**১৫৪। কোষাধ্যক্ষ**

নৌ জেলা স্কাউটসের একজন কোষাধ্যক্ষ থাকবেন। তিনি জেলা কমিশনার কর্তৃক নিযুক্ত হবেন এবং তিনি–

১) সংগঠনের নামে প্রাপ্ত সকল টাকা পয়সা গ্রহণ করবেন এবং আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণের নিশ্চয়তা বিধান করবেন;

২) সম্পাদকের সহায়তায় বার্ষিক বাজেট প্রণয়ন ও উপস্থাপন করবেন;

৩) নির্বাহী কমিটির অনুমোদনক্রমে বাজেট বহির্ভূত ব্যয়ের বিল মঞ্জুর করতে পারবেন;

৪) তহবিলের অবস্থা সম্পর্কে জেলা কমিশনার ও নির্বাহী কমিটিকে নিয়মিত অবহিত রাখবেন;

৫) সংগঠনের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব নির্বাহী কমিটির অনুমোদনসহ বার্ষিক কাউন্সিলের সাধারণ সভায় পেশ করবেন।

**১৫৫। সহকারী জেলা কমিশনার**

জেলা কমিশনারের কার্যাবলী সম্পাদনে সহায়তার জন্য বিভিন্ন বিষয়ে তাঁর সুপারিশক্রমে তাঁর নিজের ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে অনূর্ধ (৭) জন সহকারী জেলা কমিশনার নিয়োগ করা যাবে। তাঁরা তাঁদের কার্যাবলীর জন্য জেলা কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**১৫৬। সম্পাদক**

(ক) নৌ জেলা স্কাউটসের একজন সম্পাদক থাকবেন। তিনি জেলা কমিশনার কর্তৃক নিয়োজিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য জেলা কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**(গ) সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সভাপতি ও জেলা কমিশনারের নির্দেশে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভার নোটিশ প্রেরণ, সভার কার্যবিবরণী লিখন, সংরক্ষণ ও সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন;

২) সংগঠনের স্থাবর,অস্থাবর সম্পত্তি ও দলিলপত্র সংরক্ষণ;

৩) আঞ্চলিক ও জাতীয় সদর দফতরের সঙ্গে যোগাযোগ রক্ষা করা;

৪) ইউনিট রেজিস্ট্রেশন ও সনদ মঞ্জুরীর আবেদন পত্র আঞ্চলিক সদর দফতরে প্রেরণ এবং রেজিস্ট্রেশন চার্টার ও সনদ প্রাপকের নিকট বিতরণ ও তৎসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ;

৫) সংগঠনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;

৬) তালিকাভূক্ত দল থেকে বার্ষিক রেজিস্ট্রেশন ফি, কার্যবিবরণী ও স্কাউট পরিসংখ্যান সংগ্রহ ও তার বিবরণ প্রস্তুত করে আঞ্চলিক সদর দফতরে প্রেরণ;

৭) নির্ধারিত ফরমে স্কাউট ও স্কাউটারদের ডেকোরেশন ও অ্যাওয়ার্ডের সুপারিশপত্র যথাসময়ে আঞ্চলিক সদর দফতরে প্রেরণ

**১৫৬ক। যুগ্ম-সম্পাদক**

(ক) যুগ্ম সম্পাদক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসিনক কাজসহ্ সকল কাজের জন্য সম্পাদকের নিকট দায়ী থাকবেন।

**(গ) যুগ্ম-সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সম্পাদককে সকল কাজে সাহায্য এবং সহযোগিতা করা,

২) সম্পাদক কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন,

৩) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় দায়-দায়িত্ব পালন।

**১৫৭। জেলা নৌ স্কাউট লিডার ও জেলা নৌ রোভার স্কাউট লিডার**

(ক) জেলা স্কাউটসের প্রশিক্ষণ ও প্রোগ্রামের দায়িত্ব পালনের জন্য একজন জেলা নৌ স্কাউট লিডার ও একজন জেলা নৌ রোভার স্কাউট লিডার থাকবেন।

(খ) জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের সুপারিশক্রমে, জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে জেলা নৌ স্কাউট লিডারগণ নিযুক্ত হবেন।

(গ) জেলা নৌ স্কাউট লিডার ও জেলা নৌ রোভার স্কাউট লিডার পদে নিয়োগের জন্য একজন স্কাউটারকে কমপক্ষে এক বছরের অভিজ্ঞতা সম্পন্ন শাখা ভিত্তিক উডব্যাজধারী হতে হবে। নিয়োগ লাভের এক বছরের মধ্যে তাকে কোন অনুমোদিত জেলা স্কাউট লিডার প্রশিক্ষণ কোর্সে যোগদান করতে হবে।

**(ঘ) জেলা নৌ স্কাউট ও রোভার স্কাউট লিডারের দায়িত্ব ও কার্যাবলী নিম্নরূপ হবে ঃ**

১) জেলা কমিশনারের পরামর্শ মোতাবেক বিভিন্ন ব্যাজের প্রশিক্ষণ দান ও পরীক্ষা গ্রহণ;

২) নিজ ইউনিট লিডারদের আত্মোন্নয়নের জন্য ব্যক্তিগত সহায়তা দান;

৩) নৌ জেলা স্কাউটসের বার্ষিক প্রোগ্রাম ও প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন ও পরিচালনা;

৪) বার্ষিক তাঁবুবাস ও সমাবেশের কর্মসূচী পরিচালনা;

৫) জেলা কমিশনার কর্তৃক নির্দেশিত অন্যান্য প্রশিক্ষন ও উন্নয়নমূলক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন।

**১৫৮। তহবিল**

(ক) জেলা সংগঠনের ব্যয় সংকুলানের জন্য অর্থ স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। চাঁদা ও অনুদান রশিদ দিয়ে নিতে হবে।

(খ) নৌ জেলা স্কাউটসের তহবিলে প্রাপ্ত সমুদয় অর্থ জমা রাখার জন্য ব্যাংকে হিসাব খুলতে হবে। কোষাধ্যক্ষ ও নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত একজন সদস্যের যৌথ স্বাক্ষরে এ হিসাব পরিচালিত হবে।

# এয়ার জেলা স্কাউটস

**১৫৯। এয়ার জেলা স্কাউটস**

প্রত্যেক বিমান ঘাঁটি এলাকায় একটি এয়ার জেলা স্কাউটস সংগঠন থাকবে। তাদের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে বাংলাদেশ স্কাউটস এয়ার অঞ্চল।

**১৬০। জেলা কাউন্সিল**

এয়ার জেলা স্কাউটসের একটি কাউন্সিল থাকবে। এর গঠন নিম্নরূপ হবে ঃ

১) সভাপতি

২) সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)

৩) জেলা কমিশনার

৪) কোষাধ্যক্ষ

৫) সহকারী জেলা কমিশনারগণ (অনধিক সাত জন)

৬) সম্পাদক

৭) অধ্যক্ষ, শাহীন স্কুল এন্ড কলেজ

৮) এলাকায় দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ

৯) এয়ার স্কাউট লিডারগণ

১০) জেলা নির্বাহী কমিটির সদস্যগণ

১১) লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনারগণ[২]।

**১৬১। সভা ও কার্যাবলী**

(ক) এয়ার জেলা স্কাউটস কাউন্সিল বছরে একবার সাধারণ সভায় মিলিত হবে।

(খ) নির্বাহী কমিটির কার্যাবলীর খতিয়ান বার্ষিক প্রতিবেদন আকারে কাউন্সিল সভায় উপস্থাপন করতে হবে।

(গ) এয়ার জেলা স্কাউটস কাউন্সিল বার্ষিক সাধারণ সভায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত জেলা স্কাউটস এর চলতি বছরের বাজেট ও বিগত বছরের আয়-ব্যয়ের হিসাব অবগতি এবং বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন ও তার আগের বছরের আয়-ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন:

২) বার্ষিক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কার্যসূচী অনুমোদন;

৩) নিজস্ব উপবিধির কোন ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত প্রস্তাব আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৪) নির্বাহী কমিটি কর্তৃক উপস্থাপিত আলোচ্যসূচী সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ;

৫) অডিটর নিয়োগ।

**১৬২। নির্বাহী কমিটি**

নিম্নবর্ণিত পদ সমন্বয়ে প্রত্যেক নৌ জেলা স্কাউটসের একটি নির্বাহী কমিটি থাকবে ঃ

১) সভাপতি

২) সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)

৩) জেলা কমিশনার

৪) কোষাধ্যক্ষ

৫) সহকারী জেলা কমিশনারগণ (অনধিক সাত জন)

৬) সম্পাদক

৭) এলাকার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ

৮) যুগ্ম-সম্পাদক

৯) অধ্যক্ষ, শাহীন স্কুল এন্ড কলেজ

১০) জেলা এয়ার স্কাউট লিডার

১১) জেলা এয়ার রোভার স্কাউট লিডার।

১২) সহযোজিত সদস্য ৪ (চার) জন (এর মধ্যে ৩৫ বছরের উর্ধ্বে নয় এমন একজন পুরুষ ও একজন মহিলা লিডার)[৯]।

**১৬৩। নির্বাহী কমিটির দায়িত্ব**

জেলা নির্বাহী কমিটির দায়িত্বের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকবে ঃ

১) স্কাউট আন্দোলনকে সম্প্রসারিত, উন্নীত ও জনপ্রিয় করা;

২) কার্যকলাপ, জনসংযোগ ও প্রচারের মাধ্যমে স্কাউট আন্দোলনের প্রতি বালকদের আকৃষ্ট করা;

৩) স্থানীয় প্রযুক্তি প্রয়োগ করে স্কাউটদের উদ্যোগে সমাজ সেবামূলক কাজ ও সমাজ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা;

৪) এয়ার স্কাউটিংয়ে আগ্রহী ব্যক্তিদের প্রশিক্ষণ দিয়ে নেতৃত্ব গ্রহণে উৎসাহিত করা;

৫) সিলেবাস অনুসারে স্কাউটদের প্রশিক্ষণ পরিচালনা নিশ্চিত করা;

৬) এলাকাস্থ স্কাউট ও সদস্যদের রেকর্ড সংরক্ষণ করা;

৭) আইন লংঘনকারী স্কাউট বা স্কাউটারদের বিরুদ্ধে আঞ্চলিক স্কাউটসের অনুমোদন অথবা নির্দেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৮) স্কাউট বা স্কাউটারদের সনদপত্র, ডেকোরেশন ও অ্যাওয়ার্ড প্রদানের সুপারিশ করা;

৯) স্কাউট ব্যাজ, বই ও অন্যান্য উপকরণ সরবরাহের ব্যবস্থা করা;

১০) এয়ার জেলা স্কাউটস কাউন্সিলের বার্ষিক সাধারণ সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী নির্ধারণ করা;

১১) এয়ার জেলা স্কাউটস কাউন্সিলের গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন করা;

১২) স্কাউট আন্দোলনের উন্নয়নে এয়ার জেলা স্কাউটসের তালিকাভুক্ত শাখাসমূহের মধ্যে সমঝোতা বৃদ্ধির চেষ্টা করা;

১৩) এয়ার জেলা স্কাউটসের তাঁবুবাস, বার্ষিক র‌্যালী ও অন্যান্য সামবেশের আয়োজন করা;

১৪) স্কাউটদের আঞ্চলিক, জাতীয়, আন্তর্জাতিক সম্মেলন, সমাবেশ, সেমিনার, র‌্যালী, মুট, জাম্বুরী ইত্যাদিতে যোগদানের জন্য নিজ এলাকার প্রতিনিধি মনোনয়ন করা;

১৫) বার্ষিক আয়-ব্যয়ের বাজেট পাশ করা;

১৬) সময় সময় আয়-ব্যয়ের হিসাব পরীক্ষা করা এবং বিগত বছরের কার্যবিবরণী ও আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব কাউন্সিলের সাধারণ সভায় পেশ করা;

১৭) তহবিল বৃদ্ধির উৎস ও পন্থা উদ্ভাবন এবং নীতি নির্ধারণ করা;

১৮) 'গঠন ও নিয়ম' এবং আঞ্চলিক ও নিজস্ব উপবিধি অনুসারে অন্যান্য দায়িত্ব পালন করা।

**১৬৪। সভাপতি**

বিমান ঘাঁটির অধিনায়ক পদাধিকার বলে জেলা নির্বাহী কমিটির সভাপতি থাকবেন। তিনি কাউন্সিল ও নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন।

**১৬৫। সহ-সভাপতি**

এয়ার জেলা স্কাউটসের অনধিক পাঁচ জন সহ-সভাপতি থাকবেন। সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন।

**১৬৬। জেলা কমিশনার**

(ক) আঞ্চলিক কমিশনার ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদ দ্বারা তিন বছরের জন্য বিমান ঘাঁটির প্রশাসন শাখার অধিনায়ক জেলা কমিশনার নিযুক্ত হবেন।

(খ) তিনি তাঁর কার্যাবলীর জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন।

(গ) **জেলা কমিশনারের দায়িত্ব হবে নিম্নরূপ ঃ**

১) জেলা সংগঠনের উন্নয়ন এবং জেলা কাউন্সিলকে কর্মচঞ্চল ও কার্যকর রাখা;

২) সভাপতির সঙ্গে আলোচনা করে কাউন্সিলের সাধারণ সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় নির্ধারণ;

৩) এয়ার জেলা স্কাউটসের তহবিল ও সম্পত্তির হেফাজত, কর্মচারী নিয়োগ, নিয়ন্ত্রণ ও তাদের অবসর গ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদন;

৪) স্কাউট ও স্কাউটার অ্যাওয়ার্ড ও প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড এবং প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৫) সভাপতি ও সহ-সভাপতির অনুপস্থিতিতে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভায় সভাপতির দায়িত্ব পালন;

(ঘ) জেলা কমিশনার কোন বিষয়ে জেলা কাউন্সিল বা জেলা নির্বাহী কমিটির সঙ্গে একমত না হলে সিদ্ধান্ত প্রদানের জন্য আঞ্চলিক কমিশনারের নিকট বিষয়টি উত্থাপন করতে হবে। এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৮) 'গঠন ও নিয়ম' এবং আঞ্চলিক ও নিজস্ব উপবিধি অনুসারে অন্যান্য দায়িত্ব পালন করা।

**১৬৪। সভাপতি**

বিমান ঘাঁটির অধিনায়ক পদাধিকার বলে জেলা নির্বাহী কমিটির সভাপতি থাকবেন। তিনি কাউন্সিল ও নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন।

**১৬৫। সহ-সভাপতি**

এয়ার জেলা স্কাউটসের অনধিক পাঁচ জন সহ-সভাপতি থাকবেন। সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন।

**১৬৬। জেলা কমিশনার**

(ক) আঞ্চলিক কমিশনার ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদ দ্বারা তিন বছরের জন্য বিমান ঘাঁটির প্রশাসন শাখার অধিনায়ক জেলা কমিশনার নিযুক্ত হবেন।

(খ) তিনি তাঁর কার্যাবলীর জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন।

(গ) **জেলা কমিশনারের দায়িত্ব হবে নিম্নরূপ ঃ**

১) জেলা সংগঠনের উন্নয়ন এবং জেলা কাউন্সিলকে কর্মচঞ্চল ও কার্যকর রাখা;

২) সভাপতির সঙ্গে আলোচনা করে কাউন্সিলের সাধারণ সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় নির্ধারণ;

৩) এয়ার জেলা স্কাউটসের তহবিল ও সম্পত্তির হেফাজত, কর্মচারী নিয়োগ, নিয়ন্ত্রণ ও তাদের অবসর গ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদন;

৪) স্কাউট ও স্কাউটার অ্যাওয়ার্ড ও প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড এবং প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৫) সভাপতি ও সহ-সভাপতির অনুপস্থিতিতে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভায় সভাপতির দায়িত্ব পালন;

(ঘ) জেলা কমিশনার কোন বিষয়ে জেলা কাউন্সিল বা জেলা নির্বাহী কমিটির সঙ্গে একমত না হলে সিদ্ধান্ত প্রদানের জন্য আঞ্চলিক কমিশনারের নিকট বিষয়টি উত্থাপন করতে হবে। এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**১৬৭। কোষাধ্যক্ষ**

কোষাধ্যক্ষ জেলা কমিশনারের সুপারিশক্রমে সভাপতি কর্তৃক নিয়োজিত হবেন এবং তিনি–

১) সংগঠনের নামে প্রাপ্ত সকল টাকা পয়সা গ্রহণ করবেন এবং আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণের নিশ্চয়তা বিধান করবেন;

২) তিনি সম্পাদকের সহায়তায় বার্ষিক বাজেট প্রণয়ন ও উপস্থাপন করবেন;

৩) নির্বাহী কমিটির অনুমোদনক্রমে অথবা নির্বাহী কমিটির অুনমোদন সাপেক্ষে জেলা কমিশনারের লিখিত অনুমতিক্রমে বাজেট বহির্ভূত ব্যয়ের বিল মঞ্জুর করতে পারবেন।

৪) তহবিলের অবস্থা সম্পর্কে জেলা কমিশনার ও নির্বাহী কমিটিকে নিয়মিত অবহিত রাখবেন;

৫) সংগঠনের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব নির্বাহী কমিটির অনুমোদনসহ কাউন্সিলের বার্ষিক সাধারণ সভায় পেশ করবেন।

**১৬৮। সহকারী জেলা কমিশনার**

জেলা কমিশনারের কার্যাবলী সম্পাদনে সহায়তার জন্য বিভিন্ন বিষয়ে তাঁর সুপারিশক্রমে তাঁর নিজের ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা (অনূর্ধ ৭ (সাত) জন সহকারী জেলা কমিশনার নিয়োগ করা যাবে। তাঁরা তাঁদের কার্যাবলীর জন্য জেলা কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**১৬৯। সম্পাদক**

(ক) এয়ার জেলা স্কাউটসের একজন সম্পাদক থাকবেন। তিনি জেলা কমিশনারের সুপারিশক্রমে সভাপতি কর্তৃক নিয়োজতি হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য জেলা কমিশনারের নিকট দায়ী থাকবেন।

(গ) **সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সভাপতি ও জেলা কমিশনারের নির্দেশমত কাউন্সিল ও নির্বাহী কমিটির সভার নোটিশ প্রেরণ, সভার কার্যবিবরণী লিখন, সংরক্ষণ ও সভার গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন;

২) সংগঠনের স্থাবর, অস্থাবর সম্পত্তি ও দলিলপত্র সংরক্ষণ;

৩) আঞ্চলিক ও জাতীয় সদর দফতরের সঙ্গে যোগাযোগ রক্ষা করা;

৪) ইউনিট রেজিস্ট্রেশন ও সনদ মঞ্জুরীর আবেদনপত্র আঞ্চলিক সদর দফতরে প্রেরণ এবং রেজিস্ট্রেশন ও সনদ মঞ্জুরীর আবেদনপত্র আঞ্চলিক সদর দফতরে প্রেরণ এবং রেজিস্ট্রেশন চার্টার ও সনদপত্র প্রাপকের নিকট বিতরণ ও তৎসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ;

৫) সংগঠনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;

৬) তালিকাভুক্ত দল থেকে বার্ষিক রেজিস্ট্রেশন ফি, কার্যবিবরণী ও স্কাউট পরিসংখ্যান সংগ্রহ ও তার বিবরণ প্রস্তুত করে আঞ্চলিক সদর দফতরে প্রেরণ;

৭) নির্ধারিত ফরমে স্কাউট ও স্কাউটারদের ডেকোরেশন ও অ্যাওয়ার্ডের সুপারিশপত্র যথাসময়ে আঞ্চলিক সদর দফতরে প্রেরণ।

**১৭০। যুগ্ম-সম্পাদক**

(ক) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য সম্পাদকের নিকট দায়ী থাকবেন।

(খ) **যুগ্ম-সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সম্পাদকের সকল কাজে সাহায্য এবং সহযোগিতা করা,

২) সম্পাদক কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন,

৩) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় দায়-দায়িত্ব পালন।

**১৭১। জেলা এয়ার স্কাউট লিডার ও জেলা এয়ার রোভার স্কাউট লিডার**

(ক) এয়ার জেলা স্কাউটসের ট্রেনিং ও প্রোগ্রামের দায়িত্ব পালনের জন্য একজন জেলা এয়ার স্কাউট লিডার ও একজন জেলা এয়ার রোভার স্কাউট লিডার থাকবেন।

(খ) জেলা কমিশনারের সুপারিশক্রমে জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে জেলা স্কাউট লিডারগণ নিযুক্ত হবেন।

(গ) জেলা এয়ার স্কাউট লিডার ও জেলা এয়ার রোভার স্কাউট লিডার পদে নিয়োগের জন্য একজন স্কাউটারকে কমপক্ষে এক বছরের অভিজ্ঞতা সম্পন্ন শাখা ভিত্তিক উডব্যাজধারী হতে হবে। নিয়োগ লাভের এক বছরের মধ্যে তাঁদের কোন অনুমোদিত জেলা স্কাউট লিডার প্রশিক্ষণ কোর্সে যোগদান করতে হবে।

(ঘ) **জেলা এয়ার ও এয়ার রোভার স্কাউট লিডারের দায়িত্ব ও কার্যাবলী নিম্নরূপ হবে ঃ**

১) জেলা কমিশনারের পরামর্শ মোতাবেক বিভিন্ন ব্যাজের প্রশিক্ষণ দান ও পরীক্ষা গ্রহণ;
২) নিজ শাখার ইউনিট লিডারদের আত্মোন্নয়নের জন্য ব্যক্তিগত সহায়তা দান;
৩) এয়ার জেলা স্কাউটসের বার্ষিক প্রোগ্রাম ও প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন ও পরিচালনা;
৪) বার্ষিক তাঁবুবাস ও সমাবেশের কর্মসূচী পরিচালনা;
৫) জেলা কমিশনার কর্তৃক নির্দেশিত অন্যান্য প্রশিক্ষণ ও উন্নয়নমূলক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন।

**১৭২। তহবিল**

(ক) জেলা সংগঠনের ব্যয় সংকুলানের জন্য অর্থ স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। চাঁদা ও অনুদান রশিদ দিয়ে নিতে হবে।

(খ) এয়ার জেলা স্কাউটসের তহবিলে প্রাপ্ত সমুদয় অর্থ জমা রাখার জন্য ব্যাংকে হিসাব খুলতে হবে। কোষাধ্যক্ষ ও নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত একজন সদস্যের যৌথ স্বাক্ষরে এ হিসাব পরিচালিত হবে।

# মেট্রোপলিটন স্কাউটস

**১৭৩। মেট্রোপলিটন স্কাউটস**

প্রত্যেক মেট্রোপলিটন প্রশাসনিক এলাকায় জেলা স্কাউটসের মর্যাদা সম্পন্ন একটি স্কাউট সংগঠন থাকবে এবং তা মেট্রোপলিটন স্কাউটস নামে পরিচালিত হবে। তাদের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হবেন সংশ্লিষ্ট প্রশাসনিক বিভাগভিত্তিক আঞ্চলিক স্কাউটস।

**১৭৪। মেট্রোপলিটন কাউন্সিল**

১) পৃষ্ঠপোষক
২) সভাপতি
৩) সহ-সভাপতি (অনধিক পাঁচজন)
৪) মেট্রোপলিটন জেলা কমিশনার
৫) কোষাধ্যক্ষ
৬) সম্পাদক
৭) যুগ্ম-সম্পাদক

৮) জেলা শিক্ষা অফিসার
৯) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
১০) এলাকার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা
১১) মেট্রোপলিটন সহকারী জেলা কমিশনার (অনধিক সাত জন)
১২) মেট্রোপলিটন থানাসমূহের একজন করে স্কাউটার প্রতিনিধি
১৩) প্রত্যেক মেট্রোপলিটন থানার গ্রুপ কমিটির সভাপতিগণের মধ্য থেকে একজন করে প্রতিনিধি
১৪) মেট্রোপলিটন জেলা নির্বাহী কমিটির সদস্যগণ
১৫) মেট্রোপলিটন জেলার লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনারগণ।

**১৭৫। কাউন্সিলের মেয়াদ ও সভা**

(ক) মেট্রোপলিটন স্কাউটস কাউন্সিলের কার্যকাল হবে নির্বাচনের পর থেকে তিন বছর।

(খ) মেট্রোপলিটন স্কাউটস কাউন্সিল বছরে একবার সাধারণ সভায় মিলিত হবে।

(গ) নির্বাহী কমিটির কার্যাবলীর খতিয়ান বার্ষিক প্রতিবেদন আকারে কাউন্সিলের সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।

(ঘ) কাউন্সিল প্রতি তিন বছর অন্তর একবার ত্রৈবাষিক সাধারণ সভায় মিলিত হবে।

(ঙ) অপরিহার্য কারণে তিন বছরের মধ্যে কাউন্সিলের ত্রৈবাষিক সাধারণ সভার আয়োজন করা সম্ভব না হলে নির্বাহী কমিটির সভায় অনধিক ছ'মাস মেয়াদ বাড়ানো যাবে। তবে এ বিষয়ে সংশ্লিষ্ট আঞ্চলিক স্কাউটসের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। ছ'মাসের মধ্যে নির্বাচন করা সম্ভব না হলে নির্বাহী কমিটির আর কোন কার্যকারিতা থাকবে না এবং ছ'মাসের মেয়াদ শেষ হলে নিম্নলিখিত ব্যক্তিদের নিয়ে এডহক কমিটি গঠন করতে হবে। এডহক কমিটি তিনমাসের মধ্যে কাউন্সিলের সাধারণ সভা অনুষ্ঠান করবে এবং কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় নির্বাহী কমিটি গঠন করবে।

| | | |
|---|---|---|
| ১) | জেলা প্রশাসক | আহ্বায়ক |
| ২) | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ৩) | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৪) | অঞ্চলের একজন প্রতিনিধি | সদস্য |
| ৫) | জেলার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের কর্মকর্তা | সদস্য সচিব |

**১৭৬। বার্ষিক সভা**

(ক) মেট্রোপলিটন স্কাউটস কাউন্সিল বার্ষিক সাধারণ সভায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত জেলা স্কাউটসের চলতি বছরের বাজেট ও বিগত বছরের আয়-ব্যয়ের হিসাব অবগতি এবং বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন ও তার আগের বছরের আয়-ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;

২) বার্ষিক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কার্যসূচী অনুমোদন;

৩) নিজস্ব উপবিধির কোন ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত প্রস্তাব আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৪) নির্বাহী কমিটি কর্তৃক উপস্থাপিত আলোচ্যসূচী সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ;

৫) অডিটর নিয়োগ।

**ত্রৈবার্ষিক সভা**

(খ) ত্রৈবার্ষিক সাধারণ সভায় বার্ষিক সাধারণ সভার কার্যাবলী ছাড়াও কাউন্সিল নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটির সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক (স্কাউট শাখা) যুগ্ম-সম্পাদক একজন (কাব শাখা) স্কাউট লিডার প্রতিনিধি দু'জন (১ জন মাধ্যমিক বিদ্যালয় ও ১ জন প্রাথমিক বিদ্যালয় থেকে) গ্রুপ কমিটির সভাপতি প্রতিনিধি দু'জন (১ জন মাধ্যমিক বিদ্যালয় ও ১ জন প্রাথমিক বিদ্যালয় থেকে) ও লিডার ট্রেনার প্রতিনিধি দু'জন নির্বাচন করতে হবে।

২) মেট্রোপলিটন জেলা কমিশনার নিয়োগের সুপারিশ;

(গ) বার্ষিক সভা ছাড়াও সভাপতির অনুমতিক্রমে কোন বিশেষ প্রয়োজনে কাউন্সিলের বিশেষ সভা ডাকা যাবে;

(ঘ) মেট্রোপলিটন স্কাউটস কাউন্সিলের সাধারণ সভা, অনুষ্ঠানাদি, সদস্যপদে শূন্যতা ও তা পূরণ ইত্যাদি ব্যাপারে বাংলাদেশ স্কাউটসের বিধিমালা অনুসৃত হবে।

**১৭৭। নির্বাহী কমিটি**

নিম্ন বর্ণিত পদ সমন্বয়ে প্রত্যেক মেট্রোপলিটন স্কাউটসের একটি নির্বাহী কমিটি থাকবে ঃ

১) সভাপতি

২) সহ-সভাপতি (অনধিক পাঁচজন)
৩) মেট্রোপলিটন জেলা কমিশনার
৪) কোষাধ্যক্ষ
৫) মেট্রোপলিটন সহকারী জেলা কমিশনারগণ (অনধিক সাত জন)
৬) সম্পাদক
৭) যুগ্ম-সম্পাদক
৮) চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
৯) জেলা শিক্ষা অফিসার
১০) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
১১) এলাকার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ
১২) স্কাউট লিডারদের প্রতিনিধি (দু'জন)
১৩) মেট্রোপলিটন কাব স্কাউট লিডার ও মেট্রোপলিটন স্কাউট লিডার
১৪) গ্রুপ কমিটির সভাপতি প্রতিনিধি (দু'জন)
১৫) লিডার ট্রেনার প্রতিনিধি দু'জন ও সহকারী লিডার ট্রেনার প্রতিনিধি (দু'জন)
১৬) মেট্রোপলিটন পুলিশ কমিশনারের প্রতিনিধি (একজন)
১৭) নির্বাহী কমিটি কর্তৃক সহযোজিত সদস্য দু'জন[২]
১৮) সংশ্লিষ্ট রোভার জেলার কমিশনার ও সম্পাদক (পদাধিকার বলে)[৬]
১৯) সহযোজিত সদস্য ৪ (চার) জন (এর মধ্যে ৩৫ বছরের উর্ধ্বে নয় এমন একজন পুরুষ ও একজন মহিলা লিডার)[৯]।

**১৭৮। নির্বাহী কমিটির দায়িত্ব**

মেট্রোপলিটন নির্বাহী কমিটির দায়িত্বের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকবে ঃ

১) স্কাউট আন্দোলনকে সম্প্রসারিত, উন্নীত ও জনপ্রিয় করা;
২) কার্যকলাপ, জনসংযোগ ও প্রচারের মাধ্যমে স্কাউট আন্দোলনের প্রতি শিশু কিশোর/কিশোরীদের আকৃষ্ট করা;
৩) স্থানীয় প্রযুক্তি প্রয়োগ করে স্কাউটদের উদ্যোগে সমাজ সেবামূলক কাজ ও সমাজ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা;
৪) স্কাউটিংয়ে আগ্রহী ব্যক্তিদের প্রশিক্ষণ দিয়ে নেতৃত্ব গ্রহণে উৎসাহিত করা;
৫) আঞ্চলিক স্কাউটসের প্রাপ্য রেজিস্ট্রেশন ফি নির্ধারিত সময়ে পরিশোধ করা;

৬) সিলেবাস অনুসারে স্কাউটদের প্রশিক্ষণ পরিচালনা নিশ্চিত করা;
৭) এলাকাস্থ স্কাউট সদস্যদের রেকর্ড সংরক্ষণ করা;
৮) আইন লংঘনকারী স্কাউট বা স্কাউটারদের বিরুদ্ধে বাংলাদেশ স্কাউটসের অনুমোদন অথবা নির্দেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা[২];
৯) স্কাউট ও স্কাউটারদের সনদপত্র, ডেকোরেশন ও অ্যাওয়ার্ড প্রদানের সুপারিশ করা;
১০) স্কাউট ব্যাজ, বই ও অন্যান্য উপকরণ সরবরাহের ব্যবস্থা করা;
১১) মেট্রোপলিটন স্কাউটস কাউন্সিলের বার্ষিক/ত্রৈবাষিক সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী নির্ধারণ করা;
১২) মেট্রোপলিটন স্কাউটস কাউন্সিলে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা;
১৩) স্কাউট আন্দোলনের উন্নয়নে তালিকাভুক্ত শাখাসমূহের মধ্যে সমঝোতা বৃদ্ধির চেষ্টা করা;
১৪) মেট্রোপলিটন স্কাউটসের তাঁবুবাস, বার্ষিক র‍্যালী ও অন্যান্য সমাবেশের আয়োজন করা;
১৫) আঞ্চলিক, জাতীয়, আন্তর্জাতিক সম্মেলন, সমাবেশ, সেমিনার, র‍্যালী, জাম্বুরী ইত্যাদিতে যোগদানের জন্য প্রতিনিধি মনোনয়ন করা;
১৬) বার্ষিক আয়-ব্যয়ের বাজেট পাশ করা;
১৭) সময় সময় আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব কাউন্সিল সভায় পেশ করা;
১৮) তহবিল বৃদ্ধির উৎস ও পন্থা উদ্ভাবন এবং নীতি নির্ধারণ করা;
১৯) 'গঠন ও নিয়ম' এবং আঞ্চলিক ও নিজস্ব উপবিধি অনুসারে অন্যান্য দায়িত্ব পালন করা।

**১৭৯। পৃষ্ঠপোষক**

মেট্রোপলিটন পুলিশ কমিশনার পদাধিকারবলে মেট্রোপলিটন স্কাউটসের পৃষ্ঠপোষক হবেন।

**১৮০। সভাপতি**

জেলা প্রশাসক পদাধিকারবলে মেট্রোপলিটন স্কাউটসের সভাপতি থাকবেন। তিনি কাউন্সিল ও নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন।

**১৮১। সহ-সভাপতি**

মেট্রোপলিটন স্কাউটসের অনধিক ৫ (পাঁচ) জন সহ-সভাপতি থাকবেন। সহ-সভাপতি কাউন্সিলের ত্রৈবার্ষিক সভায় তিন বছরের জন্য নির্বাচিত

হবেন। সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন[৩]।

**১৮২। মেট্রোপলিটন জেলা কমিশনার**

(ক) মেট্রোপলিটন স্কাউটস কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভার সুপারিশক্রমে আঞ্চলিক কমিশনার ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা তিন বছরের জন্য মেট্রোপলিটন জেলা কমিশনার নিয়োজিত হবেন। তাঁকে সংশ্লিষ্ট মেট্রোপলিটন এলাকায় বসবাসকারী বা সেখানে কর্মরত হতে হবে।

(খ) তিনি তাঁর কার্যাবলীর জন্য আঞ্চলিক কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**(গ) মেট্রোপলিটন জেলা কমিশনারের দায়িত্ব হবে নিম্নরূপ ঃ**

১) মেট্রোপলিটন সংগঠনের উন্নয়ন এবং মেট্রোপলিটন কাউন্সিলকে কর্মচঞ্চল ও কার্যকর রাখা;

২) সভাপতির সঙ্গে আলোচনা করে কাউন্সিলের সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় নির্ধারণ;

৩) মেট্রোপলিটন স্কাউটসের তহবিল ও সম্পত্তির হেফাজত, কর্মচারী নিয়োগ, নিয়ন্ত্রণ ও তাদের অবসরগ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদন;

৪) যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের সনদপত্র দ্বারা মেট্রোপলিটন সহকারী জেলা কমিশনার পদে নিয়োগ এবং স্কাউটিং উন্নয়নে তাঁদের কাজ করার সুযোগ প্রদান;

৫) মেট্রোপলিটন সহকারী জেলা কমিশনারের কোন পদ শূন্য হলে তা পূরণের ব্যবস্থা করা;

৬) কাব স্কাউট, স্কাউট/স্কাউটারদের অ্যাওয়ার্ড এবং শাপলা কাব অ্যাওয়ার্ড প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৭) সভাপতি ও সহ-সভাপতির অনুপস্থিতিতে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভায় সভাপতির দায়িত্ব পালন;

(ঘ) মেট্রোপলিটন জেলা কমিশনার কোন বিষয়ে মেট্রোপলিটন কাউন্সিল বা মেট্রোপলিটন নির্বাহী কমিটির সঙ্গে একমত না হলে সিদ্ধান্ত প্রদানের জন্য আঞ্চলিক কমিশনারের নিকট বিষয়টি উপস্থাপন করতে হবে। এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**১৮৩। কোষাধ্যক্ষ**

কোষাধ্যক্ষ কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন এবং তিনি,

১) সংগঠনের নামে প্রাপ্ত সকল টাকা পয়সা গ্রহণ করবেন এবং আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে রক্ষনাবেক্ষণের নিশ্চয়তা বিধান করবেন;

২) সম্পাদকের সহায়তায় বার্ষিক বাজেট প্রণয়ন ও উপস্থাপন করবেন;

৩) নির্বাহী কমিটির অনুমোদনক্রমে অথবা নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে মেট্রোপলিটন জেলা কমিশনারের লিখিত অনুমতিক্রমে বাজেট বহির্ভূত খরচের বিল মঞ্জুর করতে পারবেন;

৪) তহবিলের অবস্থা সম্পর্কে মেট্রোপলিটন জেলা কমিশনার ও নির্বাহী কমিটিকে নিয়মিত অবহিত রাখবেন;

৫) সংগঠনের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব নির্বাহী কমিটির অনুমোদনসহ কাউন্সিলের বার্ষিক সাধারণ সভায় পেশ করবেন।

**১৮৪। মেট্রোপলিটন সহকারী জেলা কমিশনার**

মেট্রোপলিটন জেলা কমিশনারের কার্যাবলী সম্পাদনে সহায়তার জন্য বিভিন্ন বিষয়ে তাঁর সুপারিশক্রমে তাঁর নিজের ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে অনূর্ধ সাত জন সহকারী জেলা কমিশনার (কমপক্ষে একজন মহিলাসহ) নিয়োগ করা যাবে। তাঁরা তাঁদের কার্যাবলীর জন্য মেট্রোপলিটন জেলা কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**১৮৫। সম্পাদক**

(ক) সম্পাদক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য মেট্রোপলিটন জেলা কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**(গ) সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সভাপতি ও মেট্রোপলিটন জেলা কমিশনারের নির্দেশে কাউন্সিলের সাধারণ সভা ও নির্বাহী কমিটির সভার নোটিশ প্রেরণ, সভার কার্যবিবরণী লিখন, সংরক্ষণ ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;

২) সংগঠনের স্থাবর, অস্থাবর সম্পত্তি ও দলিলপত্র সংরক্ষণ;

৩) আঞ্চলিক ও জাতীয় সদর দফতরের সঙ্গে যোগাযোগ রক্ষা করা;

৪) গ্রুপ/ইউনিট রেজিস্ট্রেশন চার্টার ও সনদপত্র প্রাপকের নিকট বিতরণ ও তৎসংক্রান্ত/ রেকর্ড সংরক্ষণ;

৫) সংগঠনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;

৬) তালিকাভুক্ত গ্রুপ/ইউনিট থেকে বার্ষিক রেজিষ্ট্রেশন ফি, কার্যবিবরণী ও স্কাউট পরিসংখ্যান সংগ্রহ ও তার বিবরণ প্রস্তুত করে আঞ্চলিক সদর দফতরে প্রেরণ;

৭) নির্ধারিত ফরমে স্কাউট ও স্কাউটারদের ডেকোরেশন ও অ্যাওয়ার্ডের সুপারিশপত্র যথাসময়ে আঞ্চলিক সদর দফতরে প্রেরণ।

**১৮৬। যুগ্ম-সম্পাদক**

(ক) যুগ্ম-সম্পাদক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য সম্পাদকের নিকট দায়ী থাকবেন।

(গ) **যুগ্ম-সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সম্পাদককে সকল কাজে সাহায্য-সহযোগিতা করা।

২) সম্পাদক কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন।

৩) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় দায়-দায়িত্ব পালন।

**১৮৭। মেট্রোপলিটন কাব স্কাউট লিডার ও মেট্রোপলিটন স্কাউট লিডার**

(ক) মেট্রোপলিটন স্কাউটসের প্রশিক্ষণ ও প্রোগ্রামের দায়িত্ব পালনের জন্য একজন মেট্রোপলিটন কাব স্কাউট লিডার ও একজন জেলা মেট্রোপলিটন স্কাউট লিডার থাকবেন[২]।

(খ) মেট্রোপলিটন জেলা কমিশনারের সুপারিশক্রমে মেট্রোপলিটন জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে মেট্রোপলিটন জেলা স্কাউট লিডারগণ নিযুক্ত হবেন।

(গ) মেট্রোপলিটন জেলা কাব স্কাউট লিডার ও মেট্রোপলিটন জেলা স্কাউট লিডার পদে নিয়োগের জন্য একজন স্কাউটারকে কমপক্ষে এক বছরের অভিজ্ঞতা সম্পন্ন শাখা ভিত্তিক উডব্যাজধারী হতে হবে। নিয়োগ লাভের এক বছরের মধ্যে তাঁদের কোন অনুমোদিত জেলা কাব স্কাউট লিডার ও মেট্রোপলিটন জেলা স্কাউট লিডার প্রশিক্ষণ কোর্সে যোগদান করতে হবে।

(ঘ) মেট্রোপলিটন জেলা কাব স্কাউট লিডার ও মেট্রোপলিটন জেলা স্কাউট লিডারের দায়িত্ব ও কার্যাবলী নিম্নরূপ হবে ঃ

১) মেট্রোপলিটন জেলা কমিশনারের পরামর্শ মোতাবেক বিভিন্ন ব্যাজের প্রশিক্ষণ দান ও পরীক্ষা গ্রহণ;

২) নিজ শাখার ইউনিট লিডারদের আত্মোন্নয়নের জন্য ব্যক্তিগত সহায়তা দান;

৩) মেট্রোপলিটন জেলা স্কাউটসের বার্ষিক প্রোগ্রাম ও প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন ও পরিচালনা;

৪) বার্ষিক তাঁবুবাস ও সমাবেশের কর্মসূচী পরিচালনা;

৫) মেট্রোপলিটন জেলা কমিশনার কর্তৃক নির্দেশিত অন্যান্য প্রশিক্ষণ ও উন্নয়নমূলক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন।

**১৮৮। তহবিল**

(ক) সংগঠনের ব্যয় সংকুলানের জন্য অর্থ স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। চাঁদা ও অনুদান রশিদ দিয়ে নিতে হবে।

(খ) মেট্রোপলিটন জেলা স্কাউটসের তহবিলে প্রাপ্ত সমুদয় অর্থ জমা রাখার জন্য ব্যাংকে হিসাব খুলতে হবে। কোষাধ্যক্ষ ও নির্বাহী কমিটি কর্তৃক মনোনীত একজন সদস্যের যৌথ স্বাক্ষরে এ হিসাব পরিচারিত হবে।

## উপজেলা/থানা সংগঠন

**১৮৯। উপজেলা/থানা স্কাউটস ঃ**

(ক) জেলা স্কাউটসের কাব স্কাউট ও স্কাউট প্রোগ্রাম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রত্যেক প্রশাসনিক উপজেলা/থানায় একটি স্কাউট সংগঠন থাকবে। এগুলোর পরিচয় হবে উপজেলা/থানার নাম অনুযায়ী যেমন : বাংলাদেশ স্কাউটস, সরাইল উপজেলা/থানা। তাদের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট জেলা স্কাউটস।

(খ) সর্বনিম্ন ৭ (সাত)টি স্কাউট ইউনিট থাকলে কোন উপজেলা/থানা স্কাউটসকে অনুমোদন দেয়া যাবে। তবে স্থানীয় পরিবেশ বিবেচনায় জেলা স্কাউটসের সুপারিশে সংশ্লিষ্ট অঞ্চল এর সর্বনিম্ন সংখ্যা পুনঃনির্ধারণ করতে পারবে।

**১৯০। উপবিধি**

(ক) বাংলাদেশ স্কাউটসের 'গঠন ও নিয়ম' এবং অঞ্চল ও জেলা স্কাউটসের উপবিধি ছাড়াও উপজেলা/থানা স্কাউটস এর নিজস্ব উপবিধি থাকবে। এ উপবিধি উপজেলা/থানা স্কাউটস কাউন্সিলের বার্ষিক সাধারণ সভায় গৃহীত ও জেলা নির্বাহী কমিটির সুপারিশক্রমে আঞ্চলিক সদর দফতর থেকে অনুমোদিত হতে হবে। কোন উপজেলা/থানা "গঠন ও নিয়ম" এবং অঞ্চল ও জেলা স্কাউটস এর সঙ্গে অসংগতিপূর্ণ উপবিধি প্রণয়ন করতে পারবে না।

উক্তরূপ অসংগতিপূর্ণ উপ-বিধি বা বিধি প্রণীত হলে তা বাতিল বলে গণ্য হবে। উপবিধি প্রণয়ণকালে গঠন ও নিয়মে উল্লেখিত বিধান সমূহের কোন প্রকার পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন পরিমার্জন বা বিয়োজন করা যাবেনা।

(খ) উপজেলা/থানা স্কাউটস গঠনের ছ'মাসের মধ্যে নিজস্ব উপবিধি প্রণয়ন করে জেলার মাধ্যমে আঞ্চলিক সদর দফতরে অনুমোদনের জন্য দাখিল করতে হবে। আঞ্চলিক সদর দফতর দাখিলকৃত উপবিধি বা বিধি যাচাই বাছাই করতঃ দ্রুত সিদ্ধান্ত প্রদান করবে। আঞ্চলিক সদর দফতর এর অনুমোদন ব্যতীত উপজেলা/থানার উপবিধি বা এর অন্য বিধির পরিবর্তন, সংযোজন বা সংশোধনী প্রণীত হলে তা বাতিল বলে গণ্য হবে। উপবিধি প্রণয়ন কালে গঠন ও নিয়মের উল্লেখিত বিধান সমূহের কোন প্রকার পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন পরিমার্জন বা বিয়োজন করা যাবে না।

(গ) উপজেলা/থানা স্কাউট নিয়ম অনুসারে জেলা স্কাউটসকে বার্ষিক স্কাউট পরিসংখ্যান ও মেম্বারশীপ ফি প্রদানের সঙ্গে নির্ধারিত রেজিষ্ট্রেশন ফি পরিশোধ করে তার মঞ্জুরী নবায়ন করবে।

(ঘ) মঞ্জুরী প্রাপ্ত উপজেলা/থানা স্কাউটস জেলা, অঞ্চল ও বাংলাদেশ স্কাউটস প্রদত্ত সকল সুযোগ সুবিধা ভোগ করবে।

**১৯১। উপজেলা/থানা কাউন্সিল**

উপজেলা/থানা স্কাউটসের একটি কাউন্সিল থকবে। এর গঠন নিম্নরূপ হবে ঃ

১) পৃষ্ঠপোষক
২) সভাপতি
৩) সহ-সভাপতি (অনধিক পাঁচ জন)
৪) উপজেলা/থানা কমিশনার
৫) কোষাধ্যক্ষ
৬) উপজেলা/থানা সহকারী কমিশনারগণ (অনধিক সাত জন)
৭) সম্পাদক
৮) সকল লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনার (উপজেলা/থানার আওতাধীন)
৯) সকল ইউনিট লিডার
১০। সকল গ্রুপ/ইউনিট কমিটির সভাপতি

১১) উপজেলা/থানা নির্বাহী কমিটির সকল সদস্য

১২) জেলার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটেসের কর্মকর্তা

**১৯২। কাউন্সিলের মেয়াদ ও সভা**

(ক) উপজেলা/থানা স্কাউটস কাউন্সিলের কার্যকাল হবে নির্বাচনের পর থেকে তিন বছর। অপরিহার্য কারণে এর মেয়াদ অনধিক ছ'মাস বৃদ্ধি করা যাবে। এ বিষয়ে সংশ্লিষ্ট জেলা স্কাউটসের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। তবে তিন বছরের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই নির্বাহী কমিটির সভায় এ বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে। এ বর্ধিত সময়সীমার মধ্যে অবশ্যই সভা অনুষ্ঠিত হতে হবে। কোন কারণে বর্ধিত সময়সীমা অতিক্রান্ত হলে নির্বাহী কমিটি আপনা আপনি বিলুপ্ত হবে এবং তিন মাসের জন্য একটি এডহক কমিটি গঠিত হবে। এডহক কমিটি তিন মাসের মধ্যে কাউন্সিলের সাধারণ সভা অনুষ্ঠান করবে এবং কাউন্সিলের সাধারণ সভায় নির্বাহী কমিটি গঠন করবে২।

**এডহক কমিটি**

| | | |
|---|---|---|
| ১) | উপজেলা/থানা নির্বাহী কর্মকর্তা | আহ্বায়ক |
| ২) | সভাপতি কর্তৃক মনোনীত তিন জন স্কাউটার | সদস্য |
| ৩) | জেলা স্কাউটসের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪) | উপজেলা/থানা শিক্ষা অফিসার | সদস্য |
| ৫) | উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য সচিব |

ক) কাউন্সিল বছরে একবার সাধারণ সভায় মিলিত হবে।

খ) নির্বাহী কমিটির কার্যাবলীর খতিয়ান বার্ষিক প্রতিবেদন আকারে কাউন্সিলের সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।

গ) কাউন্সিল প্রতি তিন বছর অন্তর একবার ত্রৈবার্ষিক সাধারণ সভায় মিলিত হবে।

**১৯৩। বার্ষিক সভা**

(ক) উপজেলা/থানা স্কাউটস কাউন্সিল বার্ষিক সাধারণ সভায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটি কর্তৃক অনুমোদতি উপজেলা/থানা স্কাউটস এর চলতি বছরের বাজেট ও বিগত বছরের আয়-ব্যয়ের হিসাব অবগতি এবং বার্ষিক কার্যাবলীর প্রতিবেদন ও আগের বছরের আয়-ব্যয়ের নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;

২) বার্ষিক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কার্যসূচী অনুমোদন;

৩) নিজস্ব উপবিধির কোন ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত প্রস্তাব আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৪) নির্বাহী কমিটি কর্তৃক উপস্থাপিত আলোচ্যসূচী সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ;

৫) অডিটর নিয়োগ।

**ত্রৈবার্ষিক সভা**

(খ) ত্রৈবার্ষিক সাধারণ সভায় বার্ষিক সাধারণ সভার কার্যাবলী ছাড়াও নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটির সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক (স্কাউট শাখা) ও যুগ্ম সম্পাদক (কাব শাখা) এবং গ্রুপ/ইউনিট কমিটির সভাপতিদের মধ্য থেকে চার জন, (দু'জন প্রাথমিক বিদ্যালয় ও দু'জন মাধ্যমিক বিদ্যালয় থেকে) প্রতিনিধি নির্বাচন করতে হবে;

২) উপজেলা/থানা কমিশনার নিয়োগের সুপারিশ;

(গ) বার্ষিক সভা ছাড়াও সভাপতির অনুমতিক্রমে কোন বিশেষ প্রয়োজনে কাউন্সিলের বিশেষ সভা ডাকা যাবে।

(ঘ) উপজেলা/থানা স্কাউটস কাউন্সিলের সভা, অনুষ্ঠানাদি, সদস্যপদে শূন্যতা ও তা পূরণ ইত্যাদি ব্যাপারে বাংলাদেশ স্কাউটসের বিধিমালা অনুসৃত হবে।

**১৯৪। নির্বাহী কমিটি**

নিম্নবর্ণিত পদ সমন্বয়ে প্রত্যেক উপজেলা/থানা স্কাউটসের একটি নির্বাহী কমিটি থাকবে ঃ

১) সভাপতি

২) সহ-সভাপতি (অনুধিক পাঁচ জন)

৩) উপজেলা/থানা কমিশনার

৪) কোষাধ্যক্ষ

৫) উপজেলা/থানা সহকারী কমিশনারগণ (অনধিক সাত জন)

৬) সম্পাদক

৭) যুগ্ম সম্পাদক

৮) উপজেলা/থানা কাব স্কাউট ও স্কাউট লিডার

৯) জেলার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ

১০) উপজেলা/থানা শিক্ষা অফিসার

২) বার্ষিক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কার্যসূচী অনুমোদন;

৩) নিজস্ব উপবিধির কোন ধারা, উপধারা সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন সংক্রান্ত প্রস্তাব আলোচনা ও সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ;

৪) নির্বাহী কমিটি কর্তৃক উপস্থাপিত আলোচ্যসূচী সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ;

৫) অডিটর নিয়োগ।

**ত্রৈবার্ষিক সভা**

(খ) ত্রৈবার্ষিক সাধারণ সভায় বার্ষিক সাধারণ সভার কার্যাবলী ছাড়াও নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবে ঃ

১) নির্বাহী কমিটির সহ-সভাপতি, কোষাধ্যক্ষ, সম্পাদক (স্কাউট শাখা) ও যুগ্ম সম্পাদক (কাব শাখা) এবং গ্রুপ/ইউনিট কমিটির সভাপতিদের মধ্য থেকে চার জন, (দু'জন প্রাথমিক বিদ্যালয় ও দু'জন মাধ্যমিক বিদ্যালয় থেকে) প্রতিনিধি নির্বাচন করতে হবে;

২) উপজেলা/থানা কমিশনার নিয়োগের সুপারিশ;

(গ) বার্ষিক সভা ছাড়াও সভাপতির অনুমতিক্রমে কোন বিশেষ প্রয়োজনে কাউন্সিলের বিশেষ সভা ডাকা যাবে।

(ঘ) উপজেলা/থানা স্কাউটস কাউন্সিলের সভা, অনুষ্ঠানাদি, সদস্যপদে শূন্যতা ও তা পূরণ ইত্যাদি ব্যাপারে বাংলাদেশ স্কাউটসের বিধিমালা অনুসৃত হবে।

**১৯৪। নির্বাহী কমিটি**

নিম্নবর্ণিত পদ সমন্বয়ে প্রত্যেক উপজেলা/থানা স্কাউটসের একটি নির্বাহী কমিটি থাকবে ঃ

১) সভাপতি

২) সহ-সভাপতি (অনুধিক পাঁচ জন)

৩) উপজেলা/থানা কমিশনার

৪) কোষাধ্যক্ষ

৫) উপজেলা/থানা সহকারী কমিশনারগণ (অনধিক সাত জন)

৬) সম্পাদক

৭) যুগ্ম সম্পাদক

৮) উপজেলা/থানা কাব স্কাউট ও স্কাউট লিডার

৯) জেলার দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশ স্কাউটসের প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ

১০) উপজেলা/থানা শিক্ষা অফিসার

১০ক) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার)

১১) গ্রুপ/ইউনিট সভাপতির মধ্য থেকে চার জন প্রতিনিধি (দু'জন প্রাথমিক বিদ্যালয় ও দু'জন মাধ্যমিক বিদ্যালয়ের গ্রুপ থেকে)।

১২) উপজেলা/থানার আওতাধীন লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনারগণ (কাব ও স্কাউট শাখা)

১৩) সহযোজিত সদস্য ৪ (চার) জন (এর মধ্যে ৩৫ বছরের উর্ধ্বে নয় এমন একজন পুরুষ ও একজন মহিলা লিডার)[৯]।

**১৯৫। নির্বাহী কমিটির দায়িত্ব**

উপজেলা/থানা নির্বাহী কমিটির দায়িত্বের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলির অন্তর্ভুক্ত থাকবে ঃ

১) স্কাউট আন্দোলনকে সম্প্রসারিত, উন্নীত ও জনপ্রিয় করা;

২) কার্যকলাপ, জনসংযোগ ও প্রচারের মাধ্যমে স্কাউট আন্দোলনের প্রতি শিশু কিশোর/;কিশোরীদের আকৃষ্ট করা;

৩) নতুন নতুন স্কাউট গ্রুপ/ইউনিট গঠন করে স্কাউটিংয়ের দুয়ার সকলের জন্য উন্মুক্ত করা;

৪) স্থানীয় প্রযুক্তি প্রয়োগ করে স্কাউটদের উদ্যোগে সমাজ সেবামূলক কাজ ও সমাজ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা;

৫) স্কাউটিংয়ে আগ্রহী ব্যক্তিবর্গকে প্রশিক্ষণ দিয়ে নেতৃত্ব গ্রহণে উৎসাহিত করা;

৬) স্কাউট ব্যাজ, বই ও অন্যান্য উপকরণ সরবরাহের ব্যবস্থা করা;

৭) সিলেবাস অনুসারে স্কাউটদের প্রশিক্ষণ পরিচালনা নিশ্চিত করা;

৮) রেজিস্ট্রেশন ফি নির্ধারিত সময়ে জেলা স্কাউটসের কাছে পরিশোধের নিশ্চিত করা;

৯) কাব স্কাউট ও স্কাউটারদের সনদপত্র, ডেকোরেশন ও অ্যাওয়ার্ড প্রদানের সুপারিশ করা;

১০) এলাকাস্থ কাব স্কাউট ও স্কাউট সদস্যদের রেকর্ড সংরক্ষন করা;

১১) আইন লংঘনকারী স্কাউট ও স্কাউটারদের বিরুদ্ধে জেলা স্কাউটসের অনুমোদন অথবা নির্দেশ অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

১২) সকল প্রকার ব্যাজ মঞ্জুরী ও পারদর্শিতা ব্যাজের জন্য পরীক্ষক নিয়োগ করা;

১৩) উপজেলা/থানা স্কাউটস কাউন্সিলের গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করা;

১৪) বার্ষিক আয়-ব্যয়ের বাজেট পাশ করা;

১৫) বিভিন্ন গ্রুপ/ইউনিটের কার্যবিবরণী ও সুপারিশসমূহ বিবেচনা করা;

১৬) উপজেলা/থানা কাউন্সিলের বার্ষিক/ত্রৈবার্ষিক সভার স্থান, তারিখ, সময় ও আলোচ্যসূচী নির্ধারণ করা;

১৭) বিগত বছরের কার্যবিবরণী ও আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব কাউন্সিলের সাধারণ সভায় পেশ করা;

১৮) তহবিল বৃদ্ধির উৎস ও পন্থা উদ্ভাবন এবং নীতি নির্ধারণ করা;

১৯) স্কাউট আন্দোলনের উন্নয়নে তালিকাভুক্ত শাখাসমূহের মধ্যে সমঝোতা বৃদ্ধির চেষ্টা করা;

২০) কাব স্কাউট, স্কাউট ও স্কাউটারদের বিভিন্ন জেলা, আঞ্চলিক, জাতীয়, আন্তর্জাতিক সম্মেলন, সমাবেশ সেমিনার, র‍্যালী, ক্যাম্পুরী, কমডেকা, জাম্বুরী ইত্যাদিতে যোগদানের জন্য প্রতিনিধি মনোনয়ন করা;

২১। 'গঠন ও নিয়ম' এবং আঞ্চলিক, জের ও নিজস্ব উপবিধি অনুসারে অন্যান্য দায়িত্ব পালন করা।

**১৯৬। পৃষ্ঠপোষক**

উপজেলা/থানা পরিষদের চেয়ারম্যান পদাধিকারবলে উপজেলা/থানা স্কাউটসের পৃষ্ঠপোষক হবেন।

**১৯৭। সভাপতি**

উপজেলা/থানা নির্বাহী অফিসার পদাধিকারবলে উপজেলা/থানা স্কাউটসের সভাপতি হবেন। তিনি কাউন্সিল ও নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন।

**১৯৮। সহ-সভাপতি**

উপজেলা/থানা স্কাউটস নির্বাহী কমিটিতে অনধিক পাঁচ জন সহ-সভাপতি থাকবেন। সহ-সভাপতি কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারন সভায় ৩ (তিন) বছরের জন্য নির্বাচিত হবেন। সভাপতির অনুস্থিতিতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সহ-সভাপতি সভাপতির দায়িত্ব পালন করবেন[৩]।

**১৯৯। উপজেলা/থানা/কমিশনার**

১) উপজেলা/থানা কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভার সুপারিশক্রমে জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্রের মাধ্যমে তিন বছরের জন্য উপজেলা/থানা কমিশনার নিয়োজতি হবেন। তাঁকে সংশ্লিষ্ট উপজেলা/থানায় বসবাসকারী বা সেখানে কর্মরত হতে হবে। তবে কোন

গ্রুপ/ইউনিট লিডার কমিশনারের পদ গ্রহণ করতে পারবেন না।

২) তিনি তাঁর কার্যাবলীর জন্য জেলা কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**২০০। উপজেলা/থানা কমিশনারের দায়িত্ব**

উপজেলা/থানা কমিশনারের দায়িত্ব হবে নিম্নরূপ ঃ

১) উপজেলা/থানা সংগঠনের উন্নয়ন এবং উপজেলা/থানা কাউন্সিলকে কর্মচঞ্চল ও কার্যকর রাখা;

২) সভাপতির সঙ্গে আলোচনা করে কাউন্সিলের সাধারণ সভার আলোচ্যসূচী, স্থান, তারিখ ও সময় নির্ধারণ;

৩) উপজেলা/থানা স্কাউটসের তহবিল ও সম্পত্তির হেফাজত, কর্মচারী নিয়োগ, নিয়ন্ত্রণ ও তাদের অবসর গ্রহণ সংক্রান্ত বিষয় সম্পাদন;

৪) যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের সনদপত্রের মাধ্যমে সহকারী উপজেলা/থানা কমিশনার পদে নিয়োগের ব্যবস্থা এবং স্কাউটিং উন্নয়নে তাঁদের কাজ করার সুযোগ প্রদান;

৫) সাংগঠনিক উন্নয়ন ও ইউনিট রেজিষ্ট্রেশন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৬) কাবস্কাউট/ স্কাউট ও স্কাউটারদের অ্যাওয়ার্ড এবং শাপলা কাব অ্যাওয়ার্ড, প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৭) কোন সহকারী কমিশনারের পদ শূন্য হলে তা পূরণের ব্যবস্থা করা;

৮) সভাপতি ও সহ-সভাপতির অনুপস্থিতিতে কাউন্সিল ও নির্বাহী কমিটির সভায় সভাপতির দায়িত্ব পালন,

৯) উপজেলা/থানা কমিশনার কোন বিষয়ে উপজেলা/থানা কাউন্সিল বা উপজেলা/থানা নির্বাহী কমিটির সঙ্গে একমত না হলে সিদ্ধান্ত প্রদানের জন্য জেলা কমিশনারের মাধ্যমে আঞ্চলিক কমিশনারের নিকট বিষয়টি উত্থাপন করতে হবে। এ ব্যাপারে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**২০১। কোষাধ্যক্ষ**

কোষাধ্যক্ষ কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় তিন বছরের জন্য নির্বাচিত হবেন এবং তিনি−

১) সংগঠনের নামে প্রাপ্ত সকল টাকা পয়সা গ্রহণ করবেন এবং আয়-ব্যয়ের হিসাব যথাযথভাবে রক্ষণাবেক্ষণের নিশ্চয়তা প্রদান করবেন;

২) সম্পাদকের সহায়তায় বার্ষিক বাজেট প্রণয়ন ও উপস্থাপন করবেন;

৩) নির্বাহী কমিটির অনুমোদনক্রমে অথবা নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে

উপজেলা/থানা কমিশনারের লিখিত অনুমতিক্রমে বাজেট বহির্ভূত ব্যয়ের বিল মঞ্জুর করতে পারবেন;

৪) তহবিল-এর অবস্থা স্মপর্কে উপজেলা/থানা কমিশনার ও নির্বাহী কমিটিকে নিয়মিত অবহিত রাখবেন।

৫) সংগঠনের আয়-ব্যয়ের নিরীক্ষিত হিসাব নির্বাহী কমিটির অনুমোদনসহ বার্ষিক কাউন্সিলের সাধারণ সভায় পেশ করবেন;

**২০২। সহকারী উপজেলা/থানা কমিশনার**

উপজেলা/থানা কমিশনারের কার্যাবলী সম্পাদনে সহায়তার জন্য বিভিন্ন বিষয়ে তাঁর সুপারিশক্রমে জেলা ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা অণূর্ধ সাত জন সহকারী উপজেলা/থানা কমিশনার (কমপক্ষে একজন মহিলাসহ) নিয়োগ করা যাবে। তাঁরা তাদের কার্যাবলীর জন্য উপজেলা/থানা কমিশনারের নিকট দায়ী থাকবেন।

**২০৩। সম্পাদক**

(ক) সম্পাদক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় স্কাউট শাখা হতে তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য উপজেলা/থানা কমিশনারে নিকট দায়ী থাকবেন।

গ) **সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) জেলা, অঞ্চল ও জাতীয় সদর দফতরের সঙ্গে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যোগাযেগা রক্ষা করা;

২) সভাপতি ও উপজেলা/থানা কমিশনারের নির্দেশমত কাউন্সিল ও নির্বাহী কমিটির সভার নোটিশ প্রেরণ, সভার কার্যবিবরণী লিখন, সংরক্ষন ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;

৩) সংগঠনের স্থাবর অস্থাবর সম্পত্তি ও দলিলপত্র সংরক্ষণ;

৪) গ্রুপ, ইউনিট রেজিষ্ট্রেশন ও সনদ মঞ্জুরীর আবদেনপত্র আঞ্চলিক সদর দফতরে প্রেরণ এবং রেজিষ্ট্রেশন চার্টার ও সনদপত্র বিতরণের ব্যবস্থা ও তৎসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ;

৫) সংগঠনের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ;

৬) প্রয়োজনীয় ফরম সংগ্রহ করে/ ছেপে স্কাউট গ্রুপ/ ইউনিটে বিতরণ;

৭) কাব স্কাউট ও স্কাউটদের প্রয়োজনীয় ব্যাজ সংগ্রহ ও প্রয়োজন অনুসারে

সংশ্লিষ্টদের নিকট বিতরণ;

৮) কাব স্কাউট ও স্কাউটারদের বিভিন্ন দক্ষতা ও পারদর্শিতা ব্যাজ অর্জনে পরীক্ষক নিয়োগের ব্যবস্থা গ্রহণ;

৯) বিভিন্ন কাব স্কাউট ও স্কাউট গ্রুপ/ ইউনিট থেকে নিয়মিত বার্ষিক মেম্বারশীপ ফি, রেজিষ্ট্রেশন ফি, কার্যবিবরণী ও স্কাউট পরিসংখ্যান এবং তার বিবরণ প্রস্তুত করে যথাসময়ে জেলা সদর দফতরে প্রেরণ;

১০) নির্ধারিত ফরমে কাব স্কাউট ও স্কাউট গ্রুপ/ ইউনিট থেকে প্রাপ্ত উপযুক্ত কাব স্কাউট, স্কাউট ও স্কাউটারের ডেকোরেশন ও অ্যাওয়ার্ডের সুপারিশপত্র জেলা স্কাউটসে প্রেরণ।

**২০৪। যুগ্ম-সম্পাদক**

(ক) যুগ্ম-সম্পাদক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভায় কাব স্কাউট শাখা হতে তিন বছরের জন্য নির্বাচিত হবেন।

(খ) তিনি প্রশাসনিক কাজসহ সকল কাজের জন্য সম্পাদকের নিকট দায়ী থাকবেন

(গ) **যুগ্ম-সম্পাদকের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) সম্পাদকের সকল কাজে সাহায্য-সহযোগিতা করা;

২) সম্পাদক কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন;

৩) সম্পাদকের অনুপস্থিতিতে সম্পাদকের যাবতীয় দায়-দায়িত্ব পালন।

**২০৫। উপজেলা/ থানা কাব স্কাউট লিডার ও স্কাউট লিডার**

(ক) উপজেলা/ থানা স্কাউটসের ট্রেনিং ও প্রোগ্রামের দায়িত্ব পালনের জন্য একজন উপজেলা/ থানা কাব স্কাউট লিডার ও একজন স্কাউট লিডার থাকবেন।

(খ) উপজেলা কমিশনারের সুপারিশক্রমে জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা উপজেলা/ থানা স্কাউট লিডারগণ নিযুক্ত হবেন।

(গ) উপজেলা/ থানা স্কাউট লিডার পদে নিয়োগের জন্য একজন স্কাউটারকে কমপক্ষে এক বছরের অভিজ্ঞতা সম্পন্ন শাখা ভিত্তিক উডব্যাজধারী হতে হবে। নিয়োগ লাভের এক বছরের মধ্যে তাঁদের কোন অনুমোদিত উপজেলা/ থানা স্কাউট লিডার প্রশিক্ষণ কোর্সে যোগদান করতে হবে।

**(ঘ) উপজেলা/ থানা কাব লিডার-ও স্কাউট লিডারের দায়িত্ব ও কার্যাবলী নিম্নরূপ হবে ঃ**

১) উপজেলা/ থানা কাব লিডারও স্কাউট লিডার তাঁর কাজের জন্য সরাসরি উপজেলা/ থানা কমিশনারের নিকট দায়ী থাকবেন;

২) ইউনিট লিডার ও গ্রুপ স্কাউট লিডারদের মাধ্যমে প্রশিক্ষণ দেয়া সম্ভব নয়, এমন দক্ষতা ব্যাজ বিষয়ে প্রশিক্ষণ দান, পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করা;

৩) উপজেলা/ থানা কমিশনারের পরামর্শ মোতাবেক অন্যান্য ব্যাজের প্রশিক্ষণ ও পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করা;

৪) নিজ শাখায় ইউনিট লিডারদের আত্মোন্নয়নের জন্য ব্যক্তিগত সহায়তা দান করা;

৫) উপজেলা/ থানা স্কাউটসের বার্ষিক প্রোগ্রাম ও প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন ও কার্যসূচী পরিচালনা;

৬) উপজেলা/ থানা কমিশনার কর্তৃক নির্দেশমত অন্যান্য প্রশিক্ষণ ও উন্নয়নমূলক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন করা।

**২০৬। তহবিল**

(ক) উপজেলা/ থানা সংগঠনের ব্যয় সংকুলানের জন্য অর্থ স্থানীয়ভাবে সংগ্রহ করতে হবে। চাঁদা ও অনুদান রশিদ দিয়ে নিতে হবে।

(খ) উপজেলা/ থানা স্কাউটসের তহবিলে প্রাপ্ত সমুদয় অর্থ রাখার জন্য ব্যাংকে হিসাব খুলতে হবে। কোষাধ্যক্ষ ও নির্বাহী কমিটি কর্তৃক নির্বাচিত একজন সদস্যের যৌথ স্বাক্ষরে এ হিসাব পরিচালিত হবে।

(গ) দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য সম্পাদকের হাতে পাঁচশত টাকার নগদ তহবিল রাখা যাবে[২]।

# পঞ্চম অধ্যায়

# গ্রুপ সংগঠন

**২০৭। গ্রুপ**

একটি কাবস্কাউট ইউনিট, স্কাউট ইউনিট ও একটি রোভার স্কাউট ইউনিট সমন্বয়ে একটি পূর্ণাঙ্গ স্কাউট গ্রুপ গঠিত হবে। বিশেষ ক্ষেত্রে কোন শাখায় এক বা একাধিক স্কাউট ইউনিট নিয়েও স্কাউট গ্রুপ গঠিত হতে পারবে।

**২০৮। গ্রুপের প্রকৃতি**

(ক) স্কাউট গ্রুপ দু'ধরনের হতে পারবে ঃ (১) নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপ; (২) মুক্ত স্কাউট গ্রুপ।

(খ) অনুমোদিত স্কুল, মাদ্রাসা, কলেজ ও বিশ্ববিদ্যালয়, সরকারী/ আধা সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, বিধিবদ্ধ সংস্থা, ব্যবসায়িক প্রতিষ্ঠান, ধর্মীয় সংস্থা, অরাজনৈতিক যুব সংস্থা ইত্যাদির আওতায় নিয়ন্ত্রিত স্কাউট গ্রুপ গঠন করা যাবে। নিয়ন্ত্রিত গ্রুপে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থার স্কাউট বয়সী বালক-বালিকা, কিশোর-কিশোরী, যুবক-যুবতী ছাড়া অন্য কেউ অন্তর্ভূক্ত হতে পারবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ সংস্থা প্রধান হবেন এরূপ গ্রুপের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

(গ) নিয়ন্ত্রিত গ্রুপের এলাকাবহির্ভূত যে কোন মহল্লা বা পাড়ায় বসবাসকারী স্কাউট বয়সী ছেলেমেয়েদের নিয়ে মুক্ত স্কাউট গ্রুপ গঠন করা যাবে। শিক্ষা প্রতিষ্ঠানের লিখিত অনুমতিক্রমে তাদের সদস্যগণও মুক্ত স্কাউট গ্রুপে ভর্তি হতে পারবে। উপজেলা/ থানা, জেলা স্কাউটসের অনুমোদনক্রমে মুক্ত স্কাউট গ্রুপের কাউন্সিল সভাপতি এরূপ গ্রুপের নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ হিসেবে থাকবেন।

(ঘ) যে কোন কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট ইউনিটে বালকদের ন্যায় বালিকারাও সমর্যাদায় সদস্য হতে পারবে।

(ঙ) বালিকা বিদ্যালয়, মহাবিদ্যালয়ের ছাত্রীদের ক্ষেত্রেও এ উপধারা প্রযোজ্য হবে।

(চ) বালিকারা কাব স্কাউট, স্কাউট ও রোভার স্কাউট যে কোন শাখার সদস্য হোক না কেন, তাদেরকে গার্ল-ইন-স্কাউটিং বলে অভিহিত করতে হবে।

**২০৯। গ্রুপ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের দায়িত্ব**

গ্রুপ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের দায়িত্ব নিম্নরূপ ঃ

(ক) গ্রুপ স্কাউটারদের কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনার্থে প্রয়োজনীয় উৎসাহ ও সহযোগিতা দান;

(খ) বাংলাদেশ স্কাউটসের 'গঠন ও নিয়ম' মোতাবেক নিজ নিজ স্কাউট গ্রুপের মান বজায় রাখা;

(গ) স্কাউট প্রোগ্রাম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় ট্রেনিং উপকরণ ও গ্রুপ ডেনের ব্যবস্থা করা;

(ঘ) স্কাউট কার্যক্রমের পর্যায়ক্রমিক প্রশিক্ষণসহ যাবতীয় কর্মকাণ্ডের জন্য প্রয়োজনীয় অর্থ সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করা;

(ঙ) স্কাউটিংয়ে বিভিন্ন শাখা ইউনিটের কার্যক্রম সুষ্ঠু পরিচালনার্থে প্রয়োজনীয় সংখ্যক স্কাউটার ও ইনস্ট্রাক্টর মনোনয়ন এবং তাদের যথাযথ ট্রেনিং প্রদান নিশ্চিত করা;

(চ) বিধি মোতাবেক গ্রুপ রেজিস্ট্রেশন ফি প্রদান করে মঞ্জুরী লাভ ও নবায়ন করা;

(ছ) স্কাউটারদের সনদ প্রদানের ব্যবস্থা করা;

(জ) স্কাউট গ্রুপের সম্পদ ও তহবিল সুষ্ঠুভাবে পরিচালনা করা;

(ঝ) গ্রুপের স্কাউট কার্যক্রমের ওপর ষান্মাসিক ও বার্ষিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা[২];

**২১০। গ্রুপ রেজিস্ট্রেশন**

(ক) নতুন স্কাউট গ্রুপ বা তার শাখা ইউনিট গঠিত হওয়ার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট গ্রুপ স্কাউট লিডার/ ভারপ্রাপ্ত শাখা স্কাউট লিডার/ নিয়ন্ত্রণকারীকে রেজিস্ট্রেশনের চার প্রস্থ আবেদনপত্র পূরণ করে রেজিস্ট্রেশন ফি সহ উপজেলা/থানা স্কাউটসে পাঠাতে হবে।

(খ) যোগ্যতাসম্পন্ন ও প্রশিক্ষণপ্রাপ্ত স্কাউটার দ্বারা সুষ্ঠুভাবে পরিচালনা সম্পর্কে সন্তুষ্টিলাভের পর উপজেলা/থানা স্কাউটসকে নতুন গ্রুপের আবেদন জেলা স্কাউটসের মাধ্যমে আঞ্চলিক স্কাউটসে পাঠাতে হবে।

(গ) ১) তালিকাভুক্তির জন্য উপজেলা/ থানা স্কাউটসের সুপারিশ গ্রহণযোগ্য হলে আঞ্চলিক স্কাউটস রেজিস্ট্রেশন চার্টার মঞ্জুর করবে এবং এক প্রস্থ করে আবদেনপত্রসহ জেলা, উপজেলা/ থানা এবং গ্রুপকে অবহিত করবে। এক প্রস্থ আবেদনপত্র আঞ্চলিক অফিসে রক্ষিত থাকবে।

২) এভাবে তালিকাভুক্ত স্কাউট গ্রুপ/ইউনিটগুলো বাংলাদেশ স্কাউটসের অনুমোদিত ইউনিট বলে স্বীকৃত হবে। অনুমোদন বিহীন স্কাউট গ্রুপের কোন সদস্য স্কাউট পোশাক ও ব্যাজ পরিধান করতে পারবে না এবং কোন অনুষ্ঠানে স্কাউটদের প্রতিনিধিত্ব করতে পারবে না।

(ঘ) রেজিষ্ট্রেশনের জন্য উপজেলা/ থানা স্কাউটসের সুপারিশ গ্রহণযোগ্য না হলে তার কারণ সংশ্লিষ্টদের জানাতে হবে।

**২১১। রেজিষ্ট্রেশনের মেয়াদ**

গ্রুপ রেজিষ্ট্রেশনের মেয়াদ চার্টার ইস্যুর তারিখ থেকে পরবর্তী ৩১ ডিসেম্বর পর্যন্ত। বিধি মোতাবেক প্রতি বছর ৩১ ডিসেম্বরের মধ্যে বার্ষিক স্কাউট পরিসংখ্যান, রেজিষ্ট্রেশন ফি ও মেম্বারশীপ ফি প্রদান করে মঞ্জুরী নবায়ণ করা না হলে রেজিষ্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**২১২। ফি আদায়**

উপজেলা/ থানা স্কাউট নিজস্ব উপবিধি অনুসারে পোশাকধারী স্কাউট, স্কাউটার ও কমিশনারদের প্রদেয় বিশ্ব স্কাউট সংস্থার সদস্য ফি, বার্ষিক রেজিষ্ট্রেশন ফি ইত্যাদি আদায় করতে পারবে।

**২১৩। নাম, প্রকৃতি ও নিয়ন্ত্রণ পরিবর্তন**

কোন তালিকাভুক্ত স্কাউট গ্রুপ/ ইউনিটের নাম বা প্রকৃতি (মুক্ত কি নিয়ন্ত্রিত) পরিবর্তন অথবা এক উপজেলা/ থানা, জেলা, অঞ্চল থেকে অন্য উপজেলা/ থানা, জেলা, অঞ্চলে বদলী হওয়ার প্রয়োজন দেখা দিলে মূল উপজেলা/ থানা স্কাউটস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে। তবে এসব ক্ষেত্রে সংশ্লিষ্ট উভয় পক্ষের সম্মতি ও উর্ধ্বতন স্কাউট কমিশনারের পূর্বানুমোদন আবশ্যক হবে। এরূপ বদলির সুপারিশের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করতে হবে।

**২১৪। নতুন ইউনিট**

(ক) তালিকাভুক্ত কোন স্কাউট গ্রুপ/ ইউনিটে অতিরিক্ত শাখা/ ইউনিটে অতিরিক্ত শাখা/ইউনিট খুলতে উপজেলা/ থানা স্কাউটস কমিশনারের লিখিত অনুমতি প্রয়োজন হবে। কিন্তু এজন্য আলাদা রেজিষ্ট্রেশনের প্রয়োজন হবে না। পরবর্তী বার্ষিক কার্যবিবরণী ও স্কাউট পরিসংখ্যান দাখিলের সময় পূর্ণ বিবরণী পাঠানোর পূর্ব পর্যন্ত আঞ্চলিক কার্যালয়ে কোন বিবরণীও পাঠাতে হবে না।

(খ) কোন স্কাউট গ্রুপ/ ইউনিটে নতুন শাখা খোলার আবদেন প্রত্যাখ্যান করা হলে প্রত্যাখ্যানের কারণ সংশ্লিষ্ট ইউনিট/গ্রুপকে অবহিত করতে হবে।

**২১৫। রেজিষ্ট্রেশন বাতিল**

(ক) নিম্নবর্নিত কারণে আঞ্চলিক স্কাউটস কোন গ্রুপের রেজিষ্ট্রেশন বাতিল করতে পারবে ঃ

১) যথাসময়ে মঞ্জুরী নবায়ণ করা না হলে।

২) গ্রুপের বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগের প্রেক্ষিতে উপজেলা/ থানা নির্বাহী কমিটির সিদ্ধান্তক্রমে। তবে এসব ক্ষেত্রে সংশ্লিষ্ট স্কাউট গ্রুপের লিডার ও নিয়ন্ত্রণকারীকে অত্মপক্ষ সমর্থনের সুযোগ দিতে হবে।

৩) উপজেলা/ থানা স্কাউটস এর রেজিষ্ট্রেশন বাতিল হলে।

**(খ) নিম্নবর্ণিত পদ্ধতিতে স্কাউট গ্রুপ সাময়িকভাবে বাতিল ঘোষিত হতে পারে ঃ**

১) প্রমাণিত সুনির্দিষ্ট অভিযোগের প্রেক্ষিতে সরাসরি উপজেলা/থানা কমিশনার কর্তৃক।

২) সুনির্দিষ্ট অভিযোগের প্রেক্ষিতে উপজেলা/থানা স্কাউটসের অনুমোদনক্রমে উপজেলা/থানা স্কাউটস কমিশনার কর্তৃক।

(গ) সাময়িকভাবে বাতিল আদেশ বলবৎ থাকাকালে গ্রুপ/ইউনিটের সকল কার্যক্রম স্থগিত থাকবে এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে উপজেলা/থানা কমিশনার অথবা সম্পাদক কর্তৃক তদন্তের ব্যবস্থা করতে হবে। তদন্তকালে সংশ্লিষ্ট গ্রুপ/ইউনিটের স্কাউটার ও নিয়ন্ত্রণকারীকে বক্তব্য পেশের সুযোগ দিতে হবে।

(ঘ) তদন্তের ফলাফলের ভিত্তিতে গ্রুপের রেজিষ্ট্রেশন বাতিল, বহাল অথবা প্রত্যাহার অথবা সংশ্লিষ্ট স্কাউটারদের সনদ প্রত্যাহারের সুপারিশ জেলা স্কাউটসের আঞ্চলিক স্কাউটসে প্রেরণ করতে হবে।

(ঙ) কোন স্কাউটার বা নিয়ন্ত্রণকারীর যোগ্যতা ও চারিত্রিক অখণ্ডতার প্রশ্নে ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হলে উপজেলা/ থানা স্কাউটসকে গ্রুপ/ ইউনিটের রেজিষ্ট্রেশন না দেয়া অথবা বাতিলের অথবা শাখা ভেঙ্গে দেয়ার সুপারিশ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে আঞ্চলিক স্কাউটসের নিকট পাঠাতে হবে।

**২১৬। কাব স্কাউট ইউনিট**

(ক) সাধারণত দু'থেকে চারটি ষষ্ঠক (সিক্স) নিয়ে একটি কাব স্কাউট ইউনিট হবে। চারের অধিক ষষ্টক হলে একাধিক ইউনিট গঠন করতে হবে।

(খ) প্রত্যেক ষষ্ঠকে (সিক্স) একজন ষষ্ঠক নেতা, একজন সহকারী ষষ্ঠক নেতা ও চারজন কাব স্কাউট থাকবে।

(গ) ১) কাব স্কাউট দলে ভর্তির জন্য একজন বালক/ বালিকার বয়স ছয় বছরের বেশি ও এগার বছরের কম হতে হবে। দলে ভর্তি হওয়ার তিন মাসের মধ্যে মেম্বারশীপ কার্যক্রমে সাফল্য অর্জনের পর দীক্ষা গ্রহণান্তে সে কাব স্কাউট হিসেবে পরিগণিত হবে। দীক্ষা গ্রহণের পূর্ব পর্যন্ত সে নবাগত (রিক্রুট) নামে পরিচিত হবে। দীক্ষা গ্রহণের পরই সে স্কাউট পোশাক, স্কার্ফ ও মেম্বারশীপ ব্যাজ পরিধান করতে এবং স্কাউট সালাম বিনিময় ও করমর্দন করতে পারবে।

২) একজন কাব স্কাউট প্রথম বছরে তারা ব্যাজ, দ্বিতীয় বছরে চাঁদ ব্যাজ এবং তৃতীয় বছরে চাঁদতারা ব্যাজ অর্জন করতে পারবে।

৩) উপরোক্ত ব্যাজ অর্জনের জন্য তাকে নির্দিষ্ট সংখ্যক পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে।

৪) শাপলা কাব অ্যাওয়ার্ড অর্জনের জন্য একজন কাব স্কাউটকে বিধি মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে[২]।

**(ঘ) ষষ্ঠক নেতা**

ষষ্ঠকের (সিক্সার) কার্যক্রম পরিচালনায় সুষ্ঠু নেতৃত্ব দানের জন্য কাব স্কাউট লিডার প্রত্যেক ষষ্ঠক (সিক্স) থেকে দক্ষ, অভিজ্ঞ ও চটপটে একজন কাব স্কাউটকে ষষ্ঠক নেতা (সিক্সার) নিয়োগ করবেন। ষষ্ঠক নেতা বিধান অনুসারে ষষ্ঠক নেতা ব্যাজ পরিধান করবেন।

**(ঙ) সহকারী ষষ্ঠক নেতা**

ষষ্ঠক নেতার কার্যাবলী পরিচালনায় সহায়তাদান এবং তার অনুপস্থিতিতে ষষ্ঠকের কার্যক্রম পরিচালনার জন্য তার সঙ্গে আলোচনাক্রমে কাব স্কাউট লিডার ষষ্ঠকের অবশিষ্টদের মধ্য থেকে দক্ষ, অভিজ্ঞ ও চটপটে একজন কাব স্কাউটকে সহকারী ষষ্ঠক নেতা নিয়োগ করবেন।

(চ) **ষষ্ঠক নেতা পরিষদ**

সংশ্লিষ্ট দলের কাব স্কাউট লিডার, সহকারী কাব স্কাউট লিডার, ষষ্ঠক নেতা এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সহকারী ষষ্ঠক নেতাদের নিয়ে ষষ্ঠক নেতা পরিষদ গঠিত হবে। অভ্যন্তরীণ প্রশাসন এবং কাব স্কাউট কার্যক্রম পরিচালনায় নেতৃত্বদানের প্রস্তুতি ও পরিকল্পনা প্রণয়ন ষষ্ঠক নেতা পরিষদের দায়িত্ব ও কর্তব্য। কাব স্কাউট লিডার এ পরিষদের সভাপতি ও সহকারী কাব স্কাউট লিডার এর সম্পাদক থাকবেন।

(ছ) **সিনিয়র ষষ্ঠক নেতা**

কাব স্কাউট লিডার ও সহকারী কাব স্কাউট লিডারদের প্রয়োজনীয় সহযোগিতা দান ও ষষ্ঠক নেতাদের সঙ্গে কাব স্কাউট লিডারদের যোগসূত্র রক্ষার জন্য ষষ্ঠক নেতা পরিষদের সাথে আলোচনাক্রমে কাব স্কাউট লিডার একজন সিনিয়র ষষ্ঠক নেতা (সিনিয়র সিক্সার) মনোনীত করবেন।

**২১৭। স্কাউট ইউনিট**

(ক) সাধারণত দু'থেকে চারটি উপদল (প্যাট্রোল) নিয়ে একটি স্কাউট ইউনিট গঠিত হবে। চারের অধিক উপদল হলে একাধিক ইউনিট গঠন করতে হবে।

(খ) প্রত্যেক উপদলে একজন উপদল নেতা, একজন সহকারী উপদল নেতা ও চার থেকে ছয় জন স্কাউট থাকবে।

(গ) ১) স্কাউট ইউনিটে ভর্তির জন্য একজন বালক/ বালিকার বয়স এগার বছরের বেশি এবং সতের বছরের কম হতে হবে। ভর্তি হওয়ার সময় সে নবাগত (রিক্রুট) নামে পরিচিত হবে। ভর্তির তিন মাসের মধ্যে স্কাউট মেম্বারশীপ কার্যক্রমে সাফল্য অর্জনের পর দীক্ষান্তে সে স্কাউট হিসেবে পরিচিতি লাভ করতে পারবে।

২) সাধারণত একজন স্কাউট প্রথম বছরে স্ট্যান্ডার্ড ব্যাজ, দ্বিতীয় বছরে প্রোগ্রেস ব্যাজ, তৃতীয় বছরে সার্ভিস ব্যাজ, চতুর্থ বছরে প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জন করতে পারবে। তবে সর্বনিম্ন ২৫ মাসের মধ্যেও প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জন করা যাবে[৬]।

৩) প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের জন্য পারদর্শিতা ব্যাজ থেকে প্রতি স্তরে নূন্যতম চারটি করে মোট ষোলটি ব্যাজ অর্জন করতে হবে[৬]।

**(ঘ) উপদল নেতা**

উপদল কার্যক্রম পরিচালনা, উপদল পতাকা বহন ও উপদল সদস্যদের বিভিন্ন স্কাউট কলায় ব্যবহারিক সাহায্যসহ নেতৃত্ব দানের জন্য স্কাউট লিডার প্রত্যেক উপদল থেকে দক্ষ, অভিজ্ঞ ও নেতৃত্বদানে সক্ষম স্কাউটকে নিয়ম মোতাবেক উপদল নেতা (প্যাট্রোল লিডার) নিয়োগ করবেন। উপদল নেতাগণ বিধান অনুসারে উপদল নেতা ব্যাজ পরিধান করবে।

**(ঙ) সহকারী উপদল নেতা**

উপদল নেতার কার্যাবলী পরিচালনায় সহায়তাদান এবং তার অনুপস্থিতিতে উপদল কার্যক্রম পরিচালনার জন্য স্কাউট লিডারের অনুমোদনক্রমে উপদল নেতা তার সহকারী উপদল নেতা নির্বাচন করবে।

**(চ) উপদল পরিষদ**

উপদলের সদস্যদের নিয়ে উপদল পরিষদ গঠিত হবে। উপদল নেতা পরিষদের সভাপতি ও সহকারী উপদল নেতা সম্পাদক হবে। স্কাউট প্রোগ্রামের যাবতীয় কার্যক্রম ও অভ্যন্তরীণ প্রশাসনিক কার্যক্রম উপদল পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হবে।

**(ছ) সিনিয়র উপদল নেতা**

ইউনিটের কার্যক্রম পরিচালনায় স্কাউট লিডার ও সহকারী স্কাউট লিডারকে প্রয়োজনীয় সহায়তা দান এবং ইউনিটের উপদল নেতাদের সঙ্গে স্কাউটারের যোগসূত্র রক্ষার জন্য উপদল নেতা পরিষদের সাথে আলোচনাক্রমে স্কাউট লিডার সিনিয়র উপদল নেতা নিয়োগ করবেন। সিনিয়র উপদল নেতা উপদল নেতা পরিষদের সভাপতিত্ব করবে এবং সকল অনুষ্ঠানে ইউনিট পতাকা বহন করবে।

**(জ) উপদল নেতা পরিষদ**

ইউনিটের সকল উপদল নেতার সমন্বয়ে উপদল নেতা পরিষদ গঠিত হবে। সিনিয়র উপদল নেতা পরিষদের সভাপতি ও পরবর্তী সিনিয়র উপদল নেতা সম্পাদক হবে। স্কাউট লিডার ও সহকারী স্কাউট লিডারগণ এ পরিষদের উপদেষ্টা হিসেবে কাজ করবেন। ইউনিটের অভ্যন্তরীণ প্রশাসন ও স্কাউট প্রোগ্রাম সম্পর্কিত কার্যক্রম এ পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হবে।

## ২১৮। রোভার স্কাউট ইউনিট

(ক) দু'টি থেকে চারটি রোভার স্কাউট উপদল (প্যাট্রোল) নিয়ে একটি রোভার স্কাউট ইউনিট গঠিত হবে। চারের অধিক উপদল হলে একাধিক ইউনিট গঠন করতে হবে।

(খ) প্রত্যেক রোভার স্কাউট উপদলে একজন রোভার মেট, একজন সহকারী রোভার মেট ও চারজন রোভার স্কাউট থাকবে। রোভার স্কাউট প্রোগ্রামের বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজন অনুসারে সাময়িক উপদলও (এডহক প্যাট্রোল) গঠন করা যেতে পারে।

(গ) ১) রোভার স্কাউট ইউনিটে ভর্তি হওয়ার জন্য কলেজ, বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্র-ছাত্রীকে ১৭ বছর বা তার বেশি এবং পঁচিশ বছর বা তার কম বয়সী হতে হবে।

তবে রেলওয়ে, বিমান, নৌ ও অনুরূপ প্রতিষ্ঠানে চাকুরীজীবী রোভার স্কাউটদের ক্ষেত্রে এ বয়সসীমা ত্রিশ বছর পর্যন্ত হতে পারে।

২) দলে ভর্তি হওয়ার পর থেকে একজন তরুণ/তরুণী রোভার সহচর নামে পরিচিত হবে। ছ'মাস থেকে এক বছরের মধ্যে রোভার স্কাউট মেম্বারশীপ কার্যক্রমে সাফল্য অর্জনের পর আত্মশুদ্ধি ও দীক্ষা গ্রহণান্তে সে রোভার স্কাউট বলে পরিচিতি লাভ করবে এবং রোভার স্কাউট পোশাক, স্কার্ফ, ব্যাজ ও সোলডার এ্যাপুলেট পরিধান ও স্কাউট সালাম বিনিময় ও করমর্দন করতে পারবে।

৩) সাধারণভাবে একজন রোভার স্কাউট প্রথম বছরে সদস্য স্তর, দ্বিতীয় বছরে প্রশিক্ষণ স্তর, তৃতীয় বছরে সেবা স্তর ও প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জন করতে পারে। তবে সর্বনিম্ন ২৭ মাসের মধ্যেও প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জন করা যাবে[৬]।

৪) প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের জন্য একজন রোভারকে বিধি মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে।

(ঘ) **রোভার মেট**

সংশ্লিষ্ট রোভার উপদল পরিষদ রোভার ইউনিট কাউন্সিল ও রোভার স্কাউট লিডারের অনুমোদনক্রমে উপদলের কার্যক্রম পরিচালনার জন্য প্রতি বছর প্রত্যেক উপদলের জন্য একজন নির্বাচিত রোভারমেট থাকবে। রোভারমেটগণ বিধি মোতাবেক ব্যাজ পরিধান করবে।

**(ঙ) সহকারী রোভারমেট**

রোভারমেটের কার্যাবলী পরিচালনায় সহায়তা করার জন্য এবং তার অনুপস্থিতিতে উপদল কর্মকাণ্ড পরিচালনার জন্য উপদল পরিষদ রোভার ইউনিট কাউন্সিল ও রোভার স্কাউট লিডারের অনুমোদনক্রমে রোভারমেট তার উপদল থেকে একজন সহকারী রোভারমেট নির্বাচন করবে।

**(চ) উপদল পরিষদ**

উপদলের সকল সদস্য সমন্বয়ে উপদল পরিষদ (প্যাট্রোল কাউন্সিল) গঠিত হবে। রোভার মেট প্যাট্রোল কাউন্সিলের সভাপতি ও সহকারী রোভারমেট সম্পাদক হবে।

রোভার স্কাউট প্রোগ্রামের যাবতীয় কার্যক্রম ও অভ্যন্তরীণ প্রশাসনিক কার্যক্রম উপদল পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হবে।

**(ছ) সিনিয়র রোভারমেট**

রোভার স্কাউট লিডার রোভার স্কাউট ইউনিট কাউন্সিলের সঙ্গে আলোচনাক্রমে রোভারমেটদের মধ্য থেকে নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন রোভারমেটকে সিনিয়র রোভারমেট নির্বাচন করবেন;

১) রোভারমেট হিসেবে অন্যূন ছ'মাসের অভিজ্ঞতা;

২) রোভার স্কাউট ইউনিট পরিচালনায় রোভার স্কাউট লিডারদের সম্ভাব্য সকল প্রকার সাহায্যদানে সক্ষমতা;

৩) কাব স্কাউট, স্কাউট ও রোভার এর বইপত্র সম্পর্কিত বিশেষ জ্ঞান।

**(জ) রোভার স্কাউট ইউনিট কাউন্সিল**

১) রোভার ইউনিটে অভ্যন্তরীণ শৃঙ্খলা, প্রশাসন, তহবিল ও ব্যয় সংক্রান্ত বিষয়ে এবং রোভার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার্থে রোভার স্কাউট লিডার, সহকারী রোভার স্কাউট লিডার, রোভারমেট, সহকারী রোভারমেট এবং রোভার স্কাউটদের মধ্য থেকে প্রয়োজনীয় সংখ্যক নির্বাচিত প্রতিনিধি নিয়ে রোভার স্কাউট ইউনিট কাউন্সিল গঠিত হবে।

২) দু'টি উপদল বিশিষ্ট রোভার ইউনিটের ক্ষেত্রে পুরোদলই এরূপ পরিষদের কার্যাবলী পরিচালনা করবে।

৩) সিনিয়র রোভারমেট ইউনিট কাউন্সিলের সভাপতি এবং পরবর্তী সিনিয়র রোভারমেট সম্পাদক হবেন। রোভার স্কাউট লিডার ও সহকারী রোভার স্কাউট লিডারগণ কাউন্সিলের উপদেষ্টা হিসেবে কাজ করবেন।

**২১৯। নৌ স্কাউট**

(ক) সাধারণত মেম্বারশীপ, ষ্ট্যান্ডার্ড, প্রোগ্রেস, সার্ভিস, প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড ইত্যাদি প্রোগ্রামের সাথে নৌ স্কাউট শৃঙ্খলা, দিক নির্ণয়, পানিতে নিরাপত্তা/ উদ্ধার কাজ, নৌযানে ব্যবহৃত দড়ির কাজ, মাস্তুল ও পালের ব্যাবাহর, নৌযান পরিচালনা, আবহাওয়া বিজ্ঞান, নৌবাহ বিজ্ঞান ইত্যাদি নাবিকদের কার্যক্রম শিখে একজন স্কাউট নৌ স্কাউট হতে পারে।

(খ) ১) প্রয়োজনীয় নৌকা, জলযান ও নৌ বিদ্যা শেখার উপকরণ ও প্রশিক্ষণপ্রাপ্ত নৌ স্কাউট লিডার পাওয়া গেলে দেশের সমুদ্রোপকূলীয় অঞ্চল, অভ্যন্তরীণ নৌ চলাচলযোগ্য যে কোন স্থানে যে কোন স্কাউট গ্রুপের শাখা হিসেবে অথবা আলাদাভাবে নৌ স্কাউট দল/ ইউনিট গঠন করা যাবে।

২) নৌ স্কাউট দল গঠনের জন্য যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত নৌ স্কাউট লিডার এবং প্রয়োজনীয় ন্যূনতম প্রশিক্ষণ উপকরণ পাওয়া না গেলে নৌ স্কাউট দল গঠনের অনুমতি দেয়া যাবে না।

৩) নৌ স্কাউট ইউনিটকে তাদের নৌ জেলা স্কাউটসের মাধ্যমে আঞ্চলিক নৌ স্কাউটসের সঙ্গে তালিকাভুক্ত হতে হবে।

(গ) ১) নৌ স্কাউট ইউনিটে ভর্তি হওয়ার বয়স ও স্কাউট ইউনিটে ভর্তি হওয়ার বয়স একই। তবে নিরাপত্তার প্রয়োজনে বয়স ১৩ বছর পূর্ণ না হওয়া পর্যন্ত কাউকে নৌ স্কাউট পারদর্শিতা ব্যাজ অর্জন করতে দেয়া যাবে না। ইতোমধ্যে স্কাউটসের অন্যান্য পারদর্শিতা ব্যজ অর্জন করতে হবে।

২) দীক্ষাপ্রাপ্ত যে কোন রোভার স্কাউট নৌ রোভার স্কাউট ইউনিটে যোগদান করতে পারবে।

(ঘ) নৌ স্কাউট ও নৌ রোভার স্কাউটগণকে সাধারণভাবে স্কাউট ও রোভার স্কাউট প্রোগ্রামের সঙ্গে নৌ স্কাউট প্রশিক্ষণসহ বিধি মোতাবেক দক্ষতা ব্যাজ অর্জন করতে হবে।

(ঙ) নৌ স্কাউট ও নৌ রোভার স্কাউটগণকে বিধি মোতাবেক পোশাক এবং ব্যাজ পরিধান করতে হবে।

**২২০। এয়ার স্কাউট**

(ক) সাধারণভাবে মেম্বারশীপ, ষ্ট্যান্ডার্ড, প্রোগ্রেস, প্রেসিডেন্ট'স স্কাউট অ্যাওয়ার্ড ইত্যাদি কার্যক্রমের সাথে এয়ার স্কাউট শৃঙ্খলা, বিমান ইতিহাস ও পরিচয় চিহ্ন, বিমান অবতরণক্ষেত্র, আবহাওয়া বিজ্ঞান, বিমানবাহ বিজ্ঞান, বিমান-

যাত্রী ও মালামাল চলাচল নিয়ন্ত্রণ, উদ্ধার কাজ ইত্যাদি বৈমানিকদের কার্যাবলী শিখে যে কোন স্কাউট এয়ার স্কাউট হতে পারে।

(খ) ১) বিমান ও বৈমানিকদের কৌশলাদি শেখানোর জন্য প্রয়োজনীয় উপকরণ ও প্রশিক্ষণপ্রাপ্ত এয়ার স্কাউট লিডার পাওয়া গেলে যে কোন স্কাউট গ্রুপের শাখা হিসেবে অথবা আলাদাভাবে এয়ার স্কাউট দল/ ইউনিট গঠন করা যাবে। প্রয়োজনীয় ক্ষেত্রে যে কোন স্কাউট দলের সঙ্গে এয়ার স্কাউট উপদল গঠন করা যেতে পারে।

২) এয়ার স্কাউট দল গঠনের জন্য যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন প্রশিক্ষণপ্রাপ্ত এয়ার স্কাউট লিডার এবং প্রয়োজনীয় ন্যূনতম প্রশিক্ষণ উপকরণ পাওয়া না গেলে কোন এয়ার স্কাউট দল গঠনের অনুমতি দেয়া যাবে না।

৩) এয়ার স্কাউট ইউনিটকে তাদের জেলা স্কাউটসের মাধ্যমে আঞ্চলিক এয়ার স্কাউটসের সঙ্গে তালিকাভুক্ত হতে হবে।

(গ) ১) এয়ার স্কাউট ইউনিটে ভর্তি হওয়ার বয়স স্কাউট দলে ভর্তি হওয়ার বয়সের অনুরূপ। তবে নিরাপত্তার প্রয়োজনে বয়স ১৩ পূর্ণ না হওয়া পর্যন্ত কাউকে এয়ার স্কাউট পারদর্শিতা ব্যাজ অর্জন করতে দেয়া যাবে না। ইতোমধ্যে তাকে স্কাউট এর অন্যান্য পারদর্শিতা ব্যাজ অর্জন করতে হবে।

২) দীক্ষাপ্রাপ্ত যে কোন রোভার স্কাউট এয়ার রোভার স্কাউট ইউনিটে যোগদান করতে পারবে।

(ঘ) এয়ার স্কাউট ও এয়ার রোভার স্কাউটগণ সাধারণভাবে স্কাউট ও রোভার স্কাউট প্রোগ্রামের সঙ্গে এয়ার স্কাউট প্রশিক্ষণসহ বিধি মোতাবেক দক্ষতা ব্যাজ অর্জন করতে হবে।

(ঙ) এয়ার স্কাউট ও এয়ার রোভার স্কাউটগণকে বিধি অনুসারে পোশাক এবং ব্যাজ পরিধান করতে হবে।

**২২১। প্রতিবন্ধী স্কাউট**

(ক) প্রতিবন্ধী ছেলেমেয়েরা দৈহিক ও মানসিক প্রতিবন্ধীত্বের কারণে স্কাউটদের সাধারণ কার্যক্রমে পুরোপুরিভাবে অংশগ্রহণ করতে পারে না বিধায় আঞ্চলিক কমিশনারের মাধ্যমে জাতীয় সদর দফতরের অনুমোদনক্রমে উপজেলা/ থানা, জেলা স্কাউটস বিকল্প ব্যবস্থা হিসেবে তাদের উপযোগী প্রশিক্ষণ ও পরীক্ষণের ব্যবস্থাসহ প্রতিবন্ধী কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউট ইউনিট সংগঠন করতে পারবে।

(খ) প্রতিবন্ধী স্কাউট গ্রুপ বা ইউনিট/শাখা সাধারণ নিয়মানুসারে উপজেলা/থানা, জেলা স্কাউটসের সাথে তালিকাভুক্ত হবে।

(গ) প্রতিবন্ধী স্কাউট গ্রুপের সকল শাখার স্কাউট বিধি অনুসারে পোশাক এবং অর্জিত ব্যাজ পরিধান করতে পারবে।

**২২২। গ্রুপে ভর্তির পদ্ধতি**

(ক) স্কাউট গ্রুপ/ইউনিটে সদস্য ভর্তি গ্রুপ স্কাউট লিডারের দায়িত্ব। তিনি স্কাউটদের ক্ষেত্রে উপদল পরিষদ, উপদল নেতা পরিষদ, রোভার স্কাউটদের ক্ষেত্রে উপদল পরিষদ, রোভার স্কাউট ইউনিট কাউন্সিল ও গ্রুপ স্কাউটারস কাউন্সিলের সুপারিশক্রমে সদস্য ভর্তির ব্যবস্থা করবেন।

**২২৩। স্থানান্তর ও বরখাস্ত**

(ক) কোন স্কাউট গ্রুপ/ইউনিট ত্যাগ করে স্কাউট কার্যক্রম পরিত্যাগ করলে তার সদস্যপদ বাতিল বলে গণ্য হবে।

(খ) কোন স্কাউটকে গ্রুপ থেকে বরখাস্ত করার ক্ষেত্রে স্কাউট লিডার ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে।

(গ) কোন স্কাউটকে গ্রুপ/ইউনিট থেকে বরখাস্ত করা হলে সে উপজেলা/থানা, জেলা স্কাউট কমিশনারের নিকট আপিল করতে পারবে।

**২২৪। গ্রুপ স্কাউট লিডার**

(ক) একাধিক ইউনিট বিশিষ্ট স্কাউট গ্রুপের শাখার কার্যক্রম সুষ্ঠু পরিচালনা, সমন্বয় এবং গ্রুপকে প্রয়োজনীয় সাহায্য ও সহযোগিতা দানের জন্য যে কোন শাখায় দক্ষ ও অভিজ্ঞ স্কাউটারকে (উডব্যাজধারী বাঞ্ছনীয়) গ্রুপ স্কাউট লিডার নিয়োগ করা যেতে পারে। নিয়ন্ত্রণকারী উপজেলা/থানা স্কাউটস, জেলা স্কাউটসের সম্পাদক ও কমিশনারের সুপারিশসহ গ্রুপ স্কাউট লিডারের সনদের আবেদন আঞ্চলিক কার্যালয়ে পাঠাতে হবে।

(খ) অনুরূপ যোগ্যতাসম্পন্ন স্কাউটারের অবর্তমানে যে কোন শাখা ইউনিটের ভারপ্রাপ্ত এবং বয়স, চরিত্র অভিজ্ঞতায় শ্রেষ্ঠতম স্কাউটারকে গ্রুপ স্কাউট লিডারের দায়িত্বভার দেয়া যেতে পারে। এ ক্ষেত্রে গ্রুপ স্কাউট লিডারের জন্য সনদের আবেদনের প্রয়োজন হবে না।

(গ) এক ইউনিট বিশিষ্ট স্কাউট গ্রুপের ক্ষেত্রে ঐ ইউনিটের স্কাউট লিডারই গ্রুপ স্কাউট লিডারের কার্যাবলী পরিচালনা করবেন। তাঁকে গ্রুপ স্কাউট লিডার সনদ প্রাপ্তির জন্য স্কাউট লিডারের যোগ্যতাবলী ছাড়াও নিম্নবর্ণিত বিশেষ যোগ্যতা থাকতে হবে ঃ

১) স্কাউটের সকল শাখার কার্যক্রম, বই, পুস্তিকা, সাময়িকী, 'গঠন ও নিয়মে' বর্ণিত প্রোগ্রাম সম্পর্কে পূর্ণজ্ঞান।

২) স্কাউটিংয়ের সকল শাখার ইউনিট লিডার হওয়ার মত প্রয়োজনীয় প্রশিক্ষণ ও অভিজ্ঞতা।

৩) স্কাউট প্রোগ্রাম পরিচালনার জন্য প্রয়োজনীয় স্কাউট ডেন/কক্ষ ও প্রশিক্ষণ উপকরণ সংগ্রহে দক্ষতা।

৪) বয়স অন্যূন ত্রিশ বছর।

**(ঘ) গ্রুপ স্কাউট লিডারের কার্যাবলী**

গ্রুপ স্কাউট লিডারের কার্যাবলী নিম্নরূপ হবে ঃ

১) সাধারণভাবে গ্রুপের সকল শাখার কার্যাবলীর তদারক এবং বিভিন্ন স্কাউটারদের শাখা পরিচালনা ও প্রশাসনিক কার্যাবলীর সমন্বয় সাধন;

২) গ্রুপ স্কাউটারস কাউন্সিল সভায় সভাপতিত্ব এবং বিভিন্ন শাখা স্কাউটারদের কার্যাবলী সুষ্ঠু সম্পাদনে প্রয়োজনীয় সহায়তা ও উৎসাহ প্রদান;

৩) গ্রুপ কাউন্সিল ও গ্রুপ কমিটি সংগঠন এবং তাতে নিজে কাজ করা;

৪) স্কাউট সদস্য পদ সংক্রান্ত বিষয়াদি পরিচালনা;

৬) গ্রুপ স্কাউট লিডার নিয়ম অনুসারে পোশাক ও ব্যাজ পরিধান করবেন।

**২২৫। কাব স্কাউট লিডার**

(ক) কাব স্কাউট ইউনিট/ গ্রুপের নিয়ন্ত্রণকারী ও গ্রুপ স্কাউট লিডারের মনোনয়ন এবং উপজেলা/থানা, জেলা স্কাউটস কমিশনারের সুপারিশক্রমে আঞ্চলিক স্কাউটস কার্যালয় থেকে সনদপত্র দ্বারা কাব স্কাউট লিডার ও সহকারী কাব স্কাউট লিডার নিযুক্ত হবেন।

(খ) উভয় পদে মহিলা নিয়োগ করা যাবে।

(গ) দু'য়ের অধিক ষষ্ঠকের জন্য ষষ্ঠক প্রতি একজন করে সহকারী কাব স্কাউট লিডার থাকতে হবে।

**(ঘ) কাব স্কাউট লিডারের যোগ্যতা ঃ**

কাব স্কাউট লিডার সনদ প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে ঃ

১) কাব স্কাউটিং সম্পর্কিত বিভিন্ন বই, পুস্তিকা, সাময়িকী 'গঠন ও নিয়মে' বর্ণিত কাব স্কাউট প্রোগ্রাম সম্পর্কে পূর্ণ জ্ঞান এবং স্কাউটিংয়ের অন্যান্য শাখা সম্পর্কে সাধারণ জ্ঞান।

২) কাব স্কাউট লিডারের বয়স অন্যূন বিশ বছর থেকে পঁয়ষট্টি বছর এবং সহকারী কাব স্কাউট লিডারের বয়স অন্যূন আঠার বছর থেকে পঁয়ষট্টি বছরের মধ্যে।

৩) সৎ চরিত্রের অধিকারী এবং কাব স্কাউটের সামনে নিজেকে আদর্শ হিসেবে উপস্থাপনের ক্ষমতা।

৪) স্কাউট মূলনীতিতে আস্থা এবং অনুমোদিত কাব স্কাউট লিডার বেসিক কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ।

৫) শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এস,এস,সি পাশ বা সমমানের হতে হবে।

**(ঙ) কাব স্কাউট লিডারের দায়িত্ব ঃ**

কাব স্কাউট লিডার ও সহকারী কাব স্কাউট লিডারের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ

১) গ্রুপ স্কাউট লিডারের (যদি থাকেন) তত্ত্বাবধানে ও সহকারী কাব স্কাউট লিডারের সহযোগিতায় একটি কাব স্কাউট ইউনিট পরিচালনা;

২) সিক্সার কাউন্সিলের সাথে আলোচনাক্রমে অভ্যন্তরীণ প্রশাসন সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ;

৩) প্রতিবেশী ও অভিভাবকদের সমর্থনযোগ্যরূপে কাব স্কাউট কার্যক্রমকে প্রতিষ্ঠা এবং কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থ ও উপকরণ সরবরাহের জনসমর্থন আদায়;

(চ) কাব স্কাউট লিডার ও সহকারী কাব স্কাউট লিডারগণ বিধি অনুসারে স্কাউট পোশাক ও ব্যাজ পরিধান করবেন।

**২২৬। স্কাউট লিডার**

(ক) স্কাউট ইউনিট/গ্রুপের নিয়ন্ত্রণকারী ও গ্রুপ স্কাউট লিডারের মনোনয়ন এবং উপজেলা/থানা, জেলা কমিশনারের সুপারিশক্রমে আঞ্চলিক কার্যালয় থেকে সনদপত্র দ্বারা স্কাউট লিডার ও সহকারী স্কাউট লিডার নিযুক্ত হবেন।

(খ) দু'য়ের অধিক উপদল বিশিষ্ট ইউনিটের জন্য উপদল প্রতি একজন সহকারী স্কাউট লিডার থাকতে হবে।

**(গ) স্কাউট লিডারের যোগ্যতা ঃ**

স্কাউট লিডার সনদ প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে-

১) স্কাউটিং সম্পর্কিত বিভিন্ন বই, পুস্তিকা, সাময়িকী, 'গঠন ও নিয়মে' বর্ণিত স্কাউট প্রোগ্রাম সম্পর্কে পূর্ণ জ্ঞান এবং স্কাউটিংয়ের অন্যান্য শাখা সম্পর্কে সাধারণ জ্ঞান;

২) স্কাউট লিডারের বয়স বিশ থেকে পঁয়ষট্টি বছর এবং সহকারী স্কাউট লিডারের বয়স আঠার থেকে পঁয়ষট্টি বছরের মধ্যে;

৩) সৎ চরিত্রের অধিকারী এবং স্কাউটদের সামনে নিজেকে আদর্শ হিসেবে উপস্থাপনের ক্ষমতা;

৪) স্কাউট মুলনীতিতে আস্থা এবং অনুমোদিত স্কাউট লিডার বেসিক কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ;

৫) শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে এস,এস,সি পাশ বা সমমানের হতে হবে[২]।

**(ঘ) স্কাউট লিডারের দায়িত্ব ঃ**

স্কাউট লিডার ও সহকারী স্কাউট লিডারের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ

১) গ্রুপ স্কাউট লিডারের (যদি থাকেন) তত্ত্বাবধানে ও সহকারী স্কাউট লিডারের সহযোগিতায় একটি স্কাউট ইউনিট পরিচালনা;

২) প্যাট্রোল লিডার কাউন্সিলের সাথে আলোচনাক্রমে ইউনিটের অভ্যন্তরীণ প্রশাসন স্কাউট প্রোগ্রাম সম্পর্কিত সিদ্ধান্ত গ্রহণ;

৩) প্রতিবেশী ও অভিভাবকদের সমর্থনযোগ্যরূপে কাব স্কাউট কার্যক্রমকে প্রতিষ্ঠা এবং কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থ ও প্রশিক্ষণ উপকরণ সরবরাহের জনসমর্থন আদায়;

(ঙ) স্কাউট লিডার ও সহকারী স্কাউট লিডারগণ বিধি অনুসারে স্কাউট পোশাক ও ব্যাজ পরিধান করবেন।

**২২৭। রোভার স্কাউট লিডার**

(ক) রোভার স্কাউট ইউনিট/ গ্রুপের নিয়ন্ত্রণকারী ও গ্রুপ স্কাউট লিডারের' মনোনয়ন এবং জেলা কমিশনারের সুপারিশক্রমে আঞ্চলিক কার্যালয় থেকে সনদপত্র দ্বারা রোভার স্কাউট লিডার ও সহকারী রোভার স্কাউট লিডার নিযুক্ত হবেন।

(খ) দু'য়ের অধিক উপদল বিশিষ্ট রোভার স্কাউট ইউনিটের জন্য উপদল প্রতি একজন সহকারী রোভার স্কাউট লিডার থাকতে হবে।

**(গ) রোভার স্কাউট লিডারের যোগ্যতা ঃ**

রোভার স্কাউট লিডার সনদ প্রাপ্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবেঃ

১) রোভার স্কাউটিং কার্যক্রম সম্পর্কিত বিভিন্ন বই, পুস্তিকা, সাময়িকী, 'গঠন ও নিয়মে' বর্ণিত স্কাউট প্রোগ্রাম সম্পর্কে পূর্ণ জ্ঞান এবং স্কাউটিংয়ের অন্যান্য শাখা সম্পর্কে সাধারণ জ্ঞান;

২) রোভার স্কাউট লিডারের ক্ষেত্রে বয়স পঁচিশ থেকে পঁয়ষট্টি বছর এবং সহকারী রোভার স্কাউট লিডারের ক্ষেত্রে বয়স একুশ থেকে পঁয়ষট্টি বছর[২];

৩) যুবকদের সঠিক পথে পরিচালনার্থে প্রয়োজনীয় ব্যক্তিত্ব, চরিত্র, অভিজ্ঞতা এবং রোভার স্কাউটিং ও নেতৃত্বের মূলনীতি উপলব্ধি করানোর দক্ষতা;

৪) প্রতিবেদশীদের সামাজিক প্রয়োজন সম্পর্কে সাধারণ জ্ঞান এবং রোভার স্কাউটদের উপযোগী সমাজ সেবা ও সমাজ উন্নয়ন কার্যক্রম গ্রহণের দক্ষতা;

৫) স্কাউটিং মুলনীতিতে আস্থা এবং অনুমোদিত রোভার স্কাউট লিডার প্রশিক্ষণ কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ।

**(ঘ) রোভার স্কাউট লিডার ও সহকারী রোভার স্কাউট লিডারের দায়িত্ব নিম্নরূপ হবে ঃ**

১) গ্রুপ স্কাউট লিডারের (যদি থাকেন) তত্ত্বাবধানে ও সহকারী রোভার স্কাউট লিডারের সহযোগিতায় একটি রোভার স্কাউট ইউনিট পরিচালনা;

২) প্যাট্রোল কাউন্সিলের সুষ্ঠু পরিচালনায় উৎসাহ, ও পরামর্শ দান;

৩) রোভার স্কাউট কাউন্সিল সুষ্ঠু পরিচালনায় উৎসাহ, উপদেশ ও প্রয়োজনীয় নির্দেশদান এবং ইউনিটের অভ্যন্তরীণ শৃঙ্খলা ও প্রোগ্রাম পরিচালনা, দলীয় তহবিল সংরক্ষণ  ব্যয় নির্বাহের ব্যাপারে কাউন্সিলকে পূর্ণ সচেতন ও দায়িত্বশীল করে তোলা;

৪) অভিভাবক, প্রতিবেশি ও সমাজের সমর্থনযোগ্যরূপে রোভার স্কাউট কার্যক্রমকে প্রতিষ্ঠিত করা এবং কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থ ও প্রশিক্ষণ উপকরণ সরবরাহের জনসমর্থন আদায়।

(ঙ) রোভার স্কাউট লিডার ও সহকারী রোভার স্কাউট লিডার বিধি অনুসারে স্কাউট পোশাক ও ব্যাজ পরিধান করবেন।

**২২৮। কাব স্কাউট ইন্সট্রাক্টর**

(ক) সংশ্লিষ্ট গ্রুপ স্কাউট লিডারের অনুমোদনক্রমে কাব স্কাউট লিডার একজন রোভার স্কাউট বা উপযুক্ত কোন ব্যক্তিকে, অথবা উপজেলা/থানা কমিশনারের অনুমোদনক্রমে একজন রেঞ্জার, গাইড বা গাইড ক্যাপ্টেন, কাব স্কাউট ইন্সট্রাক্টর পদ গ্রহণ করতে পারবেন।

(খ) কাব স্কাউট ইন্সট্রাক্টরের বয়স ন্যূনতম সতের বছর হতে হবে।

(গ) তাঁকে অনুমোদিত কাব স্কাউট ইন্সট্রাক্টর কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ করতে হবে।

**২২৯। নৌ স্কাউট লিডার**

ইউনিট/গ্রুপ নিয়ন্ত্রণকারী ও গ্রুপ স্কাউট লিডারের মনোনয়ন এবং নৌ জেলা স্কাউটস কমিশনারের সুপারিশক্রমে নৌ আঞ্চলিক স্কাউটস কার্যালয় থেকে সনদপত্র দ্বারা নৌ স্কাউট লিডার ও সহকারী নৌ রোভার স্কাউট লিডার নিযুক্ত হবেন। নৌ রোভার স্কাউট লিডার ও সহকারী নৌ রোভার স্কাউট লিডারগণও অনুরূপ পদ্ধতিতে নিযুক্ত হবেন।

(খ) ১) স্কাউট লিডারের যোগ্যতা অর্জন ছাড়াও তাকে অবশ্যই কোন অনুমোদিত নৌ স্কাউট লিডার বেসিক কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ করতে হবে;

২) নৌ রোভার স্কাউট লিডারের ক্ষেত্রে রোভার স্কাউট লিডারের যোগ্যতা ছাড়াও তাকে অবশ্যই কোন অনুমোদিত নৌ রোভার স্কাউট লিডার বেসিক কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ করতে হবে;

৩) অন্যান্য নিয়মাবলী স্কাউট লিডার ও রোভার স্কাউট লিডারের অনুরূপ হবে।

**২৩০। এয়ার স্কাউট লিডার**

(ক) ইউনিট/গ্রুপের নিয়ন্ত্রণকারী ও গ্রুপ স্কাউট লিডারের মনোনয়ন এবং এয়ার জেলা স্কাউটস কমিশনারের সুপারিশক্রমে আঞ্চলিক এয়ার স্কাউট কার্যালয় থেকে সনদপত্র দ্বারা এয়ার স্কাউট লিডার ও সহকারী এয়ার স্কাউট লিডার নিযুক্ত হবেন। এয়ার রোভার স্কাউট লিডার ও সহকারী এয়ার রোভার স্কাউট লিডারগণও অনুরূপ পদ্ধতিতে নিযুক্ত হবেন।

(খ) ১) স্কাউট লিডারের যোগ্যতা অর্জন ছাড়াও তাকে অবশ্যই কোন অনুমোদিত এয়ার স্কাউট লিডার বেসিক কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ করতে হবে;

২) এয়ার রোভার স্কাউট লিডারের ক্ষেত্রে রোভার স্কাউট লিডারের যোগ্যতা অর্জন ছাড়াও তাকে কোন অনুমোদিত রোভার স্কাউট লিডার বেসিক কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ করতে হবে।

৩) অন্যান্য নিয়মাবলী স্কাউট লিডার ও রোভার স্কাউট লিডারের অনুরূপ হবে।

**২৩১। প্রতিবন্ধী স্কাউট লিডার**

কাব স্কাউট লিডার, স্কাউট লিডার ও রোভার স্কাউট লিডারের যোগ্যতা অর্জনের সাথে শারীরিক ও মানসিক প্রতিবন্ধীদের উপযোগি কার্যক্রম পরিচালনায় দক্ষ ও অভিজ্ঞ স্কাউট লিডার প্রতিবন্ধী স্কাউট লিডার হিসেবে নিযুক্ত হতে পারেন। তবে নিয়োগের পূর্বে তাঁকে কোন অনুমোদিত প্রতিবন্ধী স্কাউট লিডার বেসিক কোর্সে সাফল্যের সাথে অংশগ্রহণ করতে হবে।

**২৩২। গ্রুপ স্কাউটারস কাউন্সিল**

(ক) ১) দু' বা ততোধিক শাখা বিশিষ্ট স্কাউট গ্রুপের সকল স্কাউটার ও সহকারী স্কাউটারদের নিয়ে গ্রুপ স্কাউটারস কাউন্সিল সভাপতি গঠিত হবে।

২) গ্রুপ স্কাউট লিডার গ্রুপ স্কাউটারস কাউন্সিলের সভাপতি এবং পরবর্তী সিনিয়র স্কাউটার সম্পাদক হবেন।

৩) সাধারণভাবে এ পরিষদ মাসিক নিয়মিত অধিবেশনে মিলিত হয়ে গ্রুপের প্রশিক্ষণ কার্যাবলী সুষ্ঠু বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করবে। প্রয়োজনে পরিষদ যে কোন সময়ে অধিবেশনে মিলিত হতে পারবে।

**(খ) গ্রুপ স্কাউটারস কাউন্সিলের কার্যাবলী ঃ**

গ্রুপ স্কাউটারস কাউন্সিলের কার্যাবলী নিম্নরূপ হবে –

১) গ্রুপের সকল শাখার ইউনিটে সদস্য ভর্তি, বদলী ও অ্যাওয়ার্ড ইত্যাদি বিবেচনা।

২) গ্রুপের সকল শাখার সদস্যদের পর্যায়ক্রমিক উন্নয়ন, মানসংরক্ষণ ও ব্যাজ প্রদান।

৩) গ্রুপ কার্যক্রমে পরিকল্পনা ও সমন্বয় সাধন।

৪) নিয়মিত গ্রুপ কমিটিতে মাসিক কার্যবিবরণী পেশ এবং পরবর্তী মাসিক কর্মসূচীসহ প্রয়োজনীয় অর্থ মঞ্জুরীর ব্যবস্থা৺।

**২৩৩। গ্রুপ কাউন্সিল**

(ক) স্কাউটদের মাতা-পিতা, পুরাতন স্কাউট, স্কাউট আন্দোলনের সমর্থক, দরদী বন্ধু ও নিয়ন্ত্রণকারীদের সমন্বয়ে গ্রুপ কাউন্সিল গঠিত হবে। গ্রুপ কাউন্সিল বৎসরে অন্ততঃ একবার সাধারণ সভায় মিলিত হবে।

**গ্রুপ কাউন্সিলের দায়িত্ব ঃ**

(খ) ১) গ্রুপের বিভিন্ন শাখা ইউনিট গঠন ও চালু রাখা, গ্রুপের সম্পত্তি ও তহবিল সংরক্ষণ, স্কাউট আদর্শ প্রচার এবং স্কাউট লিডারকে প্রয়োজনীয় প্রশিক্ষণ উপকরণ, তাঁবুবাস উপকরণ, স্কাউট ডেন সংগ্রহে সহাতায় এবং প্রয়োজনীয় অর্থ সংস্থান গ্রুপ কাউন্সিলের দায়িত্ব।

২) স্কাউট প্রোগ্রাম, প্রশিক্ষণ কার্যক্রমে পরিষদ হস্তক্ষেপ করবে না। তবে সুষ্ঠু প্রশিক্ষণ দানের জন্য প্রয়োজনীয় সংখ্যক যোগ্যতাসম্পন্ন স্কাউটার নির্বাচন, মনোনয়ন ও নিয়োগের সুপারিশ করবে।

(গ) গ্রুপ কাউন্সিল সদস্যদের কার্যকালের মেয়াদ নিম্নলিখিতভাবে শেষ হয়ে যাবে ঃ

১) পদত্যাগের ফলে।

২) গ্রুপ কমিটি ভেঙ্গে দেয়া হলে৬।

৩) নির্বাহী কমিটি/ কাউন্সিলের সুপারিশক্রমে আঞ্চলিক স্কাউটস কর্তৃক নির্দেশিত হলে।

**২৩৪। গ্রুপ কমিটি**

(ক) গ্রুপ কাউন্সিলের কার্যাবলী সুষ্ঠু বাস্তবায়নে কাউন্সিল সদস্যদের মধ্য থেকে সভাপতি/ নিয়ন্ত্রণকারী, সহ-সভাপতি, সম্পাদক, কোষাধ্যক্ষ, গ্রুপ স্কাউট লিডার, শাখা লিডারগণ, নির্বাচিত সংখ্যক সদস্য প্রতিনিধি ও সিনিয়র রোভার মেট নিয়ে গ্রুপ কমিটি গঠিত হবে।

২) নিয়ন্ত্রিত দলের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান এবং মুক্ত দলের ক্ষেত্রে স্থানীয় সম্মানিত কোন ব্যক্তি দলের গ্রুপ সভাপতি হবেন।

**গ্রুপ অধিবেশন**

(খ) সাধারণভাবে এ কমিটি নিয়মিত মাসিক অধিবেশনে মিলিত হয়ে স্কাউট গ্রুপের যাবতীয় কার্যাবলীর রিপোর্ট গ্রহণ করবে এবং পরবর্তী কার্যক্রমের মাসিক ত্রৈমাসিক পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। প্রয়োজন হলে কমিটি যে কোন সময় অধিবেশনে মিলিত হয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।

(গ) সাধারণভাবে প্রতি বছর বার্ষিক সাধারণ সভায় মিলিত হয়ে বার্ষিক কার্যবিবরণী ও অডিট রিপোর্ট গ্রহণ, পরবর্তী বার্ষিক কার্যসূচী অনুমোদন, গ্রুপ কমিটি নির্বাচন ইত্যাদি কার্যাবলী সম্পাদন করবে।

**২৩৫। গ্রুপ তহবিল**

(ক) স্কাউট গ্রুপ/ ইউনিটের তহবিলের সমুদয় অর্থ যে কোন সিডিউল ব্যাংকে জমা রাখতে হবে এবং কাউন্সিল/ কমিটি কর্তৃক দু'জন সদস্যের যৌথ স্বাক্ষরে হিসাব পরিচালিত হবে।

(খ) স্কাউট গ্রুপের নিরীক্ষিত হিসাবের রিপোর্ট প্রতি বছর নিয়মিতভাবে নিজ নিজ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কাছে পাঠাতে হবে।

# ষষ্ঠ অধ্যায়

# বিবিধ বিষয়

**২৩৬। পত্র যোগাযোগ**

(ক) সদস্যগণ বা ইউনিটসমূহকে তাঁদের নিজ নিজ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের মাধ্যমে জাতীয় সদর দফতরের সঙ্গে যোগাযোগ করতে হবে। সরাসরি যোগাযোগ গ্রহণীয় সদর দফতরের সঙ্গে যোগাযোগ করতে হবে। সরাসরি যোগাযোগ গ্রহণীয় হবে না। সাধারণ ইউনিট উপজেলা/ থানার সঙ্গে, উপজেলা/ থানা জেলার, জেলা অঞ্চলের ও অঞ্চল জাতীয় সদর দফতরের সঙ্গে পত্র যোগাযোগ করবে।

(খ) জাতীয় সদর দফতরের মাধ্যম ব্যতীত কোন স্কাউট, স্কাউটার ও স্কাউট সংগঠন স্কাউটিং সম্পর্কিত বিষয়ে বাংলাদেশ সরকারের বা বাংলাদেশের বাইরে কোন স্কাউট সংস্থার সঙ্গে সরাসরি যোগাযোগ করতে পারবে না।

**২৩৭। সনদপত্র**

(ক) নিম্নলিখিত পদসমূহে বর্নিত পদ্ধতিতে সনদপত্র দ্বারা প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন স্কাউটারদের নিয়োগ করা যাবে[৩]।

১) **প্রধান জাতীয় কমিশনার ঃ** জাতীয় কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারন সভার সুপারিশক্রমে চীফ স্কাউট কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দ্বারা তিন বছরের জন্য।

২) **জাতীয় কমিশনার ঃ** প্রধান জাতীয় কমিশনারের সুপারিশক্রমে চীফ স্কাউট ও প্রধান জাতীয় কমিশনার কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দ্বারা তিন বছরের জন্য।

৩) **জাতীয় উপ-কমিশনার ঃ** সংশ্লিষ্ট জাতীয় কমিশনারের সুপারিশক্রমে প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা তিন বছরের জন্য।

৪) **আঞ্চলিক কমিশনার ঃ** অঞ্চল বিশেষের ব্যতিক্রমসহ আঞ্চলিক কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভার সুপারিশক্রমে চীফ স্কাউট ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা তিন বছরের জন্য।

৫) **আঞ্চলিক উপ-কমিশনার ঃ** অঞ্চল বিশেষের ব্যতিক্রমসহ আঞ্চলিক কমিশনারের সুপারিশক্রমে প্রধান জাতীয় কমিশনার ও আঞ্চলিক কমিশনার কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দ্বারা তিন বছরের জন্য।

৬) **জেলা কমিশনার ঃ** অঞ্চল বিশেষের ব্যতিক্রমসহ জেলা স্কাউটস কাউন্সিলের ত্রৈবার্ষিক সাধারণ সভার সুপারিশক্রমে আঞ্চলিক কমিশনার ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা তিন বছরের জন্য।

৭। **সহকারী জেলা কমিশনার ঃ** অঞ্চল বিশেষের ব্যতিক্রমসহ জেলা কমিশনারের সুপারিশক্রমে জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা তিন বছরের জন্য।

৮। **উপজেলা/থানা কমিশনার ঃ** উপজেলা/থানা স্কাউটস কাউন্সিলর ত্রৈবার্ষিক সাধারণ সভার সুপারিশক্রমে জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা তিন বছরের জন্য।

৯। **সহকারী উপজেলা/ থানা কমিশনার ঃ** উপজেলা/ থানা কমিশনারের সুপারিশক্রমে জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা তিন বছরের জন্য।

১০) **জেলা কাব স্কাউট লিডার, জেলা স্কাউট লিডার ও জেলা রোভার স্কাউট লিডার ঃ** জেলা কমিশনারের সুপারিশক্রমে জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা তিন বছরের জন্য।

১১) **উপজেলা/ থানা কাব স্কাউট লিডার ও উপজেলা/ থানা স্কাউট লিডার ঃ** উপজেলা /থানা কমিশনারের সুপারিশক্রমে জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা তিন বছরের জন্য।

১২) **গ্রুপ স্কাউট লিডার ও ইউনিট লিডার ঃ** উপজেলা/থানা, জেলা কমিশনারের সুপারিশক্রমে জেলা কমিশনার ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষরিত সনদপত্র দ্বারা সন্তোষজনক কার্যকলাপ প্রদর্শন পর্যন্ত।

(খ) নির্ধারিত মেয়াদের মধ্যে সনদপত্রের অধিকারীকে পুনর্নিয়োগ অথবা পুনর্নির্বাচন করা না হলে পূর্ববর্তী মেয়াদের সনদপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) একই ব্যক্তি এক সঙ্গে একাধিক সনদপত্র অথবা সনদযোগ্য পদমর্যাদা গ্রহণ করতে পারবেন না।

(ঘ) সনদপত্র নবায়ন জাতীয় ও সংশ্লিষ্ট আঞ্চলিক সদর দফতরের এখতিয়ারাধীন।

(ঙ) জাতীয় ও আঞ্চলিক সদর দফতর থেকে প্রদত্ত সকল সনদপত্রের বিবরণসহ তালিকা সংরক্ষণ করতে হবে।

**২৩৮। সনদপত্রের সুপারিশ**

(ক) সনদপত্র প্রদানের সুপারিশকালে নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি দৃষ্টি রাখতে হবে ঃ

১) কমিশনার নিয়োগের ক্ষেত্রে প্রস্তাবিত ব্যক্তিদের চারিত্রিক অখন্ডতা ও স্কাউটিংয়ে তাঁদের অবদান।

২) গ্রুপ স্কাউটার, ইউনিট লিডার ও সহকারী ইউনিট লিডার নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর পূর্ব ইতিহাস ও চরিত্র সম্পর্কে গ্রুপ/ইউনিট কমিটি ও উপজেলা/ থানা, জেলা স্কাউটসের পূর্ণ সন্তুষ্টি।

খ) প্রস্তাবিত ব্যক্তির উপযুক্ততা সম্পর্কে সন্তুষ্ট হলে তাঁর মনোনয়নপত্রে উপজেলা/ থানা, জেলা স্কাউটসের সম্পাদক এবং উপজেলা/থানা, জেলা কমিশনারের স্বাক্ষর থাকতে হবে।

**২৩৯। কমিশনার পদের যোগ্যতা ঃ**

কমিশনার পদে নিয়োগের জন্য নিম্নরূপ যোগ্যতা থাকতে হবে ঃ

১) বাংলাদেশ স্কাউটসের 'গঠন ও নিয়ম' সম্পর্কে সম্যক জ্ঞান।

২) যে এলাকার জন্য নিয়োজিত সে এলাকায় বসবাসকারী বা সে এলাকায় কর্মরত।

৩) যে স্তরের দায়িত্বে নিয়োজিত সেই স্তরের সাংগঠনিক বিষয়াদি সম্পর্কে জ্ঞান।

৪) পূর্বে স্কাউট ট্রেনিংপ্রাপ্ত না হয়ে থাকলে নিয়োগ প্রাপ্তির এক বছরের মধ্যে কমিশনারের জন্য নির্ধারিত প্রশিক্ষণ কোর্স অথবা কোন বেসিক কোর্সে যোগদান। এক বছরের মধ্যে দু'বার ডাকার পরও যারা প্রশিক্ষণ নিতে ব্যর্থ হবেন তারা কমিশনার হিসেবে বহাল থাকার যোগ্যতা হারাবেন।

৫) কমিশনার পদে নিয়োগের সর্বোচ্চ বয়সসীমা হবে পঁয়ষট্টি বছর। তবে বিশেষ ক্ষেত্রে এ বয়সসীমা শিথিলযোগ্য।

**২৪০। সনদ প্রত্যাহার ঃ**

(ক) নিম্নবর্ণিত কারণে সনদ প্রত্যাহার করা যেতে পারে ঃ

১) নিয়োগের কার্যকারিতা না থাকলে;

২) মেয়াদ উত্তীর্ণ হলে;

৩) কার্য এলাকা ত্যাগ করলে;

৪) 'গঠন ও নিয়ম'-এর বিধান স্কাউট প্রতিজ্ঞা ও আইনের পরিপন্থী কাজ করলে;

৫) রেজিস্ট্রেশন ফি পরিশোধ না করলে;

৬) নৈতিকতা বিবর্জিত কাজে জড়িত হলে;

(খ) সনদ প্রত্যাহার পদ্ধতি ঃ
স্কাউটিংয়ের স্বার্থে মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই সনদপত্র প্রত্যাহারের প্রয়োজন হলে যাঁদের সুপারিশ ও স্বাক্ষরে সনদপত্র প্রদান করা হবে, তাঁদের সুপারিশ এবং স্বাক্ষরে তা করা যাবে। তবে কারো অস্কাউটসুলভ আচরণ, স্কাউট আইন, 'গঠন ও নিয়ম'-এর পরিপন্থী কাজের জন্য নিয়োগকারী উর্ধ্বতন কর্তৃপক্ষ নিজ সন্তুষ্টিক্রমে সরাসরি সনদপত্র প্রত্যাহার করতে পারবেন।

**২৪১। সনদ ফেরত**

(ক) জাতীয় সদর দফতর এবং আঞ্চলিক সদর দফতর কর্তৃক ইস্যুকৃত সনদপত্র ঐ দফতরের সম্পত্তি এবং সেগুলো ফেরতের আহবানমাত্র কোন প্রশ্ন উত্থাপন না করে সংশ্লিষ্ট ব্যক্তিকে তা সংশ্লিষ্ট সম্পাদকের নিকট ফেরত দিতে হবে।

(খ) সনদপত্রের অধিকারী স্বেচ্ছাপ্রণোদিতভাবে নিম্নলিখিত উপায়ে তা ফেরত দিতে পারবেন ঃ

১) লিখিতভাবে কারণ ব্যাখ্যা করে জাতীয় বা আঞ্চলিক কমিশনার, আঞ্চলিক উপ-কমিশনার, জেলা কমিশনারগণ সরাসরি জাতীয় সদর দফতরে এবং অন্যান্য কমিশনারগণ আঞ্চলিক সদর দফতরে তাঁদের সনদপত্র ফেরত দিতে পারবেন।

২) জেলা, উপজেলা/থানা ও গ্রুপ/ ইউনিট স্কাউটারগণ নিজ নিজ সনদ প্রদানকারী কর্তৃপক্ষের নিকট কারণ উল্লেখপূর্বক সনদপত্র ফেরত দিতে পারবেন। ঐ কর্তৃপক্ষ যথাযথ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে সেগুলো আঞ্চলিক সদর দফতরে পাঠাবেন।

(গ) উপজেলা/থানা, জেলা স্কাউটসের সম্পাদক কোন উপজেলা/ থানা, জেলা স্কাউটার বা গ্রুপ/ ইউনিট স্কাউটারের সনদপত্র আঞ্চলিক দফতরে ফেরত পাঠালে তৎসহ কারণ বিবৃত করবেন। সংশ্লিষ্ট ব্যক্তি সদস্য হিসেবে অথবা ছেলেমেয়েদের নেতৃত্ব প্রদানে অযোগ্য বিবেচিত হয়ে থাকলে বিস্তারিত বিবরণ অবশ্যই আঞ্চলিক সদর দফতরের মাধ্যমে জাতীয় সদর দফতরে

পাঠাতে হবে।

(ঘ) সনদপত্র সম্পর্কে কোন বিষয়ে উপজেলা/ থানা, জেলা স্কাউটস ও উপজেলা/ থানা জেলা কমিশনার একমত না হলে বিষয়টি আঞ্চলিক কমিশনারের গোচরে আনতে হবে। তাঁর বিবেচনায় সংশ্লিষ্ট ব্যক্তিকে অযোগ্য মনে হলে তিনি আঞ্চলিক সদর দফতরের মাধ্যমে জাতীয় সদর দফতরে একটি রিপোর্ট পেশ করবেন।

**২৪২। স্থান পরিবর্তন**

(ক) একজন স্কাউট লিডারের পদমর্যাদা পরিবর্তিত হলে অথবা তিনি অন্য কোন গ্রুপে/ইউনিট বা উপজেলা/থানা, জেলা স্কাউটসের অন্তর্ভুক্ত হলে তাঁর সনদপত্র বাতিল হয়ে যাবে এবং তা ফেরত দিতে হবে। নতুন স্থান ও পদমর্যাদায় তাঁকে যথানিয়মে নতুন সনদপত্রের জন্য আবেদন করতে হবে।

(খ) কোন স্কাউট লিডার পূর্ববর্তী এলাকা পরিত্যাগ করলে তাঁর পরিবর্তিত নতুন ঠিকানা অবশ্যই উপজেলা/ থানা, জেলা স্কাউটসের সম্পাদককে জানাতে হবে যাতে তিনি যে এলাকায় যাচ্ছেন সেখানকার উপজেলা/ থানা, জেলা, কমিশনারকে ও আঞ্চলিক সদর দফতরকে তাঁর যাওয়ার খবর জানানো সম্ভব হয়।

**২৪৩। সদস্য পদ বাতিল**

(ক) নৈতিকতা বিরোধী এবং সন্দেহজনক চরিত্রের কোন লোক দৈবাৎ স্কাউটিংয়ে জড়িত হয়ে পড়লে তাকে স্কাউট সংগঠন থেকে অপসারণ করতে এবং তিনি যে স্তরের সদস্য সে স্তরের নির্বাহী কমিটি পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে তার সদস্যপদ বাতিল করবে।

(খ) যদি কোন স্কাউট/ স্কাউটার/ কমিটির সদস্য/ কর্মকর্তা অস্কাউটসুলভ আচরণ, স্কাউট প্রতিজ্ঞা ও আইন এবং 'গঠন ও নিয়ম'-এর পরিপন্থী কোন কাজ করে তাঁর নিজ স্তরের নির্বাহী কমিটি অথবা উর্ধ্বতন কর্তৃপক্ষ তাঁদের সন্তুষ্টি বিধানক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবে। তবে সংশ্লিষ্ট ব্যক্তি গৃহীত ব্যবস্থার বিরুদ্ধে পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আপিল দায়ের করতে পারবেন। আপীলের সময় সীমা হবে গৃহীত ব্যবস্থা গ্রহণ অথবা সিদ্ধান্ত প্রদানের তারিখ হতে ৯০ (নব্বই) দিন[৯]।

(গ) আপিলের সর্বোচ্চ পর্যায় জাতীয় নির্বাহী কমিটি। এ ক্ষেত্রে নির্বাহী কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঘ) যদি কোন সদস্য তাঁর নির্বাচিত/ দায়িত্বপ্রাপ্ত এলাকা ত্যাগ করেন তাহলে ঐ এলাকায় তাঁর সদস্যপদ বাতিল বলে গণ্য হবে[২]।

(ঙ) জাতীয়, অঞ্চল, জেলা (মেট্রোপলিটনসহ) বা উপজেলা / থানা পর্যায়ে সনদ/সম্মানীয় দায়িত্বপত্র দ্বারা অথবা সুপারিশকৃত বা নির্বাচিত পদে নিয়োগপ্রাপ্ত একই ব্যক্তি অন্য কোন পর্যায় অথবা স্তরের একাধিক সুপারিশকৃত/ নির্বাচিত পদে দায়িত্ব পালন করতে পারবেন না। তবে পদাধিকারবলে পারবেন। কোন ব্যক্তি পদাধিকার পদ ব্যতিত একাধিক পদে নির্বাচিত হলে তাঁকে যে কোন একটি পদ রেখে অন্যগুলোতে পদত্যাগ করতে হবে[৮]।

(চ) জাতীয়, অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে নির্বাচিত, সুপারিশকৃত ও মনোনীত পদসমূহে একই ব্যক্তি একই পদে/ একই বিভাগে একাধিকক্রমে তিন মেয়াদের বেশি নির্বাচিত/ সুপারিশকৃত/ মনোনীত হতে পারবেন না[৩]।

**২৪৪। লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনার**

(ক) স্কাউটারদের প্রশিক্ষণ দেয়ার জন্য লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনারদের নিয়ে বাংলাদেশ স্কাউটসের একটি ট্রেনিং টিম থাকবে।

(খ) লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনার নিয়োগ সম্পর্কিত দায়িত্ব জাতীয় সদর দফতরের। অঞ্চলের প্রয়োজনে আঞ্চলিক কমিশনারের প্রস্তাব মত যথাযথ প্রশিক্ষণপ্রাপ্ত প্রয়োজনীয় সংখ্যক লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনার সম্মানীয় দায়িত্বপত্র দ্বারা নিয়োগ করা যাবে।

(গ) লিডার ট্রেনার ও সহকারী লিডার ট্রেনার নিয়োগের আবদেনপত্রে আঞ্চলিক উপ-কমিশনার (প্রশিক্ষণ) ও আঞ্চলিক কমিশনারের স্বাক্ষর থাকতে হবে।

(ঘ) জাতীয় কমিশনার (প্রশিক্ষণ) ও প্রধান জাতীয় কমিশনারের স্বাক্ষরিত সম্মানীয় দায়িত্বপত্র দ্বারা তিন বছরের জন্য নিযুক্ত হবেন।

(ঙ) শিক্ষাগত যোগ্যতা স্নাতক বা সমমানের হতে হবে[২]।

(চ) ট্রেনিং টিমের সদস্যদের সম্মানীয় দায়িত্বপত্র পঁয়ষট্টি বছর পর্যন্ত নবায়ন করা যাবে[২] তবে বিশেষ ক্ষেত্রে এ বয়সসীমা শিথিলযোগ্য[৩]।

(ছ) **লিডার ট্রেনার পদে নিয়োগের যোগ্যতা ঃ**

নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের লিডার ট্রেনার পদে নিয়োগ করা যাবেঃ

১) স্কাউটিং ও স্কাউট প্রশিক্ষণের মূলনীতি, আদর্শ, লক্ষ্য ও পদ্ধতি সম্পর্কে পূর্ণজ্ঞান এবং সংগঠন ও প্রোগ্রামের বিষয়ে অভিজ্ঞতা।

২) স্কাউটারদের প্রশিক্ষণ দেয়ার জন্য সময় ব্যয় করার মানসিক প্রস্তুতি।

৩) সহকারী লিডার ট্রেনার হিসেবে অন্ততঃ দু'বছরের সন্তোষজনক কর্মতৎপরতা।

৪) লিডার ট্রেনার কোর্সে যোগদান ও সফলতা অর্জন।

৫) লিডার ট্রেনার পদে নিয়োগ কার্যকর রাখার জন্য বছরে স্বাধীনভাবে অন্তত ঃ একটি ইউনিট লিডার বেসিক কোর্স পরিচালনা অথবা একটি ইউনিট লিডার অ্যাডভান্সড কোর্স পরিচালনায় সার্বক্ষণিক প্রশিক্ষক হিসেবে কাজ করার অভিজ্ঞতা।

**(জ) সহকারী লিডার ট্রেনার পদে নিয়োগের যোগ্যতা ঃ**

নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের সহকারী লিডার ট্রেনার পদে নিয়োগ করা যাবে ঃ

১) স্কাউটিং ও স্কাউট প্রশিক্ষণের মূলনীতি, আদর্শ, লক্ষ্য ও পদ্ধতি সম্পর্কে জ্ঞান।

২) স্কাউটারদের প্রশিক্ষণ দেয়ার মত অবসর সময় ব্যয় করার মানসিক প্রস্তুতি।

৩) স্বাধীনভাবে অনন্তঃ একটি বেসিক ট্রেনিং কোর্স পরিচালনায় সার্বক্ষণিক সহকারী হিসেবে কাজ করার অভিজ্ঞতা।

৪) সহকারী লিডার ট্রেনার কোর্সে যোগদান ও সফলতা অর্জন।

৫) একজন গঠনমূলক স্কাউটার হিসেবে উত্তম অভিজ্ঞতা।

৬) সহকারী লিডার ট্রেনার পদে নিয়োগ কার্যকর রাখার জন্য স্বাধীনভাবে অন্তত ঃ একটি ইউনিট লিডার বেসিক কোর্স পরিচালনা অথবা একটি ইউনিট লিডার অ্যাডভান্সড কোর্স পরিচালনায় সার্বক্ষণিক সহকারী হিসেবে কাজ করার অভিজ্ঞতা।

২৪৫। বীড

(ক) লিডার ট্রেনারগণ তাঁদের পদমর্যাদার চিহ্ন হিসেবে সাধারণ উডব্যাজ বীডের অতিরিক্ত আরো দু'টি বীড এবং সহকারী লিডার ট্রেনারগণ একটি অতিরিক্ত বীড পরবেন।

(খ) সম্মানীয় দায়িত্বপত্র এবং অতিরিক্ত বীডগুলো জাতীয় সদর দফতরের সম্পত্তি। কোন নিয়োগ বাতিল হলে অথবা মেয়াদ শেষ হয়ে গেলে অথবা জাতীয় সদর দফতর কর্তৃক ফেরত চাওয়া হলে সেগুলো অবিলম্বে জাতীয় সদর দফতরে ফেরত পাঠাতে হবে।

**২৪৬। ট্রেনিং পরিচালনা**

(ক) বিভিন্ন শাখার স্কাউটার তৈরির জন্য সকল প্রকার বেসিক কোর্স, অ্যাডভান্সড কোর্স যথাক্রমে স্ব-স্ব শাখায় নিয়োজিত সহকারী লিডার ট্রেনার ও লিডার ট্রেনারগণ পরিচালনা করবেন।

(খ) বাংলাদেশ স্কাউটসের ট্রেনিং ম্যানুয়েলের বিধি অনুযায়ী সকল প্রকার প্রশিক্ষণ কোর্স পরিচালিত হবে[২]।

(গ) প্রশিক্ষণ উপকমিটির সুপারিশক্রমে নির্বাহী কমিটির অনুমোদন ক্রমে চাহিদার ভিত্তিতে যুগোপযোগী ট্রেনিং ম্যানুয়েলের পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা সংশোধন করা যাবে[৫]।

**২৪৭। সংশোধনী**

(ক) 'গঠন ও নিয়ম'-এর কোন ধারা, উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন অথবা সংশোধনের প্রয়োজন হলে জাতীয় কাউন্সিলের বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সদস্যের দুই-তৃতীয়াংশের সম্মতিতে তা করা যাবে।

(খ) 'গঠন ও নিয়ম'-এর কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা জাতীয় নির্বাহী কমিটির বিবেচনার জন্য প্রতি বছর ৩০ জুনের মধ্যে জাতীয় সদরদফতরে প্রেরণ করতে হবে। প্রস্তাবটি নির্বাহী কমিটির মতামতসহ পরবর্তী জাতীয় কাউন্সিলের সাধারণ সভায় উপস্থাপিত হবে।

২৪৮। **ক) নির্বাচনের যোগ্যতা ঃ** জাতীয় পর্যায়, অঞ্চল পর্যায়, জেলা পর্যায় এবং উপজেলা/ থানা পর্যায়ে কাউন্সিলে ভোটাধিকারের মাধ্যমে নির্বাচিত বা সুপারিশকৃত পদের জন্য নির্বাচনে অংশগ্রহণ করতে হলে অথবা মনোনয়ন দিতে হলে ঐ সকল পদের আগ্রহী প্রার্থীকে স্ব-স্ব পর্যায়ে অবশ্যই চলতি বৎসরের জন্য কাউন্সিলর হতে হবে। জাতীয়, অঞ্চল, জেলা বা উপজেলা/ থানা পর্যায়ের নির্বাচনে কাউন্সিলর ব্যতীত কোন মনোনয়ন বৈধ বলে বিবেচিত হবে না।

খ) **নির্বাহী পদ ঃ** জাতীয়, অঞ্চল, জেলা বা উজেলা/ থানা পর্যায়ে সনদ দ্বারা নিয়োগপ্রাপ্ত, নির্বাচনের মাধ্যমে দায়িত্বপ্রাপ্ত, পদাধিকারবলে ক্ষমতাপ্রাপ্ত এবং জাতীয় সদর দফতর কর্তৃক সার্বক্ষণিকভাবে নিয়োগপ্রাপ্তগণ স্ব-স্ব ক্ষেত্রে বাংলাদেশ স্কাউটস এর নির্বাহী কর্মকর্তা হিসেবে বিবেচিত হবেন।

২৪৯। বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন নামে বাংলাদেশ স্কাউটসের একটি ফাউন্ডেশন থাকবে। উক্ত ফাউন্ডেশনের সকল কার্যক্রম বাংলাদেশ স্কাউটস ফাউন্ডেশন নীতিমালা ২০০৯ অনুযায়ী পরিচালিত হবে।

# পরিশিষ্ট – ক

## ফরমস

ফরম ক – উপজেলা/ থানা জেলা স্কাউটস রেজিষ্ট্রেশন ফরম

ফরম খ – স্কাউট দল রেজিষ্ট্রেশন ফরম

ফরম ঙ – উপজেলা/ থানা, জেলা ও গ্রুপ স্কাউটার নিয়োগের আবেদন ফরম

ফরম চ – ভর্তির আবেদন ফরম

ফরম জ – বিশেষ পারদর্শিতা ব্যাজ সার্টিফিকেট ফরম

ফরম ট – বার্ষিক পরিসংখ্যান প্রেরণ ফরম

ফরম ঠ – সাহসিকতা পুরস্কারের আবেদন ফরম

ফরম ড – কৃতিত্বপূর্ণ কার্য সম্পাদন পুরস্কারের জন্য আবেদন ফরম

ফরম ণ – দীর্ঘ সেবা অ্যাওয়ার্ডের জন্য আবেদন ফরম

ফরম ত – রৌপ্য ইলিশ অ্যাওয়ার্ডের আবেদন ফরম


ফরম থ – রোপী ব্যাঘ্র অ্যাওয়ার্ডের আবেদন ফরম


ফরম দ – তাঁবুবাসের বিজ্ঞপ্তি প্রচার ফরম

ফরম ঢ – উত্তম সেবা অ্যাওয়ার্ডের জন্য আবেদন ফরম

## পরিশিষ্ট- 'খ'

### সংগঠন নকশা





জেলা নির্বাহী কমিটি
উপজেলা স্কাউটস
উপজেলা স্কাউটস কাউন্সিল
উপজেলা নির্বাহী কমিটি
স্কাউট গ্রুপ
গ্রুপ কাউন্সিল
গ্রুপ কমিটি
গ্রুপ স্কাউটারস কাউন্সিল
কাব স্কাউট দল
কাব স্কাউট নেতা
সহকারী কাব স্কাউট নেতা
ষষ্ঠক নেতা পরিষদ
ষষ্ঠকসমূহ
ষষ্ঠক নেতা
সহকারী ষষ্ঠক নেতা
কাব স্কাউট
স্কাউট দল
স্কাউট নেতা
সহকারী স্কাউট নেতা
উপদল নেতা পরিষদ
উপদলসমূহ
উপদল নেতা
সহকারী উপদল নেতা
স্কাউট
রোভার স্কাউট দল
রোভার স্কাউট নেতা
সহকারী রোভার স্কাউট নেতা
রোভার স্কাউট দল পরিষদ
উপদলসমূহ
রোভার মেট
সহকারী রোভার মেট
রোভার স্কাউট

# পরিশিষ্ট – ঘ

## গঠন ও নিয়ম এর বিভিন্ন ধারা উপধারা সংশোধনী প্রসঙ্গে

১ = জাতীয় কাউন্সিলের ২৪তম সাধারণ সভায় অনুমোদিত

২ = জাতীয় কাউন্সিলের ২৬তম সাধারণ সভায় অনুমোদিত

৩ = জাতীয় কাউন্সিলের ২৯তম সাধারণ সভায় অনুমোদিত

৪ = জাতীয় কাউন্সিলের ৩৪তম সাধারণ সভায় অনুমোদিত

৫ = জাতীয় কাউন্সিলের ৩৫তম সাধারণ সভায় অনুমোদিত

* = জাতীয় কাউন্সিলের ৩৮তম সাধারণ সভায় অনুমোদিত

৬ = জাতীয় কাউন্সিলের ৩৯তম সাধারণ সভায় অনুমোদিত

৭ = জাতীয় কাউন্সিলের ৪০তম সাধারণ সভায় অনুমোদিত

৮ =জাতীয় কাউন্সিলের ৪২তম সাধারণ সভায় অনুমোদিত

৯ =জাতীয় কাউন্সিলের ৪৫তম সাধারণ সভায় অনুমোদিত

১০ =জাতীয় কাউন্সিলের ৪৬তম সাধারণ সভায় অনুমোদিত